৩০ ধারা। ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইন অনুসারে পূর্ব্বোক্ত কমিশ্যনরদের ও মাজিষ্ট্রেট সাহেবের মুনিসিপলটাক্স আদায় করিবার যেং ক্ষমতা আছে, এই আইনমতে যে ফী ধার্য্য হয় আপনাদের মুনিসিপালিটীর বা নগরের বা গ্রামসমাহারের সীমার মধ্যে তাহাও আদায় করণার্থে তাঁহাদের সেইং ক্ষমতা থাকিবে। পঞ্চাশ টাকার অধিক প্রাপ্য হইয়া পূর্ব্বোক্ত বিধানমতে আদায় হইতে না পারিলে, পূর্ব্বোক্ত কমিশ্যনরেরা কিম্বা মাজিষ্ট্রেট সাহেব কালেক্-

মুনিসিপালিটীতে আদায় করিবার ক্ষমতার কথা।

sioners or Magistrate aforesaid to the Collector and the Collector shall thereupon proceed to recover it as an arrear of land revenue. The said Commissioners or Magistrate may also appropriate any part of the revenues of their municipality, station, or union for the payment of any sum leviable from it under section 28; and if the sum so leviable is not paid at due date, the local Government may order it or any part of it to be deducted from any funds standing to the credit of the municipality, station, or union in any Government treasury.

টর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব বাকী রাজস্বের ন্যায় তাহা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। কোন মুনিসিপালিটী কি নগর কি গ্রামসমাহারহইতে ২৮ ধারামতে যে টাকা আদায় হইতে পারে, পূর্ব্বোক্ত কমিশ্যনরেরা বা মাজিষ্ট্রেট সাহেব তাহা দিবার জন্যে ঐ মুনিসিপালিটী প্রভৃতির আয়ের কোন অংশ প্রয়োগ করিতে পারিবেন। ও তদ্রূপ যে টাকা আদায় হইতে পারে তাহা নির্দ্ধারিত তারিখে না দেওয়া গেলে, গবর্ণমেণ্টের কোন খাজানাখানায় ঐ মুনিসিপালিটীর কি নগরের কি গ্রামসমাহারের নামে যে টাকা জমা থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহাহইতে পূর্ব্বোক্ত টাকা কি তাহার কোন অংশ লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Exemption of licensees from house cess under Road Cess and Public Works Acts.

31. No person who pays fees under this Act shall, so long as he continues to pay the same, be liable to pay any instalment of road cess or public works cess on his house under Part IV of Bengal Act X of 1871, or section 7 of Bengal Act II of 1877, falling due after the first day of April 1878.

যাঁহারা লাইসেন্স প্রাপ্ত হন পথকর কিম্বা সাধারণের উপকারার্থ কার্য্য হেতুক কর বিষয়ক আইনমতে তাঁহাদের ঘরের উপর টাক্সহইতে মুক্ত হওয়ার কথা।

৩১ ধারা। যে কোন ব্যক্তি এই আইনমতে ফী দেন, তিনি যত দিন তাহা দিতে থাকেন, তত দিন ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের চতুর্থ খণ্ডমতে বা ১৮৭৭ সালের বঙ্গীয় ২ আইনের ৭ ধারামতে তাঁহার ঘরের উপর পথকরের কি সাধারণের উপকারার্থ কার্য্য হেতুক করের কোন কিস্তি ১৮৭৮ সালের আপ্রিল মাসের প্রথম দিনের পর বাকী পড়িলে তিনি তাহার দায়ী হইবেন না ইতি।

Powers of Collector under Act may be exercised by other officers.

32. All or any of the powers and duties conferred and imposed by this Act on a Collector may, subject to the orders of the Collector of the district, be exercised and performed by any Assistant or Deputy Collector, or by such other officer as the local Government shall from time to time appoint in this behalf.

এই আইনমতে কালেক্টর সাহেবের যে ক্ষমতা আছে অন্য কার্য্যকারকদের সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবার কথা।

৩২ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের প্রতি যেং ক্ষমতার্পণ করা গেল ও তাঁহার যেং কর্ম্ম নির্দ্ধারিত হইল, জিলার কালেক্টর সাহেবের আজ্ঞাধীনে কোন আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টর, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এই কার্য্যপক্ষে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই সকল বা তন্মধ্যে কোনং ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

PART IV.

Special Provisions for the Town of Calcutta.

৪ চতুর্থ খণ্ড।

কলিকাতা নগর বিষয়ক বিশেষ বিধান।

Special scale of fees in Calcutta.

33. From every person who shall within the town of Calcutta exercise any of the trades, dealings, industries, or callings included in the classes specified in Schedule B hereto annexed, the Commissioners shall levy the fees shown in the said Schedule, and shall pay to the local Government annually a sum to be fixed by such Government and calculated on the proceeds of such fees. For the purposes of this Part, any person working or carrying on business in Calcutta shall be deemed to be a resident of Calcutta, and the Town of Calcutta shall be deemed to include all places within the local limits of the ordinary original jurisdiction of the High Court of Judicature of Fort William in Bengal, including Fort William itself, the river Hooghly within Port limits, the Esplanade, and Coolie Bazar now called Hastings.

কলিকাতায় ফীর বিশেষ ফর্দ্দের কথা।

৩৩ ধারা। কলিকাতা নগরের মধ্যে যে কোন ব্যক্তি এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যগত কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালান, কমিশ্যনরেরা তাঁহাদের প্রত্যেক জনের স্থানে ঐ তফসীলের নির্দ্ধারিত ফী আদায় করিয়া, ঐ ফীর দ্বারা উৎপন্ন টাকার উপর হিসাব করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যত টাকা নির্দ্ধার্য্য করেন, বৎসরং ঐ গবর্ণমেণ্টে তত টাকা দিবেন। এই খণ্ডের কার্য্যপক্ষে কোন ব্যক্তি কলিকাতায় কার্য্য করিলে কি কর্ম্ম চালাইলে, তাঁহাকে কলিকাতা নিবাসি বলিয়া জ্ঞান হইবে। ও বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আদৌ মোকদ্দমার বিচার করিবার সাধারণ ক্ষমতা যে সীমার মধ্যে প্রচলিত আছে, ফোর্ট উলিয়ম কিল্লা, ও বন্দরের সীমার অন্তর্গত হুগলী নদী, ও এস্প্লানেড, ও হেষ্টিংস নামে খ্যাত কুলী বাজার সুদ্ধ সেই সীমার অন্তর্গত সকল স্থান কলিকাতা নগরের অন্তর্গত বলিয়া জ্ঞান হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

34. The provisions of sections 10, 11, 12, 13, 14, 15, 16, 17, 20, 21, 23, 24, 25 and 26, of this Act shall be in force in the Town of Calcutta, and all the powers of a Collector under the said sections shall be exercised by the Chairman of the Commissioners, or by some person or persons authorized by him in that behalf.

Procedure in Calcutta.

35. On the presentation of a petition of objection under section 17, the Chairman may either himself dispose of it, or may refer it for disposal to a bench of not less than three Commissioners. It shall be open to the Chairman or to any such bench to reduce the amount of fee payable by any person under the said Schedule B to the fee payable under any lower class or grade of that schedule, on its being shown to his or their satisfaction that the fee charged exceeds two per cent. upon the annual earnings of such petitioner in his trade, dealing, or industry carried on within the limits of the said Town of Calcutta; and the Chairman shall amend the list published under section 15 in accordance with the orders passed upon such petition.

Petition of objection.

There shall be no appeal from any order passed under this section.

36. The Commissioners shall have the same powers for the recovery of all sums due under this Part that they have for the realization of municipal rates under Bengal Act IV of 1876.

Recovery of sums due under this Part.

PART V.

Miscellaneous.

37. From the nett amount of all fees and penalties paid or recovered under this Act other than those credited to Municipal, Station, or Union Funds under section 29, after deducting the expense of collection, so much as the Governor-General in Council from time to time directs shall be applied in such manner as the Governor-General in Council thinks fit, for the purpose of increasing the revenues available for defraying expenditure incurred or to be incurred for the relief and prevention of famine in the territories administered by the local Government, or, if the Governor-General in Council so directs, in any other part of British India.

Disposal of fees and penalties.

The residue (if any) of such nett amount shall be carried to the credit of the local Government.

[*Government Gazette, 12th February* 1878.]

৩৪ ধারা। এই আইনের ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ২০, ২১, ২৩, ২৪, ২৫ ও ২৬ ধারার বিধান কলিকাতা নগরে প্রচলিত হইবে, ও উক্ত নানা ধারামতে কালেক্টর সাহেবের যে২ ক্ষমতা আছে, কমিশ্যনরদের সভাপতি সাহেব কিম্বা এতৎকার্য্যপক্ষে তাঁহাহইতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি কি ব্যক্তিরা সেই২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

কলিকাতায় কার্য্যপ্রণালীর কথা।

৩৫ ধারা। ১৭ ধারামতে আপত্তির দরখাস্ত উপস্থিত করা গেলে, সভাপতি সাহেব আপনি তাহা নিষ্পত্তি করিতে কিম্বা নিষ্পত্তি করণার্থে তিন জন কমিশ্যনরের বেঞ্চে তাহা অর্পণ করিতে পারিবেন। কিন্তু উক্ত কলিকাতা নগরের সীমার মধ্যে দরখাস্তকারির ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্মদ্বারা বৎসর যত লভ্য হয়, B তফসীলমতে ঐ লভ্যের উপর শতকরা ২২ দুই টাকার অধিক ফী ধার্য্য হইল, এই কথা সভাপতির বা কমিশ্যনরদের হৃদ্বোধমতে দেখাইতে পারিলে, তিনি বা ঐ কমিশ্যনরদের বেঞ্চ তাঁহার ফী কমাইয়া ঐ তফসীলের নিম্ন কোন শ্রেণী কি সম্প্রদায়মতে ধার্য্য করিতে পারিবেন। ও সভাপতি সাহেব ঐ দরখাস্তের উপর উক্ত আজ্ঞানুসারে ১৫ ধারামতে প্রকাশিত নির্ঘণ্টপত্র সংশোধন করিবেন।

আপত্তির দরখাস্তের কথা।

এই ধারামতে যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীল নাই ইতি।

৩৬ ধারা। ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনমতে মুনিসিপল টাক্স আদায় করণার্থে কমিশ্যনরদের যে২ ক্ষমতা আছে, এই খণ্ডমতে বাকী টাকা আদায় করণার্থে তাঁহাদের সেই২ ক্ষমতা থাকিবে ইতি।

এই খণ্ডমতে বাকী টাকা আদায়ের কথা।

৫ পঞ্চম খণ্ড।

বিবিধ বিধি।

৩৭ ধারা। মুনিসিপল বা নগর বা গ্রামসমাহারের তহবীলে ২৯ ধারামতে যাহা জমা করিয়া লওয়া যায় তদ্ভিন্ন এই আইনক্রমে যত ফী কি দণ্ডের টাকা দেওয়া যায় বা আদায় করা যায়, তাহা আদায় করিবার খরচ বাদে অবশিষ্ট টাকার মধ্যে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ যত টাকা নিরূপণ করেন, তত টাকা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যেরূপে আজ্ঞা করেন সেইরূপে, স্থানীয় গবর্ণমেণ্টের শাসিত দেশে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব আজ্ঞা করিলে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য কোন দেশে, দুর্ভিক্ষপ্রপীড়িত ব্যক্তিদের উপকারার্থ ও দুর্ভিক্ষ নিবারণার্থ রাজস্ব বৃদ্ধি করণে প্রয়োগ করা যাইবে,

ফী ও দণ্ডের টাকাযদ্রূপে প্রয়োগ হইবে তদ্বিষয়ক কথা।

ঐ নিট টাকার অবশিষ্ট থাকিলে স্থানীয় গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

38. Every person shall be legally bound to furnish information to any officer or person exercising any of the powers of a Collector under this Act when required by him to do so.

Obligation to furnish information.

39. The local Government may from time to time (*a*) exempt from the operation of this Act any portion of the territories subject to such Government, or any persons or class of persons in such territories, and may (*b*) make rules consistent with this Act—

Power to exempt and make rules.

(1) for defining more precisely the classes of persons liable under this Act;

(2) for regulating the time and manner of collecting the fees charged under this Act;

(3) for modifying the fees chargeable to members of the same family when living and working together;

(4) for providing in any case or class of cases for serving notices on persons charged under this Act; and

(5) generally for the guidance of officers in all matters connected with the enforcement of this Act.

SCHEDULE A.

Fees for Licenses applicable throughout the Territories subject to the Lieutenant-Governor of Bengal with the exception of the Town of Calcutta.

Class I.—Every joint-stock company and every large merchant, banker, wholesale dealer or commission agent, large manufacturer, professional money-lender, shipowner, mill or screw-owner. } First Grade, Rs. 500. Second Grade, Rs. 200.

	Rs.
Class II.—Every person engaged in trade or commerce, who shall be adjudged by the Collector to be a licensee of this class ...	100
Class III.—Every person engaged in trade or commerce who shall be adjudged by the Collector to be a licensee of this class ...	50

৩৮ ধারা। এই আইনমতে যে কোন কার্য্যকারক বা যে ব্যক্তি কালেক্টরের কোন ক্ষমতাক্রমে কার্য্য করেন, তিনি কোন ব্যক্তির স্থানে কোন সন্ধান জানিতে চাহিলে, সেই ব্যক্তি আইনমতে সেই সন্ধান জানাইতে বদ্ধ হইবে ইতি।

সন্ধান জানাইতে হইবার কথা।

৩৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ (ক) ঐ গবর্ণমেণ্টের শাসিত দেশের কোন অংশ, কিম্বা উক্ত দেশের অন্তর্গত কোন লোকদিগকে বা কোন শ্রেণীর লোককে এই আইনের বিধানহইতে মুক্ত করিতে ও (খ) এই আইনের সঙ্গতমতে নিম্নলিখিত কোন বিষয়ের বিধি করিতে পারিবেন।

মুক্ত করিবার ও বিধি করিবার ক্ষমতার কথা।

(১) এই আইনমতে যাঁহারা ফী দিবার যোগ্য হন তাঁহাদের শ্রেণী আরো নিশ্চিতমতে নিরূপণ করিবার বিধি।

(২) এই আইনমতে যে ফী ধার্য্য হয় তাহা আদায় করিবার সময়ের ও নিয়মের বিধি।

(৩) একি পরিবারের লোকেরা একত্র থাকিয়া কর্ম্ম করিলে তাঁহাদের ফী লাঘব করিবার বিধি।

(৪) স্থলবিশেষে কি শ্রেণীবিশেষের স্থলে এই আইনমতে ফী দিবার যোগ্য ব্যক্তিদের নামে নোটিস দিবার বিধি।

(৫) এই আইন প্রবল করণ সম্পর্কীয় সকল বিষয়ে কার্য্যকারকদের কার্য্যপদ্ধতি দেখাইবার বিধি ইতি।

A তফসীল।

কলিকাতা নগরভিন্ন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত তাবদ্দেশে ব্যবসায় ও কারবার ও শিল্পকর্ম্মের লাইসেন্সের ফীর ফর্দ্দ।

	টাকা।
১ প্রথম শ্রেণী।—প্রত্যেক জাইণ্ট ষ্টাক কোম্পানি, ও বড়২ প্রত্যেক সওদাগর, ও ব্যাঙ্কর, ও থোকে ব্যবসায়ী বা কমিশ্যন এজেণ্ট ও বহু দ্রব্য নির্ম্মাতা ও টাকা কর্জ্জ দেওনের ব্যবসায়ী ও জাহাজের স্বামী ও কলের কি ইসক্রুর স্বামী	প্রথম সম্প্রদায়ের ৫০০৲ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ২০০৲ টাকা
২ দ্বিতীয় শ্রেণী।—বাণিজ্য বা ব্যবসায়ে নিযুক্ত যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্স পাইবার যোগ্য বলিয়া বিচার করেন ...	১০০৲
৩ তৃতীয় শ্রেণী।—বাণিজ্য বা ব্যবসায়ে নিযুক্ত যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্স পাইবার যোগ্য বলিয়া বিচার করেন ...	৫০৲

Class IV.—Every person engaged in trade or commerce who shall be adjudged by the Collector to be a licensee of this class ... 20

Class V.—Every person carrying on any trade, dealing, or industry within any first class municipality, and not charged under any of the foregoing classes, and every other person who shall be adjudged by the Collector to be a licensee of this class 5

Class VI.—Every person carrying on any trade, dealing, or industry and not charged under any of the foregoing classes. — First Grade, Rs. 2. Second Grade, Rs. 1.

SCHEDULE B.

Fees for Licenses applicable only in the Town of Calcutta.

Class I.—Every joint stock company, every large merchant, banker, shroff, banian, wholesale trader, commission agent, builder, contractor, carrying company, owner or farmer of hauts and bazars, owner of cotton, jute, hide, or other screws, ship-owner, dock-owner, and owner of chowks, and every auctioneer. — First Grade, Rs. 500. Second Grade, Rs. 200.

Class II.—Every broker or dalal employed in the wholesale transfer or purchase of imports or exports, country produce, silk, or other merchandise; every broker or dealer in precious stones, houses, landed property, Government securities, shares, and bills-of- Rs.

৪ চতুর্থ শ্রেণী।—বাণিজ্য বা ব্যবসায়ে নিযুক্ত যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্স পাইবার যোগ্য বলিয়া বিচার করেন ... ২০৲

৫ পঞ্চম শ্রেণী।—প্রথম শ্রেণীর কোন মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত কোন শ্রেণীমতে ফী ধার্য্য হয় নাই এবং কালেক্টর সাহেব অন্য যে প্রত্যেক ব্যক্তিকে এই শ্রেণীর লাইসেন্স পাইবার যোগ্য বলিয়া বিচার করেন ... ৫৲

৬ ষষ্ঠ শ্রেণী।—কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া যে ব্যক্তির ফী পূর্ব্বোক্ত কোন শ্রেণীর মধ্যে ধরা যায় নাই — প্রথম সম্প্রদায়ের ২ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ১৲ টাকা

B তফসীল।

কেবল কলিকাতা নগরের মধ্যে ব্যবসায় ও কারবার ও শিল্পকর্ম্মের লাইসেন্সের ফীর ফর্দ্দ।

টাকা।

১ প্রথম শ্রেণী।—প্রত্যেক জাইণ্ট ষ্টাক কোম্পানি ও বড়২ প্রত্যেক সওদাগর, ও ব্যাঙ্কর ও পোদ্দার, ও বণিক, ও থোকে ব্যবসায়ী ও কমিশ্যন এজেণ্ট, ও গৃহনির্ম্মাতা ও কন্ট্রাক্টর, ও মাল বহনের কোম্পানি, ও হাটের ও বাজারের স্বামী কি ইজারদার, ও তুলার কি পাটের কি চর্ম্মের কি অন্য দ্রব্যের ইসক্রুর স্বামী, ও জাহাজের স্বামী, ও গুদির স্বামী, ও চকের স্বামী, ও প্রত্যেক নীলামকারক — প্রথম সম্প্রদায়ের ৫০০৲ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ২০০ টাকা

২ দ্বিতীয় শ্রেণী।—যে দালাল আমদানী কি রফ্তানী দ্রব্য কি দেশজাত দ্রব্য কি রেশমপ্রভৃতি বণিকদ্রব্য মোটে হস্তান্তর কি ক্রয়করণ কার্য্যে নিযুক্ত থাকেন তিনি, ও প্রত্যেক দালাল অর্থাৎ যাঁহারা মণিমুক্তাদি ও গৃহাদি ও ভূসম্পত্তি

exchange; every freight broker, every owner or lessee of a theatre or other place of public amusement, and every wholesale bepari. 100

Class III.—Every professional accountant, auditor, appraiser paid by fees, surveyor, owner of mill, and every person included in Class II of the third Schedule of Bengal Act IV of 1876, not charged under Class I above 50

Class IV.—Every manufacturer of aerated waters, dealer in gold or silver, or old building materials, every stevedore, and every person included in Class III of the third Schedule of Bengal Act IV of 1876 not charged under Class II above 25

Class V.—Every brazier, coppersmith, tinker, engraver, farrier, and every person included in Class IV of the third Schedule of Bengal Act IV of 1876 12

Class VI.—Every person carrying on any trade, dealing, or industry not charged under any of the foregoing classes. } First Grade, Rs. 5. Second Grade, Rs. 2. Third Grade, Re. 1.

FREDERICK CLARKE,
Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

ও কোম্পানির কাগজ ও শ্যার ও বিল অফ এক্সচেঞ্জ লইয়া ব্যবসায় করেন, কি জাহাজে মাল রফ্তানী করিবার ভাড়ার নিয়ম করেন এমত প্রত্যেক দালাল, ও নাট্যশালার কি সাধারণের আমোদার্থ অন্য স্থানের স্বামী কি পাট্টাদার ও থোকে ব্যাপারী ... ১০০

৩ তৃতীয় শ্রেণী।—যাঁহারা ফী দ্বারা বেতন পান এমত প্রত্যেক হিসাবনবীস ও ও আডিটর ও যাচনদার, ও সরবেয়র, ও কলঘরের স্বামী, ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের দ্বিতীয় শ্রেণীর মধ্যে গণ্য হইয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত প্রথম শ্রেণীমতে ফী ধার্য্য হয় নাই ... ৫০

৪ চতুর্থ শ্রেণী।—সোডাওয়াটর প্রভৃতি প্রস্তুতকারক, ও সোনা কি রূপা কি ঘর গাঁথিবার পুরাতন সরঞ্জামের ব্যবসায়ী, ও স্টেবিডোর, ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য হইয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত দ্বিতীয় শ্রেণীমতে ফী ধরা যায় নাই ২৫

৫ পঞ্চম শ্রেণী।—পিত্তলের ও তামার কর্ম্মকারী, ও তামাপ্রভৃতির পাত্র মেরামতকারী, ও খোদক ও নালবন্দ, ও যে প্রত্যেক ব্যক্তি ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের চতুর্থ শ্রেণীতে গণ্য ... ১২

৬ ষষ্ঠ শ্রেণী।—কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিলেও যে প্রত্যেক ব্যক্তির পূর্ব্বোক্ত কোন শ্রেণীমতে ফী ধার্য্য হয় নাই— } প্রথম সম্প্রদায়ের ৫৲ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ২৲ টাকা তৃতীয় সম্প্রদায়ের ১৲ টাকা

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 26, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ২৬ ফেব্রুয়ারি।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th February 1878, and was referred to a Select Committee who are to report thereon in one month :—

A Bill to consolidate the Law relating to the Excise Revenue in the Presidency of Fort William in Bengal.

Preamble.

WHEREAS it is expedient that the laws relating to the manufacture of spirits and the sale of spirituous and fermented liquors and intoxicating drugs, and the collection of the revenue derived therefrom, should be consolidated : It is enacted as follows :—

PART I.

Preliminary.

Short title.

1. This Act may be cited as "The Bengal Excise Law Consolidation Act, 1877 :"

[*Government Gazette, 26th February* 1878.]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল। তাঁহারা তদ্বিষয়ে এক মাসের মধ্যে রিপোর্ট করিবেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে আবকারী রাজস্ববিষয়ক আইন সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

মদিরা প্রস্তুত করণ এবং উগ্র ও গাঁজলা শরাব ও মাদকদ্রব্য বিক্রয় করণ ও তদ্দ্বারা উৎপন্ন রাজস্ব আদায় করণ বিষয়ক আইন সংগ্রহ করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ প্রথম খণ্ড।

পারিভাষিক।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। "বঙ্গদেশীয় আবকারী আইন সংগ্রহ করণার্থ ১৮৭৭ সালের আইন" নামে এই আইনের উল্লেখ হইতে পারিবে ইতি।

2 It shall come into force from such date as the Lieutenant-Governor may direct by notification in the *Calcutta Gazette*

Commencement.

3 The enactments specified in the second schedule to this Act are hereby repealed to the extent mentioned in the third column thereof

Enactments repealed

This repeal shall not revive any office, authority, or thing abolished by any such enactment, or affect the validity of anything done or suffered, or any right, title, obligation, or liability accrued before the commencement of this Act.

And all rules prescribed, appointments made, powers conferred, licenses granted, and notifications published under any such enactment, and all other rules (if any) now in force and relating to the matters hereinafter dealt with, shall (so far as they are consistent with this Act) be deemed to have been respectively prescribed made, conferred, granted, and published hereunder.

And all references made to any such enactment shall as far as may be practicable, be deemed to be made to this Act.

And all proceedings now pending, which may have been commenced under any such enactment, shall be deemed to be commenced under this Act.

4 In this Act—unless there be something repugnant in the subject or context—

Interpretation clause.

"Bengal Rum" means spirit manufactured in India at a distillery worked according to the English method.

"Bengal Rum"

"Board" means the Board of Revenue for the provinces for the time-being subject to the Lieutenant-Governor of Bengal.

"Board"

"Collector"

"Collector" includes

a Deputy Collector, or other Revenue officer in independent charge of a district,

a Superintendent of Excise Revenue,

any covenanted or uncovenanted officer to whom the Collector may make over, with the previous sanction of the Commissioner (as he is hereby empowered to do), any of his powers or duties under this Act.

[*Government Gazette, 26th February* 1878.]

২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে তারিখে আজ্ঞা করেন, এই আইন সেই তারিখঅবধি প্রচলিত হইবে ইতি।

প্রচলিত হওনের সময়ের কথা।

৩ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যেং আইন নির্দ্দিষ্ট হইল, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর উল্লেখ হইয়াছে তাহা তত দূর রহিত হইবে।

যেং আইন রহিত হইবে ত বষয়ের কথা।

রহিত হইলেও উক্ত কোন আইনদ্বারা যে পদ কি ক্ষমতা কি বিষয় উঠাইয়া দেওয়া গেল তাহা পুনঃস্থাপিত হইবে না, ও এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে যে কোন কার্য্য করা কি ভোগ করা গেল ও যে কোন স্বত্ব কি অধিকার কি কর্ত্তব্য কর্ম্ম কি দায় ঘটিল তাহার সিদ্ধতার ব্যতিক্রম হইবে না।

ও উক্ত কোন আইনদ্বারা যেং বিধি নির্দ্দিষ্ট হইল ও যেং নিয়োগ করা গেল ও যেং ক্ষমতা প্রদান করা গেল ও যেং লাইসেন্স দেওয়া গেল ও যেং জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল তাহা, এবং এই আইনে যেং বিষয়ের বিধান হইযাছে তৎসম্পর্কীয় অন্য যে সকল বিধি এইক্ষণে প্রবল আছে তাহা, এই আইনের সহিত যত দূর সঙ্গত হয় তত দূর, এই আইনমতে নির্দ্দিষ্ট হইল ও করা ও প্রদান করা ও দেওয় ও প্রকাশ করা গেল বলিয়া জ্ঞান হইবে।

ও উক্ত কোন আইনের উল্লেখ হইলে, তাহা যত দূর হইতে পারে তত দূর এই আইনের উল্লেখ বলিয়া জ্ঞান হইবে।

ও উক্ত কোন আইনমতে মোকদ্দমাঘটিত যে কার্য্য আরম্ভ হইয়া এইক্ষণে উপস্থিত থাকে, তাহা এই আইনমতে আরম্ভ করা গেল বলিয়া জ্ঞান হইবে ইতি।

৪ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাদ্বার, ভাবান্তর বোধ না হইলে এই আইনে,

অর্থ করণের ধারা।

ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে ভাটিখানার কার্য্য চলে "বাঙ্গাল রম" শব্দে এমত ভাটীখানায় ভারতবর্ষে চোয়ান মদিরা জানিতে হইবে।

"বাঙ্গাল রম।"

"বোর্ড" শব্দে যৎকালে যেং প্রদেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে সেইং প্রদেশের "রেবিনিউ বোর্ড" জানিতে হইবে।

"বোর্ড।"

"কালেকুটর" শব্দের মধ্যে—

"কালেকুটর।"

ডেপুটী কালেকুটর কিম্বা রাজস্বের অন্য যে কার্য্যকারক স্বাধীন ভাবে জিলার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হন তিনি, ও

আবাকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেন্ট গণ্য হন, এবং

কালেকুটর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক আপনার এই আইনমত কোন ক্ষমতা কি কর্ত্তব্য কর্ম্ম চিহ্নিত কি অচিহ্নিত কোন কার্য্যকারকের প্রতি অর্পণ করিতে এতৎক্রমে সক্ষম হইলেন। অর্পণ করিলে "কালেকুটর" শব্দে ঐ কার্য্যকারকও গণ্য।

"Commissioner." "Commissioner" means the Commissioner of a Revenue Division.

"Country spirit." "Country spirit" means any spirit made by the native process of distillation.

"Intoxicating drugs." "Intoxicating drugs" includes ganjah, bhang, churrus, and every preparation and admixture of the same.

"Local Government." "Local Government" means the Lieutenant-Governor of Bengal for the time-being, or the person acting in that capacity.

"Section" "Section" means a section of this Act.

"The Suburbs." "The Suburbs" means the Suburbs of Calcutta as defined by the Lieutenant-Governor by notification in the *Calcutta Gazette*.

"The Town" "The Town" means the Town of Calcutta, and includes all places within the local limits of the ordinary original civil jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal.

Extent of Parts of Act. **5.** Parts II and V apply to all the territories for the time-being subject to the Lieutenant-Governor of Bengal, including the Town of Calcutta; Part III applies to all such territories, other than the Town of Calcutta; Part IV, save as provided in sections 84 and 102, applies only to the Town of Calcutta.

PART II.

English Distilleries.

English distilleries not to be constructed or worked without license. **6.** It shall not be lawful for any person to construct or work a distillery after the manner in which distilleries are constructed and worked in England without a license under the signature of the Collector of the district in which such distillery is situated, or, in case the distillery is within twenty miles of Calcutta, or such other distance less than twenty miles as may from time to time be prescribed by the Local Government without a license under the signature of the Collector of Calcutta.

"কমিশ্যনর।" "কমিশ্যনর" শব্দে রাজস্ব সংক্রান্ত দেশখণ্ডের "কমিশ্যনর" সাহেবকে জানিতে হইবে।

"দেশীয় মদিরা।" এই দেশের চলিত নিয়মমতে যে মদিরা চোয়ান যায় "দেশীয় মদিরা" শব্দে তাহাই জানিতে হইবে।

"মাদকদ্রব্য।" "মাদক দ্রব্য" শব্দের মধ্যে গাঞ্জা, ভাঙ্গ, চরস, ও তাহা দিয়া প্রস্তুত ও মিশ্রিত সকল দ্রব্য গণ্য।

"স্থানীয় গবর্ণমেণ্ট।" যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবরনর হন কিম্বা ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করেন, "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"ধারা।" "ধারা" শব্দে এই আইনের ধারা জানিতে হইবে।

"শহরতলী।" শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কলিকাতার শহরতলী বলিয়া যে স্থান নিরূপণ করেন "শহরতলী" শব্দে সেই স্থান জানিতে হইবে।

"নগর।" "নগর" শব্দে কলিকাতা নগর জানিতে হইবে, ও বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট যে সীমার মধ্যে দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণের সাধারণ ক্ষমতাপন্ন হন, সেই সীমার অন্তর্গত সকল স্থান ঐ "নগর" শব্দের মধ্যে গণ্য ইতি।

এই আইনের নানা খণ্ডের ব্যাপকতার কথা। ৫ ধারা। যৎকালে যে প্রদেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে কলিকাতাসুদ্ধ সেই সকল প্রদেশে ২ দ্বিতীয় ও ৫ পঞ্চম খণ্ডের বিধান বর্ত্তে। তৃতীয় খণ্ড কলিকাতা নগরভিন্ন সেই সকল প্রদেশে বর্ত্তে। ও ৮৪ ও ১০২ ধারার বিধানের স্থলভিন্ন, ৪ চতুর্থ খণ্ড কেবল কলিকাতা নগরের প্রতি বর্ত্তে ইতি।

---

২ দ্বিতীয় খণ্ড।

ইঙ্গলণ্ডীয় নিয়মমত ভাটীখানাবিষয়ক বিধি।

লাইসেন্সবিনা ইঙ্গলণ্ডীয় নিয়মমত ভাটীখানা স্থাপন করিতে ও তাহার কার্য্য চালাইতে না হইবার কথা: ৬ ধারা। ইঙ্গলণ্ডে ভাটীখানা যেরূপে নির্ম্মাণ হইয়া থাকে ও তাহার কার্য্য যেরূপে চলে, কোন ব্যক্তি কোন জিলার মধ্যে তদ্রূপ ভাটীখানা স্থাপন করিতে চাহিলে, সেই জিলার কালেক্টর সাহেবের স্বাক্ষরিত লাইসেন্স না পাইলে, কিম্বা কলিকাতাহইতে বিশ মাইলের মধ্য, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং বিশ মাইলের কম যত দূর নির্দ্ধার্য্য করেন তাহার মধ্য কোন স্থানে ঐ ভাটীখানা স্থাপন করিতে চাহিলে কলিকাতার কালেক্টর সাহেবের স্বাক্ষরিত লাইসেন্স না পাইলে, তদ্রূপ ভাটীখানা প্রস্তুত করিতে কি তাহার কার্য্য চালাইতে পারিবেন না ইতি।

be fixed with the sanction of the Board, or regulated in such manner as the Board may prescribe; and such fee, tax, or duty shall be specified in the license, and shall be payable at such periods as the Board may direct.

Licensed retail vendors of country spirits to furnish security.

15. Every person taking out a license for the manufacture of country spirits, or for the retail sale of spirituous or fermented liquors or intoxicating drugs, shall execute a counterpart engagement in conformity with the tenor of the license, and shall give such security for the performance of his engagement, or make such deposit in lieu of security, as the Collector may require.

Duration and renewal of license.

16 Except in the case of licenses for the retail sale of unfermented taree, the term of which extends only to the period of the year when the fresh juice is in request, and unless otherwise specially authorized by the Board, a license for retail sale shall be granted for the term of one year and if continued to the holder thereof, shall be formally renewed from year to year. But it shall be incumbent on every person holding a license who may intend not to renew it to give notice of his intention to the Collector fifteen days previously to the expiration of the year; and if such notice be not given, and the license be not recalled by the Collector, the license held and engagement entered into by every such person shall remain in force as if the said license and engagement had been formally renewed.

Board to regulate form of license.

17. The Board shall have authority to regulate the form and conditions of all licenses granted under this Act.

License may be withheld or cancelled in certain cases.

18. The Collector may withhold or cancel any license granted under this Act if the tax or duty therein specified be not duly paid, or in case of a violation of any other condition thereof, or of the holder being convicted of a breach of the peace or any other criminal offence, and in such cases the holder shall not be entitled to a refund of any fee, tax, or duty payable under the license which he may have paid to the Collector in advance.

If the Collector desire to cancel a license for any cause other than those above specified, he shall give fifteen days' previous notice and remit

যে ফী কি টাক্স কি মাসুল ধার্য্য হয়, ঐ ব্যক্তি কালেক্‌টর সাহেবকে তাহা দিবেন। ঐ ফী কি টাক্স কি মাসুল ঐ লাইসেন্সে নির্দ্দিষ্ট থাকিবে, ও বোর্ডের সাহেবেরা যেং সময়ের আজ্ঞা করেন সেইং সময়ে দেওয়া যাইবে ইতি।

দেশীয় মদের লাইসেন্স প্রাপ্ত খুচরা বিক্রেতাদের জামিন দিতে হইবার কথা।

১৫ ধারা। কোন ব্যক্তি দেশীয় মদিরা চোয়াইবার, কিম্বা উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য খুচরা বিক্রয় করিবার লাইসেন্স গ্রহণ করিলে, তিনি সেই লাইসেন্সের মর্ম্মানুযায়ি কবুলিয়ৎ লিখিয়া দিবেন, ও কালেক্টর সাহেব তাঁহার করারমতে কর্ম্ম করিবার যে জামিন চাহেন তাহা দিবেন, কিম্বা জামিনের পরিবর্ত্তে যত টাকা আমানৎ করিতে বলেন করিবেন ইতি।

লাইসেন্স যত দিন প্রবল থাকিবে তাহার ও নূতন করিয়া লওনের কথা।

১৬ ধারা। বৎসরের যে সময়ে লোকেরা টাটকা তাড়ী খাইয়া থাকে, টাটকা তাড়ী বিক্রয় করিবার লাইসেন্সের মিয়াদ কেবল সেই সময়ের নিমিত্তে চলে। সেই স্থলভিন্ন ও বোর্ডের সাহেবেরা প্রকারান্তরের বিশেষ অনুমতি না দিলে, খুচরা বিক্রয়ের লাইসেন্স কেবল এক বৎসরের নিমিত্ত দেওয়া যাইবে, ও লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির সেই কার্য্য করিতে থাকিবার অনুমতি হইলে বৎসরং তাহা দাঁড়ামতে নূতন করিয়া লইতে হইবে। কিন্তু লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি তাহা নূতন করিয়া না লইবার মনস্থ করিলে, বৎসরের অবসানের পূর্ব্ব ১৫ পঞ্চদশ দিন থাকিতে কালেক্টর সাহেবকে তাঁহার সেই মনস্থের নোটিস দিতে হইবে। ঐ নোটিস না দেওয়া গেলে ও কালেক্টর সাহেব সেই লাইসেন্স রহিত না করিলে, উক্ত প্রত্যেক ব্যক্তির যে লাইসেন্স আছে ও তিনি যে কবুলিয়ৎ দিলেন তাহা দাঁড়ামতে নূতন করিয়া লওনের ও দেওনের ন্যায় প্রবল থাকিবে ইতি।

লাইসেন্স লিখিবার পাঠের বিধান বোর্ডের করিতে হইবার কথা।

১৭ ধারা। বোর্ডের সাহেবেরা এই আইনমতে দত্ত সকল লাইসেন্স লিখিবার পাঠের ও নিয়মের বিধান করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

কোনং স্থলে লাইসেন্স না দিবার বা বাতিল করিবার কথা।

১৮ ধারা। লাইসেন্সে যে টাক্স কি মাসুল নির্দ্দিষ্ট থাকে তাহা নিয়মমতে না দেওয়া গেলে, কিম্বা লাইসেন্সের অন্য কোন নিয়ম ভঙ্গ হইলে, কিম্বা লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির শান্তিভঙ্গ করণাপরাধ কি অন্য কোন ফৌজদারী অপরাধ নির্ণয় হইলে, কালেক্টর সাহেব এই আইনমতে লাইসেন্স না দিতে বা দেওয়া গেলে বাতিল করিতে পারিবেন। তদ্রূপ স্থলে ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি লাইসেন্সমতে কালেক্টর সাহেবকে অগ্রিম যে ফী কি টাক্স কি মাসুল দিয়া থাকেন তাহার কোন অংশ তাঁহার ফিরিয়া পাইবার অধিকার নাই।

কালেক্টর সাহেব পূর্ব্বোক্ত কারণভিন্ন কোন কারণে লাইসেন্স বাতিল করিতে চাহিলে, তিনি ১৫ পঞ্চদশ দিন থাকিতে নোটিস দিয়া পরের দিনের টাক্সের তুল্য টাকা

a sum equal to the tax for fifteen days, or, if notice be not given, shall make such further compensation for default of notice as the Commissioner or Board shall direct. In all such cases any fee, tax, or duty already paid in advance shall be refunded.

Any person selling by retail any spirituous or fermented liquors or intoxicating drugs above specified whilst such license is withheld, or after it is cancelled, shall be subject to all the penalties provided by Parts III and IV for the unlicensed sale of spirituous or fermented liquors or intoxicating drugs.

Surrender of license.

19. Any licensed retail vendor may surrender his license on giving fifteen days' previous notice to the Collector and paying a sum equal to the tax for fifteen days over and above the sum payable under the license.

Recovery of arrears of duty on license.

20. The Collector, after demand made in writing, may recover any arrears of tax or duty due on account of any license granted under this Act by distress and sale of the goods and chattels of the person from whom the same is due, or of his surety, or by the process described in Bengal Act VII of 1868.

PART III.—BENGAL.

Excise Administration.

Collectors to have charge of the Excise Revenue.

21. The collection of the revenue arising from the manufacture of spirits and the sale of spirits and spirituous and fermented liquors and intoxicating drugs shall be ordinarily under the charge of the Collectors, who shall perform the duties connected therewith under the control and direction of the Commissioners and of the Board. But the Government may appoint any other person to be Superintendent of Excise Revenue in any district or place; and any person so appointed shall exercise, in such district or place, all the powers and authority vested by this Part in the Collector, and such powers and authority shall cease to be exercised in such district or place by the Collector during the continuance of such appointment.

Local Government may appoint Commissioners of Excise.

22. The Local Government may also appoint a Commissioner or Commissioners for the control and direction of the officers having charge of the excise revenue in any district

ক্ষম করিবেন, কিম্বা নোটিস না দিলে তাঁহার নোটিস না দেওয়াতে যে হানি হয় কমিশ্যনর সাহেব কিম্বা বোর্ডের সাহেবেরা যত টাকার আজ্ঞা করেন তিনি হানিপূরণস্বরূপ আর তত টাকা দিবেন। তদ্রূপ সকল স্থলে যে ফী কি টাক্স কি মাসুল অগ্রিম দেওয়া গেল তাহা ফিরিয়া দেওয়া যাইবে।

ঐ লাইসেন্স না দেওয়া গেলে, কিম্বা তাহা বাতিল করা গেলে পর কোন ব্যক্তি পূর্ব্ব নির্দ্দিষ্ট কোন উগ্র কি গাঁজলা শরাব কি মাদক দ্রব্য খুচরা বিক্রয় করিলে, ৩ তৃতীয় ও ৪ চতুর্থ খণ্ডে লাইসেন্স বিনা উগ্র কি গাঁজলা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করণের যে২ দণ্ড নির্দ্ধারিত আছে, ঐ ব্যক্তির সেই২ দণ্ড হইতে পারিবে ইতি।

লাইসেন্স ফিরিয়া দিবার কথা।

১৯ ধারা। খুচরা বিক্রয়ের লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি ১৫ পঞ্চদশ দিন থাকিতে কালেক্টর সাহেবকে নোটিস দিয়া ও লাইসেন্স অনুসারে তাঁহার যত টাকা টাক্স দিতে হয় তদতিরিক্ত পনের দিনের টাক্সের তুল্য টাকা দিয়া, আপনার লাইসেন্স ফিরিয়া দিতে পারিবেন ইতি।

লাইসেন্সের উপর বাকী মাসুল আদায় করিবার কথা।

২০ ধারা। এই আইনমতে যে লাইসেন্স দেওয়া যায় তজ্জন্যে কোন টাক্স কি মাসুল বাকী থাকিলে, যাঁহার নিকটে পাওনা থাকে কালেক্টর সাহেব লিখিয়া দাওয়া করিলে পর তাঁহার কিম্বা তদীয় জামিনের মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া, কিম্বা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালীমতে ঐ বাকী আদায় করিতে পারিবেন ইতি।

---

৩ তৃতীয় খণ্ড।—বঙ্গদেশ।

আবকারী কার্য্যনিরূপণ বিষয়ক বিধি।

আবকারী রাজস্বের অধ্যক্ষতা ভার কালেক্টর সাহেবদের প্রতি বর্ত্তিবার কথা।

২১ ধারা। মদিরা প্রস্তুত করণ ও মদিরা ও উগ্র ও গাঁজলা শরাব ও মাদকদ্রব্য বিক্রয় করণ দ্বারা যে রাজস্ব উৎপন্ন হয়, তাহা আদায় করণের অধ্যক্ষতা কার্য্যের ভার সামান্যতঃ কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তিবে, তিনি কমিশ্যনর সাহেবের ও বোর্ডের সাহেবদের কর্ত্তৃত্ব ও আজ্ঞার অধীনে তৎসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিবেন। কিন্তু গবর্ণমেণ্ট কোন জিলায় কি স্থানে আবকারী রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টস্বরূপ অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। ও এই খণ্ডে কালেক্টর সাহেবের প্রতি যে শক্তি ও ক্ষমতা প্রদান করা গেল, তদ্রূপ নিযুক্ত ব্যক্তি সেই জিলায় কি স্থানে সেই সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিবেন, ও সেই নিয়োগ যত দিন প্রবল থাকে তত দিন কালেক্টর সাহেব ঐ জিলায় কি স্থানে সেই২ শক্তি ও ক্ষমতামতে আর কার্য্য করিবেন না ইতি।

আবকারী কমিশ্যনরদিগকে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত করিতে পারিবার কথা।

২২ ধারা। কোন এক কি কএক জিলায় যে কার্য্যকারকেরা আবকারী রাজস্বের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হন তাঁহাদের উপর কর্ত্তৃত্ব করণার্থে ও তাঁহাদিগকে

or districts; and when such appointment is made, the Commissioner of Excise shall exercise within such district or districts the powers and authority vested by this Part in Commissioners of Revenue, and the Revenue Commissioner shall cease to exercise such powers and authority in the said district or districts during the continuance of such appointment.

23. Collectors may appoint all such ministerial officers as are necessary for the collection of the excise revenue and for the prevention of smuggling, and the officers so appointed shall, in addition to their ordinary designations, be styled "Excise Officers."

Collectors may appoint excise officers.

24. Spirituous liquors passed from distilleries worked according to the English method, fermented liquors manufactured at a licensed brewery, and spirituous and fermented liquors imported either by land or by sea shall not be sold except under license from the Collector.

Spirituous and fermented liquors not to be sold without license.

25. Every person taking out a license for the wholesale vend of spirituous and fermented liquors as afore-said shall pay for every such license such sum as may from time to time be fixed with the sanction of the Board. The license shall be current only during the official year and in the district in which it is granted; but travelling merchants may obtain a general license, authorizing them to sell by wholesale in any district which they may visit in the course of their travel without taking out a fresh license for that district, under such rules and restrictions as may be from time to time prescribed by the Board.

Fee for wholesale license.

26. Every person taking out a license for the retail sale of spirituous and fermented liquors as aforesaid shall pay for every such license such fee, tax, or duty as may from time to time be fixed with the sanction of the Board, or a fee, tax, or duty adjusted or regulated in such manner and in accordance with such rules as the Board may prescribe; and such fee, tax, or duty shall be specified in the license, and shall be payable in advance or at such periods as the Board may direct. Any sale of spirituous or fermented liquors as aforesaid in less

Fee, tax or duty payable for retail license.

What to be held a retail sale.

আদেশ দেওনার্থে স্থানীয় গবর্ণমেণ্ট এক কি কএক জন কমিশ্যনরকেও নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপ ব্যক্তিদিগকে নিযুক্ত করা গেলে, এই খণ্ড রাজস্বের কমিশ্যনরদের প্রতি যেং শক্তি ও ক্ষমতা প্রদান করা গেল ঐ কি ঐং জিলার মধ্যে ঐ আবকারী কমিশ্যনর সেইং শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিবেন। ও সেই নিয়োগ যত দিন প্রবল থাকে তত দিন রাজস্বের কমিশানের সাহেব ঐ বা ঐং জিলায় সেইং শক্তি ও ক্ষমতামতে আর কার্য্য করিবেন না ইতি।

২৩ ধারা। আবকারী রাজস্ব আদায় করণার্থে ও মাসুল চুরি নিবারণার্থে যেং কার্য্যকারক আবশ্যক হয় কালেক্টর সাহেবেরা তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন। ও আপনং পদসম্পর্কীয় নামভিন্ন ঐ কার্য্যকারকদিগকে "আবকারী কার্য্যকারক" নামেও বলা যাইবে ইতি।

আবকারী কার্য্যকারকদিগকে কালেক্টর সাহেবদের নিযুক্ত করিবার কথা।

২৪ ধারা। ইঙ্গলণ্ডীয় নিয়মানুসারে যে ভাটিখানার কার্য্য চালান যায় তাহা হইতে যে উগ্র শরাব বাহির হয় ও যবসুরার লাইসেন্স প্রাপ্ত ভাটিখানায় যে গাঁজলা শরাব প্রস্তুত হয়, ও স্থলপথে কি সমুদ্রপথে যে উগ্র ও গাঁজলা শরাবের আমদানী হয়, কালেক্টর সাহেবের লাইসেন্স বিনা তাহা বিক্রয় হইতে পারিবে না ইতি।

লাইসেন্স বিনা উগ্র ও গাঁজলা শরাব বিক্রয় হইতে না পারিবার কথা।

২৫ ধারা। যাঁহারা পূর্ব্বোক্ত উগ্র ও গাঁজলা শরাব থোকে বিক্রয় করিবার লাইসেন্স লন, বোর্ডের অনুমতিক্রমে সময়েং যত টাকা নির্দ্ধার্য্য হয় তাঁহাদের ঐ প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত তত টাকা দিতে হইবে। রাজকীয় কার্য্য সম্পর্কীয় যে সালে যে জিলায় লাইসেন্স দেওয়া যায় কেবল সেই সালে ও সেই জিলায় প্রবল থাকিবে। যাঁহারা দেশেং ভ্রমণ করিয়া বাণিজ্য করেন, তাঁহারা ভ্রমণ করিতেং যেং জিলায় যান সেইং জিলার নিমিত্ত নূতনং লাইসেন্স না লইয়া, বোর্ডের সাহেবেরা সময়েং যেং বিধি ও যেং সীমা নির্দ্ধার্য্য করেন সেইং বিধি ও সেইং সীমানুসারে সেইং জিলায় থোকে বিক্রয় করিবার অনুমতিসূচক সাধারণ একি লাইসেন্স পাইতে পারিবেন ইতি।

থোকে বিক্রয়ের লাইসেন্স ফীর কথা।

২৬ ধারা। যাঁহারা পূর্ব্বোক্ত উগ্র ও গাঁজলা শরাবের খুচরা বিক্রয়ের লাইসেন্স লন, বোর্ডের অনুমতিক্রমে সময়েং যে ফী কি টাক্স কি মাসুল নির্দ্ধারিত হয়, কিম্বা বোর্ডের সাহেবেরা যে প্রকারে আজ্ঞা করেন ও যে বিধি নির্দ্ধার্য্য করেন সেই প্রকারে ও সেই বিধিমতে যে ফী কি টাক্স কি মাসুল নিরূপণ করা যায়, উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত ঐ ব্যক্তিদের সেই ফী কি টাক্স কি মাসুল দিতে হইবে। ঐ ফী কি টাক্স কি মাসুল ঐ লাইসেন্সে নির্দ্দিষ্ট থাকিবে, এবং তাহা অগ্রিম কিম্বা বোর্ডের সাহেবেরা যেং সময় নিরূপণ করেন সেইং সময়ান্তরে দেওয়া যাইবে। পূর্ব্বোক্ত উগ্র কি গাঁজলা শরাব

খুচরা বিক্রয় করিবার লাইসেন্সের নিমিত্ত যে ফী কি টাক্স কি মাসুল দিতে হইবে তদ্বিষয়ের কথা।

quantity than two imperial gallons or one dozen of reputed quart bottles shall be held to be a retail sale.

Country spirits, liquors, and drugs not to be manufactured or sold without license.

27. It shall not be lawful for any person to manufacture spirits after the native process, or such other spirituous or fermented liquors or intoxicating drugs as the Board, with the previous sanction of the Local Government, may specify, nor to sell such spirits, liquors, or drugs, or any preparation or admixture of the same, or to cultivate plants from which intoxicating drugs are produced, except under license from the Collector.

Taree to be held to be a fermented liquor.

28. All the provisions relating to the sale or possession of fermented liquors contained in the following sections of this Part shall be held applicable to the sale or possession of taree, whether in a fermented state or otherwise; and all taree both fresh and fermented shall be held to be included in the expression "fermented liquors" as used in the following sections of this Part.

Provided that the local Government may, on the report of the Board, pass an order suspending the operation of all the provisions relating to taree contained in this Part with respect to any district in which the consumption of taree in a fermented state is inconsiderable; and after the passing of any such order, it shall be lawful for taree to be possessed and sold without license in any such district, notwithstanding anything contained in this Part.

Collectors may establish distilleries for country spirits.

29. The Collector, with the sanction of the Board, may establish at any place within his jurisdiction a distillery in which spirits may be manufactured after the native process, and may from time to time fix limits within which no country spirits except such as are manufactured at the said distillery, shall be introduced or sold without a special pass from the Collector, and within which no stills shall be constructed or worked, or spirits manufactured, except at the said distillery. He may also, with the like sanction, discontinue any distillery so established whenever its discontinuance may appear to be expedient.

Board may prescribe rules for distilleries.

30. The Board may prescribe such rules relative to the management of distilleries established under the last preceding section, to the conditions on which spirits may be manu-

ইম্পিরিয়ল দুই গ্যালনের কম কিম্বা যাহা কুয়ার্ট বোতল বলিয়া জানা আছে এমত এক ডজনের কম বোতল বিক্রয় হইলে, তাহা খুজরা বিক্রয় বলিয়া জ্ঞান হইবে ইতি।

খুজরা বিক্রয় কাহাকে বলে তদ্বিষয়ের কথা।

দেশীয় শরাব ও মদিরা ও মাদকদ্রব্য লাইসেন্স বিনা প্রস্তুত বা বিক্রয় করিতে না হইবার কথা।

২৭ ধারা। কোন ব্যক্তি কালেক্টর সাহেবের স্থানে লাইসেন্স না পাইলে, দেশীয় নিয়মমতে শরাব, কিম্বা বোর্ডের সাহেবেরা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক অন্য যে উগ্র কি গাঁজলা সরাব কি মাদকদ্রব্য নির্দ্দেশ করেন তাহা প্রস্তুত করিতে, কিম্বা ঐ মদিরা কি শরাব কি মাদকদ্রব্য কিম্বা তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত কোন দ্রব্য বিক্রয় করিতে, বা মাদকদ্রব্য যাহাতে উৎপন্ন হয় এমত কোন গাছের চাষ করিতে পারিবেন না ইতি।

তাড়ী গাঁজলা শরাব বলিয়া জানিবার কথা।

২৮ ধারা। এই খণ্ডের পশ্চাৎ লিখিত ধারায় গাঁজলা শরাব বিক্রয় করণ কি নিকট রাখণ সম্পর্কীয় যে সকল বিধান আছে তাহা গাঁজলা কি টাটকা তাড়ী বিক্রয়ের কি নিকট রাখণের প্রতিও খাটিতে পারিবে। ও এই খণ্ডের পশ্চাৎ লিখিত নানা ধারায় "গাঁজলা শরাব" এই শব্দ থাকিলে, তন্মধ্যে টাটকা ও গাঁজলা সকল তাড়ীও ধরা গেল জানিতে হইবে।

কিন্তু কোন জিলায় অত্যল্প গাঁজলা তাড়ী ব্যবহার হইয়া থাকিলে, তৎসম্পর্কে স্থানীয় গবর্ণমেণ্ট বোর্ডের সাহেবদের রিপোর্টমতে সেই জিলায় এই খণ্ডের তাড়ীবিষয়ক সকল বিধানের প্রচলন স্থগিত থাকিবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা হইলে পর এই খণ্ডে ভাবান্তরের বিধান থাকিলেও উক্ত কোন জিলায় লাইসেন্স বিনাও তাড়ী নিকটে রাখিতে ও বিক্রয় করা যাইতে পারিবে ইতি।

দেশীয় শরাব চোয়াইবার ভাটিখানা কালেক্টর সাহেবদের স্থাপন করিতে পারিবার কথা।

২৯ ধারা। কালেক্টর সাহেব বোর্ডের অনুমতি লইয়া আপন এলাকার অন্তর্গত কোন স্থানে দেশীয় নিয়মমতে মদ চোয়াইবার কোন ভাটীখানা স্থাপন করিতে পারিবেন। ও কালেক্টর সাহেবের বিশেষ ছাড়পত্র না থাকিলে যে২ সীমার মধ্যে সেই ভাটিখানার চোয়ান মদিরাভিন্ন দেশীয় মদিরা বিক্রয় করিতে না হইবে ও ঐ ভাটিখানা ছাড়া কোন ভাটীখানায় ভাটি প্রস্তুত করা যাইতে কি তদ্দ্বারা কার্য্য চালান যাইতে কি মদিরা চোয়ান যাইতে না পারিবে, তিনি সময়ে২ এমত সীমা নির্দ্ধার্য্য করিতে পারিবেন। আরো কোন সময়ে কোন ভাটীখানা উঠাইয়া দেওয়া বিহিত বোধ হইলে, তিনি পূর্ব্বোক্তরূপ অনুমতি লইয়া পূর্ব্বোক্তমতে স্থাপিত কোন ভাটীখানা উঠাইয়াও দিতে পারিবেন ইতি।

ভাটিখানার বিধি বোর্ডের করিতে পারিবার কথা।

৩০ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে২ ভাটীখানা স্থাপিত হয়, বোর্ডের সাহেবেরা তাহার কার্য্য চালাওন বিষয়ক, ও ঐ২ ভাটীখানায় মদিরা চোয়াইবার নিয়ম বিষয়ক, ও ঐ মদিরা বিক্রেতা-

factured in the said distilleries, and to the passes to be issued for the conveyance of such spirits to the shops of the vendors, as may from time to time be judged expedient.

Board may prescribe rules to regulate the supply of fermented liquors to licensed vendors, and the cultivation, preparation, storing, possession, and transport of intoxicating drugs.

31. The Board may, with the sanction of the Local Government, subject to the confirmation of the Governor-General in Council, from time to time prescribe rules consistent with this Act—

for regulating the mode in which fermented liquors shall be supplied to licensed vendors of the same;

for subjecting the cultivation of plants from which intoxicating drugs are produced, and the preparation of the said drugs, to such restrictions and supervision as may be deemed necessary to secure the duty leviable thereon;

and for granting licenses or passes to persons cultivating, preparing, storing, possessing, purchasing, or transporting the said plants or drugs.

All such rules shall be published in the *Calcutta Gazette*, and when so published, shall have effect as if they were contained in this Act.

Sale of more than specified quantities of country spirits, &c., prohibited.

32. Except for the supply of licensed vendors, country spirits, taree, and puchwai, and intoxicating drugs shall not be sold in larger quantities than may be fixed by the Board for each district, provided that the quantities so to be fixed shall not exceed those hereunder specified—namely, country spirits, two imperial gallons or twelve reputed quart bottles; tarse or puchwai, twelve seers; ganjah or bhang, or any preparation or admixture of the same, one quarter of a seer; churrus or any preparation or admixture of the same, five tolahs weight; and the sale of any such quantity as is herein allowed shall be deemed to be a retail sale within the meaning of this Part.

Power of excise officers to enter and inspect licensed dealer's shop.

33. The Collector may by a warrant under his hand authorize any excise officer above the rank of a peon to enter and inspect at all times, by day or by night, and may similarly authorize any excise officer to enter and inspect at all times, by day, the shop or premises in which any licensed manufacturer or retail vendor shall carry on the manufacture of country spirits,

দের দোকানে লইয়া যাইবার নিমিত্তে যে ছাড়পত্র দিতে হইবে তদ্বিষয়ক যেং বিধি সময়েং বিহিত বোধ করেন, করিতে পারবেন ইতি।

লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদিগকে গাঁজলা শরাব যে পরিমাণে যোগাইয়া দিতে হইবে ইহার ও মাদক দ্রব্য চাষ ও প্রস্তুত ও গোলাজাত করণ ও নিকটরাখণ ও চালান করণ বিষয়ক বিধি বোর্ডের করিতে পারিবার কথা।

৩১ ধারা। বোর্ডের সাহেবেরা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে, ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনের অপেক্ষায়, সময়েং এই আইনের সঙ্গতরূপে এইং বিষয়ের বিধি করিতে পারিবেন,—

লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের নিকট যে নিয়মমতে গাঁজলা শরাব যোগাইয়া দেওয়া যাইবে তদ্বিষয়ক বিধি।

মাদকদ্রব্যের উপর যে মাসুল আদায় হইতে পারিবে তাহা রক্ষা করণের জন্যে যেং সীমা ও যেরূপ তত্ত্বাবধান নিরূপণ করা আবশ্যক জ্ঞান হয়, যেং গাছহইতে মাদকদ্রব্য উৎপন্ন হয় সেইং সীমার মধ্যে ও সেই তত্ত্বাধীনে ঐ গাছের চাষ ও ঐ মাদক দ্রব্য প্রস্তুত করণার্থ বিধি।

ও যাঁহারা সেই গাছের চাষ কি মাদক দ্রব্য প্রস্তুত ও গোলাজাত করিয়া থাকেন কি নিকট রাখেন কি ক্রয় কি স্থানান্তরে চালান করিয়া থাকেন, তাঁহাদিগকে লাইসেন্স কি ছাড়পত্র দিবার বিধি।

উক্ত সকল বিধি কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। করা গেলে, এই আইনে লিখিত হওয়ার ন্যায় প্রবল হইবে ইতি।

নির্দ্ধারিত পরিমাণের দেশীয় শরাবপ্রভৃতির অধিক বিক্রয় করিবার নিষেধের কথা।

৩২ ধারা। লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের নিকট যোগাইয়া দেওনাভিপ্রায় ভিন্ন, বোর্ডের সাহেবেরা প্রত্যেক জিলার পক্ষে যত পরিমাণ ধার্য্য করেন তাহার অধিক পরিমাণের দেশীয় মদিরা ও তাড়ী ও পচুই ও মাদকদ্রব্য এককালে বিক্রয় করা যাইবে না—কিন্তু তদ্রূপে যে পরিমাণ নির্দ্ধারিত হয় তাহা যেন নিম্নলিখিত পরিমাণের অধিক না হয়. বিশেষতঃ দেশীয় মদের দুই ইম্পিরিয়ল গ্যালনের কিম্বা কুয়ার্ট বোতল বলিয়া যাহা জানা আছে তাহার বারো বোতলের অধিক, ও তাড়ী কি পচুই বারো সেরের অধিক, ও গাঁজা কি ভাঙ্গ কি তাহাতে প্রস্তুত কি মিশ্রিত দ্রব্য এক পোয়ার অধিক, ও চরস কি তাহাতে প্রস্তুত কি মিশ্রিত দ্রব্য পাঁচ তোলার অধিক না হয়। এই ধারায় যে পরিমাণের অনুমতি হইল তত বিক্রয় হইলে তাহা এই খণ্ডের তাৎপর্য্যানুসারে খুজরা বিক্রয় বলিয়া জ্ঞান হইবে ইতি।

লাইসেন্স প্রাপ্ত বিক্রেতার দোকানে আবকারী কর্ম্মকারকের প্রবেশ করিয়া দেখিবার ক্ষমতার কথা।

৩৩ ধারা। লাইসেন্সপ্রাপ্ত কোন শুঁড়ী কি খুজরা বিক্রেতা যে দোকানের কি বাড়ীর মধ্যে দেশীয় মদিরা চোয়ান কিম্বা উগ্র কি গাঁজলা সরাব কি মাদক দ্রব্য বিক্রয় করেন, কালেক্টর সাহেব আপনার স্বাক্ষরিত পরওয়ানাক্রমে পেয়াদার ঊর্দ্ধ শ্রেণীর আবকারী কোন কার্য্যকারককে দিনে বা রাত্রিতে কোন সময়ে সেই ঘরে কি দোকানে প্রবেশ করিয়া দেখিবার অনুমতি দিতে পারিবেন এবং

or the sale of spirituous or fermented liquor or intoxicating drugs.

আবকারী অন্য কোন কার্য্যকারককেও কেবল দিনে তদ্রূপে প্রবেশ করিয়া দেখিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

11. A notice in writing served on an under-tenant or ryot by, or by the authority of, the Deputy Collector as aforesaid, calling on him to attend and sign the *jummabundi*, shall be deemed a notice within the meaning of section 14 of Bengal Act VIII of 1869, and section 13 of Act X of 1859.

Provided that it shall not be necessary to make personal service of such notice on each under-tenant or ryot, but that service may be lawfully made through proclamation by beat of drum or a general notice addressed to all whom it may

ও এই আইনের ৩ ধারামতে যাঁহারা প্রার্থনা করেন জিলার কালেকটর সাহেব যে অনুপাত স্থির করেন তাঁহারা সেই অনুপাতে দিবেন।

ও উক্ত বিধিমতে যত টাকা খরচ হওয়ার অনুমান পত্র লেখা যায়, প্রার্থকেরা প্রার্থনা করণ সময়ে কালেক্টর সাহেবের নিকট তত টাকা আমানৎ করিবেন ইতি।

কেবল ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন বা ১৮৫৯ সালের ১০ আইনমতে খাজানা বৃদ্ধি করিতে বা কমতির দাওয়া হইতে পারিবার কথা।

৯ ধারা। কোন রায়তের দখলী স্বত্ব থাকিলে, ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৮ বা ১৯ ধারার, কিম্বা যেহ স্থানে ১৮৫৯ সালের ১০ আইন অদ্যাপি প্রবল থাকে সেইহ স্থানে ঐ আইনের ১৭ কি ১৮ ধারার উল্লিখিত কোন এক কি ক এক কারণে তাঁহার খাজনা বৃদ্ধি হইতে পারিবে, নতুবা পূর্ব্বে যে খাজানা দিতেন এই আইনমত বন্দোবস্তী কার্য্য চলন ক্রমে তাহা বৃদ্ধি করা যাইতে পারিবে না কিম্বা তাহা কমাইয়া লইবারও দাওয়া হইতে পারিবে না ইতি।

খাজানাবৃদ্ধি হইলে প্রমাণ দওনের ভার যাহার প্রতি বর্ত্তে তদ্বিষয়ক ও মিয়াদের বিধি বিষয়ক কথা।

১০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এতৎকার্য্য পক্ষে রাজস্বের যে কর্তৃপক্ষদিগকে ক্ষমতা প্রদান করেন তাঁহারা এই আইনমতে যে বন্দোবস্তী কার্য্য মঞ্জুর করেন, পেটাও প্রজা কি রায়ৎ পূর্ব্বে যে খাজানা দিতেন যদি সেই কার্য্য চলন ক্রমে তাঁহার স্থানে অধিক খাজানা লওয়া যাইতে পারে বলিয়া লিপিবদ্ধ হইয়া থাকে, তবে ঐ খাজানা ন্যায়মতে বৃদ্ধি হইল কি না তাহার প্রমাণ না হওন পর্য্যন্ত তাহা ন্যায়মতে বৃদ্ধি করা গিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

উক্ত পেটাও প্রজা বা রায়ত সেই বর্দ্ধিত খাজানা দিবার দায়গ্রতা বিষয়ে আপত্তি করিয়া মোকদ্দমা উপস্থিত করিতে চাহিলে, খাজানা বৃদ্ধি হওয়ার নোটিস জারি হওয়ার তারিখ অবধি তিন মাসের মধ্যে তাঁহার ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। যদি সেই মিয়াদের মধ্যে মোকদ্দমা উপস্থিত না করেন তবে ঐ নোটিস জারী হইবার তারিখ অবধি তিন মাস গত হইলে পর তাহার নামে সেই বর্দ্ধিত হারে বাকী খাজানা আদায়ের মোকদ্দমা উপস্থিত করা গেলে তিনি ঐ মোকদ্দমায় আপনার দেনাদারিতার কথা ধরিয়া আপত্তি করিতে পারিবেন না ইতি।

জমাবন্দিতে স্বাক্ষর করিবার নোটিস খাজানা বৃদ্ধি করণের তুল্য বলিয়া জ্ঞান হওয়ার কথা।

১১ ধারা। পূর্ব্বোক্ত ডেপুটী কালেক্টরের দ্বারা কি তাঁহার অনুমতিক্রমে পেটাও প্রজার কি রায়তের নামে হাজির হইয়া জমাবন্দিতে দস্তখৎ করিবার নোটিস লিখিয়া দেওয়া গেলে, সেই নোটিস বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৪ ধারার ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারার মর্ম্মানুযায়ি নোটিস বলিয়া জ্ঞান হইবে।

পরন্তু নিজ প্রত্যেক পেটাও প্রজার কি রায়তের উপর ঐ নোটিস জারী করা আবশ্যক নাই, কিন্তু উক্ত বিষয়ে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া, তাঁহাদের সকলের নামে সাধারণ নোটিস দিয়া, ও ঐ জমাবন্দীর এক কেতা নকলের সঙ্গে, কিম্বা কালে-

concern, and by affixing such general notice with a copy of the *jummabundi*, or of such part thereof as the Collector may think fit, at the mâl cutcherry of the village to which the *jummabundi* relates, or at some other conspicuous place therein.

In case of enhancement, the rent and grounds of enhancement to be specified in notice.

12. Whenever in any settlement proceeding, conducted and confirmed as aforesaid, a higher rent than the rent previously paid has been recorded as demandable from any ryot having a right of occupancy, the amount of such higher rent, and the grounds of the enhancement, shall be specified in any notice served upon the said ryot under the first clause of section 11, or in the *jummabundi* appended to any general notice served under the second clause of section 11, as the case may be.

Notice to landholder in case of abatement.

13. Whenever in any such settlement proceeding a lower rent than the rent previously paid shall be recorded as demandable from any ryot having a right of occupancy, the Deputy Collector shall serve a notice specifying the amount of the rent, and the grounds o such abatement, upon the landholder to whom th said ryot pays his rent.

Extent and commencement of Act.

14. This Act extends to all the provinces for the time being administered by the Lieutenant-Governor of Bengal;

and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of this Bill is to provide for the settlement of the rent of lands on the application of either zemindars or ryots by extending the principle recognized in the Bill passed by this Council, entitled a Bill to define and limit the powers of settlement officers with respect to enhancement of rent. Operations for the enhancement and abatement of rent under this Bill will be governed by the provisions of the settlement regulations, so far as they are applicable, and by the principles of Act VIII of 1869. Both zemindars, that is to say, rent-receivers of all descriptions, and ryots will be competent to set the machinery of the law in motion, on condition that they pay the whole of the cost for measurement, and such proportion of the salary of the Deputy Collector charged with the work of settlement as may cover the time *bonâ fide* devoted by him to such work.

KRISTODAS PAL.

The 23rd March 1878.

FREDERICK CLARKE,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

কুটর সাহেব তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশের সকলের সঙ্গে ঐ সাধারণ নোটিস "জমাবন্দী" যে গ্রামসম্পর্কীয় হয় তাহার মাল কাছারীতে কিংবা ঐ গ্রামের অন্য কোন প্রকাশ স্থানে লাগাইয়া, আইনমতে জারী করা যাইতে পারিবে ইতি ।

খাজানা বৃদ্ধি হইলে সেই খাজানা ও বৃদ্ধি করণের হেতু নোটিসে লিখিতে হইবার কথা ।

১২ ধারা । কোন বন্দোবস্তী কার্য্য পুর্ব্বোক্তমতে নির্ব্বাহ হইয়া স্থির করা গেলে পুর্ব্বে যে খাজানা দেওয়া যাইত যদি দখলি স্বত্ব প্রাপ্ত কোন রায়তের স্থানে তাহাহইতে অধিক খাজানা লওয়া যাইতে পারে, বলিয়া লিপি বদ্ধ হয় তবে ১১ ধারার ১ প্রকরণমতে জারী করা কোন সাধারণ নোটিসে কিম্বা বিষয়বিশেষে ১১ ধারার ২ প্রকরণমতে জারিকরা কোন সাধারণ নোটিসের সঙ্গে যে জমাবন্দী সংযুক্ত থাকে তন্মধ্যে সেই বর্দ্ধিত খাজানা ও ঐ খাজানা বৃদ্ধির কারণ নির্দ্দিষ্ট থাকিবে ইতি ।

খাজানা কমাইয়া দেওয়া গেলে ভূম্যধিকারির নামে নোটিস দিবার কথা ।

১৩ ধারা । যে প্রজার দখলি স্বত্ব থাকে তিনি পুর্ব্বে যে খাজানা দিতেন উক্ত প্রকারের বন্দোবস্ত করণ সময়ে তাহাহইতে কম খাজানা লওয়া যাইতে পারে বলিয়া লিপিবদ্ধ হইলে উক্ত রায়ত যে ভূম্যধিকারিকে খাজানা দিয়া থাকেন ডেপুটী কালেক্টর তাঁহার নামে নোটিস দিয়া যত টাকা ধার্য্য হইল তাহা ও ঐ খাজানা কমাইয়া দিবার হেতু জানাইবেন ইতি ।

আইন যতদূর ব্যাপ্ত হইবে ও যে অবধি প্রচলিত হইবে তাহার কথা ।

১৪ ধারা । যৎকালে যে দেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেন্ট গবর্নর সাহেবের শাসনাধীন থাকে এই আইন সেই সমস্ত দেশে ব্যাপ্ত হইবে ও যে তারিখে শ্রীযুত গবর্নর জেনরল সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি ।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণন ।

খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতার সীমা নির্ণয় ও অবধারণ করণার্থ আইন নামক যে আইন এই মন্ত্রিসভায় প্রণীত হইল, জমীদার কি রায়ত প্রার্থনা করিলে সেই আইনের স্বীকৃত মূলবিধান প্রচলিত করিয়া সেই প্রার্থনামতে ভূমির খাজানার বন্দোবস্ত করণের বিধান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য । বন্দোবস্তের আইনের বিধান যতদূর খাটিতে পারে ততদূর সেই বিধানমতে ও ১৮৬৯ সালের ৮ আইনের বিধানমতে এই পাণ্ডুলিপি অনুসারে খাজানা বৃদ্ধি ও হ্রস করণের কার্য্য নিষ্পাদন হইবে । জমীদারেরা অর্থাৎ যাঁহারা খাজানা পান তাঁহারা ও রায়তেরা ইচ্ছা করিলে জমী মাপিবার খরচ ও বন্দোবস্তী কার্য্যের ভার যে ডেপুটি কালেক্টরের প্রতি অর্পিত হয় তিনি ঐ কার্য্যে যে সময় ক্ষেপ করেন তদ্ধেতুক তাঁহার উপযুক্ত পুরস্কার দিলে, তাঁহারা এই আইনের প্রণালীমতে কার্য্য করাইয়া লইতে পারিবেন ।

১৮৭৮ সাল ২৩ মার্চ । কৃষ্ণদাস পাল ।

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী ।

JOHN ROBINSON, *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট ; ১৮৭৮ । ২৩ আপ্রিল ।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 21, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ২১ মে ।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড ।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি ।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 23rd March 1878, and was referred to a Select Committee who are to report thereon in three weeks:—

A Bill to amend the law relating to the Court of Wards within the provinces subject to the Lieutenant-Governor of Bengal.

Preamble. WHEREAS it is expedient to amend the law relating to the Court of Wards within the provinces subject to the Lieutenant-Governor of Bengal: it is enacted as follows:—

PART I.

Preliminary.

Short title. **1.** This Act may be called the Court of Wards' Act, 1878.

Commencement. It shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট ।

লেজিসলেটিব ডিপার্টমেন্ট ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৮ সালের মার্চ মাসের ২৩ তারিখে বঙ্গদেশের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল, তিন সপ্তাহের মধ্যে তাঁহারা তদ্বিষয়ের রিপোর্ট করিবেন ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কোর্ট ওয়ার্ডস বিষয়ক আইন সংশোধন করণার্থে আইনের পাণ্ডুলিপি ।—

হেতুবাদ। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কোর্টওয়ার্ডস বিষয়ক আইন সংশোধন করা বিহিত এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে ।

প্রথম খণ্ড ।

পারিভাষিক ।

সংক্ষেপ নামের কথা। ১ ধারা । এই আইন কোর্ট ওয়ার্ডস বিষয়ক ১৮৭৮ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে ।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের সম্মতিক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি ।

Repeal of Court of Wards' Act, 1870.

2. Bengal Act IV of 1870 (the Court of Wards' Act) shall be repealed.

This repeal shall not affect the validity or invalidity of anything done or suffered, or any right, title, obligation, or liability accrued before the commencement of this Act.

And all rules prescribed, orders or appointments made, and agreements executed under the said Act shall (so far as they are consistent with this Act) be deemed to be respectively prescribed, made, and executed under this Act.

And all suits and proceedings now pending, which may have been commenced under the said Act, shall be deemed to be commenced under this Act.

Interpretation.

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

"The Board."

(1.) "The Board" means the Board of Revenue for the Provinces for the time being subject to the Lieutenant-Governor of Bengal.

"Collector."

(2.) "Collector" includes any officer in charge of the revenue jurisdiction of a district.

"Court."

(3.) "The Court" means the Court of Wards.

"Disqualified proprietors."

(4.) "Disqualified proprietors" means persons who by the provisions of this Act are subject to the superintendence and jurisdiction of the Court of Wards.

"Estate."

(5.) "Estate" means any land subject to the payment to Government of revenue in respect of which the name or names of a proprietor or of proprietors are entered on the General Register of revenue-paying lands.

"Section."

(6.) "Section" means a section of this Act.

PART II.

Constitution and Powers of the Court of Wards.

Court of Wards in each division.

4. In every division of the provinces administered by the Lieutenant Governor of Bengal there shall be a Court of Wards.

The Commissioner of Revenue of each such division shall be such court, and shall have and exercise all the powers and authorities conferred

কোর্ট ওয়ার্ডস বিষয়ক ১৮৭০ সালের আইন রহিত হওয়ার কথা।

২ ধারা। কোর্ট ওয়ার্ডস বিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইন রহিত করা যাইবে।

এই আইন প্রচলিত হওয়ার পূর্ব্বে যে কোন কার্য্য করা গেল বা যে দণ্ডাদি ভোগ হইল বা যে স্বত্ব কি অধিকার কি কর্ত্তব্য কর্ম্ম কি দায় বর্ত্তিল, উক্ত আইন রহিত হইলেও সেই২ কার্য্যের সিদ্ধতার কি অসিদ্ধতার কোন ব্যতিক্রম হইবে না।

ও উক্ত আইন অনুসারে যে সকল বিধি প্রণীত হইল ও যে আজ্ঞা বা নিয়োগ করা গেল ও যে বন্দোবস্ত লিখিয়া দেওয়া গেল, তাহা এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয় তত দূর এই আইনমতে প্রণীত হইল ও করা ও দেওয়া গেল বলিয়া জ্ঞান হইবে।

ও উক্ত আইনঅনুসারে যে সকল মোকদ্দমার ও মোকদ্দমা ঘটিত কার্য্যের আরম্ভ হইয়া এই সময়ে উপস্থিত থাকে তাহা এই আইনমতে আরম্ভ করা গিয়াছে বলিয়া জ্ঞান হইবে ইতি।

অর্থকরণের ধারা।

৩ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে,

'বোর্ড।"

(১) যখন২ যেং প্রদেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে "বোর্ড" শব্দে সেই২ প্রদেশের রেবিনিউ বোর্ড জানিতে হইবে।

"কালেক্টর।"

(২) কোন জিলার রাজস্ব সম্পর্কীয় বিচারাধিপত্যের ভার যে কার্য্যকারকের প্রতি অর্পিত হয় "কালেক্টরশব্দে" তিনিও গণ্য।

"কোর্ট।"

৩ "কোর্ট" শব্দে কোর্ট ওয়ার্ডস জানিতে হইবে

অযোগ্য ভূম্যধিকারী।

(৪) এই আইনের বিধানমতে যে ব্যক্তি কোর্ট ওয়ার্ডসের তত্ত্বাবধারণে ও এলাকায় থাকে "অযোগ্য ভূম্যধিকারী" শব্দে সেই ব্যক্তিদিগকে জানিতে হইবে।

মহাল।

(৫) গবর্ণমেণ্টের যে মালগুজারী ভূমি সম্পর্কে অধিকারির বা অধিকারির দের নাম মালগুজারী ভূমির সাধারণ রেজিষ্টরী বহীতে লেখা থাকে "মহাল" শব্দে সেই ভূমি জানিতে হইবেক।

"ধারা।"

৬) "ধারা" শব্দে এই আইনের ধারা জানিতে হইবে ইতি।

দ্বিতীয় খণ্ড।

কোর্ট ওয়ার্ডসের সংস্থিতির ও ক্ষমতার কথা।

প্রত্যেক দেশখণ্ডে কোর্ট ওয়ার্ডস থাকার কথা।

৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশের প্রত্যেক খণ্ডে কোর্ট ওয়ার্ডস থাকিবে।

উক্ত প্রত্যেক খণ্ডের রাজস্বের কমিশ্যনর সাহেব ঐ কোর্ট হইবেন, এবং এই আইনদ্বারা ঐ কোর্টের অনুপালিত সকল ব্যক্তির ও তাঁহাদের সম্পত্তির উপর ঐ

by this Act upon the court over the persons and property of all wards of such court.

5. The court may manage estates and other lands falling under its charge either by appointment of a manager, or by giving some or all of the estates and lands in farm, or by adopting such other form of management as may to the court seem most expedient.

Power to manage estates.

But no lease or farm shall, except under the sanction of the Board, be given for a term exceeding ten years, nor exceeding the time when the ward shall have attained the age of twenty-one years; and no estate coming under the charge of the court shall be leased in putnee or other permanent under-tenure unless, in the opinion of the court, subject to the express sanction of the Board and the Lieutenant-Governor, such a lease is necessary for the protection of the estate.

Provided that all leases given by the court, or by the Collector acting for the court, or by the manager, shall become null and void on the removal of the estate from the superintendence of the court for whatever cause, save leases made with such sanction as aforesaid.

6. The court may from time to time make such orders and give such instructions for the management of the estates and properties and the care of the persons of the wards thereof, or of any of them, as to it shall seem fit, provided that such orders and instructions be not inconsistent with the provisions of this Act or of any law for the time being in force, or with any orders which may from time to time be made by the Lieutenant-Governor, or the Board, under the provisions of this Act.

Power to make orders.

7. The court shall allow for the support of each ward, and of his or her family, such monthly sum as it thinks fit with regard to the rank and circumstances of the parties, and their indebtedness or freedom from debt.

Allowance for ward.

PART III.

Estates of Disqualified Proprietors.

8. All proprietors of entire estates (other than proprietors residing within the local limits of the jurisdiction of the High Court) who are, or may be, females not deemed by the court competent to the management of their own estates, or who are, or may be, under the age of twenty-one;

Estates of disqualified proprietors not subject to sale.

কোর্টের প্রতি যে সকল ক্ষমতা ও কর্তৃত্ব প্রদান করা যায় উক্ত কমিশানর সাহেবের সেই সকল ক্ষমতা ও কর্তৃত্ব থাকিবে ও তিনি তদনুসারে কার্য্য করিবেন ইতি।

৫ ধারা। কোর্ট কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিয়া কিম্বা সকল মহাল ও ভূমি কি তাহার কোন অংশ ইজারা দিয়া, কিম্বা কার্য্যাধ্যক্ষতা করণের জন্য যে নিয়ম বিহিত বোধ করেন সেই নিয়মানুসারে আপনার তত্ত্বাধীন মহালের ও অন্য ভূমির কার্য্যাধ্যক্ষতা করিতে পারিবেন।

মহালের কার্য্যাধ্যক্ষতা করণের ক্ষমতার কথা।

কিন্তু বোর্ডের অনুমতি না হইলে, দশ বৎসরের অধিক মিয়াদের নিমিত্ত, কিম্বা রাজানুপালিত ব্যক্তি যত কাল ২১ একবিংশ বৎসর বয়স প্রাপ্ত না হন তাহার অধিক কালের নিমিত্ত, কোন পাট্টা কি ইজারা দেওয়া যাইবে না। ও কোর্টের তত্ত্বাধীন কোন মহাল পত্তনি করিয়া কি চিরকালীন যোতস্বরূপ পাট্টা করিয়া দেওয়া যাইবে না। কোর্টের বিবেচনায় মহালের সুরক্ষার জন্যে তদ্রূপ পাট্টা দেওয়া আবশ্যক হইলে বোর্ডের ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের স্পষ্ট অনুমতির অপেক্ষা থাকিবে।

আরো মহাল কোন কারণে কোর্টের তত্ত্বাবধারণ হইতে মুক্ত করা গেলে, পূর্ব্বোক্ত অনুমতি ক্রমে যে পাট্টা দেওয়া যায় তদ্ভিন্ন কোর্টের কি তৎপক্ষ কর্ম্মকারি কালেক্টর সাহেবের কি কার্য্যাধ্যক্ষের দেওয়া সকল পাট্টা বাতিল ও নিষ্ফল হইবে ইতি।

৬ ধারা। মহালের ও সম্পত্তির কার্য্যাধ্যক্ষতার ও কোর্টের অনুপালিত ব্যক্তিদের কি তাঁহাদের মধ্যে কোন জনের রক্ষণাবেক্ষণের নিমিত্তে কোর্টের আজ্ঞা করা ও যে উপদেশ দেওয়া বিহিত বোধ করেন সময়২ সেইং আজ্ঞা করিতে ও উপদেশ দিতে পারিবেন। পরন্তু এই আইনের কিম্বা যৎকালে যে আইন প্রবল থাকে তাহার বিধানের সহিত, কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কি বোর্ডের সাহেবেরা সময়ে২ এই আইনের বিধানমতে যে কোন আজ্ঞা করেন তাহার সহিত সেই আজ্ঞা ও উপদেশ যেন অসঙ্গত না হয় ইতি।

আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৭ ধারা। রাজানুপালিত প্রত্যেক ব্যক্তির ও তদীয় কুলের সম্প্রদায় ও তাহাদের অবস্থা গতিক ও তাঁহারা ঋণী কি অঋণী হওন বিবেচনায় কোর্ট তাঁহার ভরণ পোষণের নিমিত্ত মাসিক যত টাকা বিহিত বোধ করেন তত টাকা নিরূপণ করিবেন ইতি।

রাজানুপালিত ব্যক্তিদের বৃত্তির কথা।

---

৩ তৃতীয় খণ্ড।

অযোগ্য ভূম্যধিকারিদের মহাল বিষয়ক বিধি।

৮ ধারা। হাই কোর্টের বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানবাসি ভূম্যধিকারী ভিন্ন কোর্ট সম্পূর্ণ মহালের যে অধিকারিণীদিগকে আপনাদের মহালের কার্য্যাধ্যক্ষতা করিবার অক্ষম বলিয়া জ্ঞান করেন তাঁহারা ও এক বিংশ বৎসরের ন্যূনবয়স্ক সকল ভূম্যধিকারী।

অযোগ্য অধিকারিদের মহাল বিক্রয় হইতে না পারিবার কথা।

all sons of such females who are, or may be, under the age of twenty-one;

all joint proprietors of entire estates held in common tenancy who are, or may be, under the age of twenty-one;

all proprietors of entire estates who for the time being are of unsound mind, or otherwise incapable of managing their affairs by reason of any disqualifying natural or acquired defect or infirmity;

all proprietors of entire estates declared by the court on their own application to be disqualified from managing their estates;

any member of a ward's family who may have an immediate interest in the ward's estate, who is under the age of twenty-one, and who has no legal guardian,

shall be subject to the superintendence and jurisdiction of the court.

Provided that no estate of a proprietor declared disqualified by the court on his own application shall, unless the court shall think fit, be discharged from such superintendence and jurisdiction until after five years from the date of such proprietor becoming a ward of the court: but at the expiration of the said five years the court shall be bound, on the application of the proprietors or any of them in that behalf, to discharge such estate from its superintendence and jurisdiction.

Provided, also, that the court shall discharge any such member of a ward's family from its superintendence and jurisdiction as soon as the estate of the ward ceases to be under the said superintendence and jurisdiction.

Provision as to estates of joint proprietors.

9. The superintendence of the court shall not extend to joint proprietors of estates, any one of whom is not of any of the descriptions specified in section 8.

Provided that whenever, by any order made under the provisions of section fourteen of Act XL of 1858, any Collector is directed to retain possession of the persons and properties of still disqualified proprietors, all further proceedings shall be taken according to the provisions of this Act as if such still disqualified proprietors were proprietors of an entire estate;

and in case any of the qualified proprietors shall so consent, the management of the shares of such qualified proprietors may be retained or assumed by the Collector and carried out under the provisions of this Act, so long as it shall seem fit to the Collector and such qualified proprietors.

[*Government Gazette*, 21st *May* 1878.]

ও উক্ত স্ত্রীলোকদের যে সকল সন্তান এক বিংশ বৎসরের ন্যূনবয়স্ক হন।

ও যৌতায় ভোগকরা সম্পূর্ণ মহালের যে সকল সাধারণ ভূম্যধিকারী একবিংশ বৎসরের ন্যূনবয়স্ক হন।

ও সম্পূর্ণ মহালের যে সকল অধিকারী যৎকালে ক্ষিপ্তমনা হওয়া কিম্বা অযোগ্যতাজনক কোন স্বাভাবিক কি ঘটনাধীন দোষ কি দুর্ব্বলতাহেতুক আপনাদের বিষয় ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম হন

ও সম্পূর্ণ মহালের যে সকল অধিকারীর নিজ প্রার্থনামতে কোর্ট তাঁহাদিগকে আপনাদের মহালের কার্য্যাধ্যক্ষতা করিবার অযোগ্য বলিয়া নির্ণয় করেন।

ও রাজানুপালিত ব্যক্তির মহালে তদীয় পরিবারের যে কোন ব্যক্তির আধুনিক স্বার্থ থাকে ও এক বিংশ বৎসরের ন্যূনবয়স্ক হইয়া যাঁহার আইনমত অভিভাবক না থাকে।

ইহাঁরা সকলে কোর্টের তত্ত্বাধীন ও এলাকার মধ্য থাকিবেন।

পরন্তু কোন ভূম্যধিকারির নিজ প্রার্থনামতে কোর্ট তাঁহাকে অযোগ্য বলিয়া নির্দ্দেশ করিলে, ঐ ভূম্যধিকারী যে তারিখে কোর্টের অনুপালিত হন বিহিত বোধ না করিলে কোর্ট সেই তারিখ অবধি পাঁচ বৎসর গত না হইলে, তাঁহার মহাল ঐ কোর্টের তত্ত্বাবধারণ ও এলাকা হইতে মুক্ত করা যাইবে না। কিন্তু উক্ত পাঁচ বৎসর গত হইলে, ঐ ভূম্যধিকারিদের কিম্বা তাঁহাদের সপক্ষ অন্য ব্যক্তিদের প্রার্থনামতে ঐ কোর্ট আপনার তত্ত্বাবধারণ ও এলাকা হইতে ঐ মহাল মুক্ত করিতে আবদ্ধ থাকিবেন।

আরো ঐ রাজানুপালিত ব্যক্তির মহাল কোর্টের তত্ত্বাবধারণ ও এলাকার অধীন আর না থাকিলেই কোর্ট ঐ রাজানুপালিতের পরিবারের উক্ত কোন ব্যক্তিকে আপনার তত্ত্বাবধারণ ও এলাকাহইতে মুক্ত করিবেন ইতি।

সাধারণ ভূম্যধিকারিদের মহালের বিধান।

৯ ধারা। মহালের সাধারণ ভূম্যধিকারিদের মধ্য কোন ব্যক্তি ৮ ধারার নির্দ্দিষ্ট প্রকারের লোক না হইলে তাঁহারদের প্রতি কোর্টের তত্ত্বাবধারণ বর্ত্তিবে না।

পরন্তু উক্ত যে ভূম্যধিকারিরা অযোগ্যাবস্থায় থাকেন, ১৮৫৮ সালের ৪০ আইনের ১৪ ধারার বিধানমত কোন আজ্ঞাক্রমে কোন কালেক্টর সাহেব তাঁহারদিগকে ও তাঁহাদের সম্পত্তি স্বীয় অধিকারে রাখিবার আদেশ পাইলে, ঐ অযোগ্য ভূম্যধিকারিরা যেন সম্পূর্ণ মহালের ভূম্যধিকারী আছেন এই জ্ঞানে অন্য সকল কার্য্য এই আইনের বিধানানুসারে করা যাইবে ও প্রচলিত হইবে।

এবং যোগ্য ভূম্যধিকারিদের মধ্য কোন ব্যক্তি সম্মত হইলে, কালেক্টর সাহেব ও সেই যোগ্য ভূম্যধিকারিগণ যত কাল বিহিত বোধ করেন, ঐ যোগ্য ভূম্যধিকারিদের অংশের কার্য্যাধ্যক্ষতার ভার তত কাল কালেক্টর সাহেবের হাতে থাকিবে কিম্বা তৎকর্ত্তৃক গৃহীত হইবে ও এই আইনের বিধানমতে সাধন করা যাইবে ইতি।

Disqualified persons acquiring estates.

10. No person shall become a ward of the court by reason of his acquiring, while subject to any such disqualification as aforesaid, any estate, unless the same has accrued to him in the regular course of inheritance on the death of the person to whom he may succeed in such estate, or by virtue of the will of, or some settlement made by, some deceased owner thereof.

Provided that the Board may direct the court to take charge of any estate, being the property of any disqualified person, or of any two or more persons, both or all of whom may be disqualified, although the same has not descended to such person or persons in any regular course of inheritance or succession, nor accrued to him or them by will or settlement as aforesaid, whenever the same shall appear to the Board to be advisable for the interests of Government and of the proprietor or proprietors;

and such estates shall be considered in all respects, as far as regards the management of them by the court, as if they had devolved on the proprietor or proprietors in the regular course of inheritance or succession, or accrued to him or them by will or settlement as aforesaid. and such proprietor or proprietors shall in all respects be treated by the court accordingly.

Estates under jurisdiction of court exempt from sale.

11. All estates shall, whilst they are under the superintendence and jurisdiction of the court, be exempt from sale for arrears of revenue.

Provided that all arrears of revenue shall be the first charge upon the proceeds of such estates sold for any other cause while under such superintendence and jurisdiction.

Court to take charge of property.

12. When any person becomes a ward, the court shall take charge of all property, moveable or immoveable, belonging to such person, inclusive of any share in any joint undivided estate, and of any tenures or shares of tenures of land.

No such share, if subject to the payment of revenue, shall be liable to sale for recovery of arrears of revenue or for other demands similarly recoverable, until after the end of the year in which such arrears accrued.

If the share has been separated under section ten or eleven of Act XI of 1859, the protection given to entire estates under section 8 of this Act will be extended to such share, subject to the provisions of sections thirteen and fourteen of the said Act XI of 1859.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৮ । ২১ মে ।]

অযোগ্য ব্যক্তিরা মহাল প্রাপ্ত হইলে তাঁহাদের কথা ।

১০ ধারা । কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন প্রকারে অযোগ্য থাকিতে কোন মহাল প্রাপ্ত হইলেও তিনি যে ব্যক্তির মরণোত্তর সেই মহালের অধিকারী হইতে পারেন সেই ব্যক্তির মৃত্যু হওয়াতে যদি উত্তরাধিকারিত্বের নিয়মিত ক্রমানুসারে, অথবা কোন মৃত স্বামির উইল কিম্বা তৎকৃত কোন নিরূপণ পত্রক্রমে কি তাহার বলে ঐ সম্পত্তি তাঁহার প্রতি না বর্ত্তে, তবে ঐ সম্পত্তি প্রাপ্ত হওয়াপ্রযুক্ত তিনি কোর্টের অনুপালিত হইবেন না ।

পরন্তু কোন অযোগ্য ব্যক্তির কিম্বা দুই কি তদধিক যে সকল ব্যক্তি অযোগ্য আছেন তাঁহাদের সম্পত্তি উত্তরাধিকারিত্বের কি দায়াধিকারিত্বের কোন নিয়মিত ক্রমানুসারে কিম্বা পূর্ব্বোক্তমতে উইল বা নিরূপণপত্রক্রমে তাঁহারদের প্রতি না বর্ত্তিলেও, গবর্ণমেণ্টের এবং ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের স্বার্থ রক্ষা হেতুক কোর্টের সেই মহালের অধ্যক্ষতা করা বিহিত, বোর্ডের সাহেবেরা এমত বিবেচনা করিলে ঐ কোর্টের প্রতি সেই মহালের অধ্যক্ষতা কার্য্য গ্রহণ করিবার আদেশ করিতে সক্ষম হইবেন ।

ঐ কোর্টের দ্বারা মহালের অধ্যক্ষতা কার্য্য সম্পর্কে ঐ মহাল যেন উত্তরাধিকারিত্বের কি দায়াধিকারিত্বের নিয়মিত ক্রমানুসারে অথবা পূর্ব্বোক্ত মতে উইল কি নিরূপণপত্রক্রমে ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের প্রতি বর্ত্তিয়াছে সর্ব্বতোভাবে এমত জ্ঞান হইবে, এবং কোর্ট কর্ত্তৃক ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের প্রতি তদনুযায়ি ব্যবহার হইবে ইতি ।

আদালতের এলাকায় থাকিতে মহাল বিক্রয় হইতে না পারিবার কথা ।

১১ ধারা । মহাল ঐ কোর্টের তত্ত্বাধীনে ও এলাকায় থাকিতে বাকী রাজস্ব হেতুক বিক্রয় হইতে পারিবে না ।

কিন্তু ঐ মহাল সেই তত্ত্বাধীনে ও এলাকায় থাকিতে যদি অন্য কোন কারণে বিক্রয় করা যায়, তবে তদুৎপন্ন টাকাহইতে প্রথমে সকল বাকী রাজস্ব শোধ হইবে ইতি ।

কোর্টের দ্বারা সম্পত্তির অধ্যক্ষতা গ্রহণ হইবার কথা ।

১২ ধারা । কোন ব্যক্তি রাজানুপালিত হইলে কোর্ট তদীয় স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি জিম্মা করিয়া লইবেন । সাধারণ অবিভক্ত কোন মহালে তাঁহার কোন অংশ ও ভূমির কোন পাট্টা ও পাট্টার কোন অংশ সেই সম্পত্তির মধ্যে গণ্য ।

উক্ত কোন অংশের উপর রাজস্ব দিতে হইলে যদি রাজস্ব বাকী পড়ে তবে যে বৎসরের বাকী পড়ে সেই বৎসর অবসান না হইলে, ঐ বাকী আদায়ের নিমিত্ত কিম্বা বাকীর ন্যায় আদেয় অন্য দাবীর নিমিত্ত ঐ অংশ বিক্রয় হইতে পারিবে না ।

যদি সেই অংশ ১৮৫৯ সালের ১১ আইনের ১০ কি ১১ ধারাক্রমে পৃথক করা গিয়া থাকে, তবে এই আইনের ৮ ধারামতে সম্পূর্ণ মহালের পক্ষে যে আশ্রয়ের বিধান হইয়াছে, ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ১৩ ও ১৪ ধারার বিধান প্রবল মানিয়া ঐ অংশেরও প্রতি সেই আশ্রয় বর্ত্তিবে ইতি ।

13. Proprietors whose property is under the charge of the court shall not be competent to create, without the sanction of the court, any charge upon, or interest in, such property or any part thereof.

Disabilities of proprietors.

14. The court may, if it thinks fit, by an order under its seal refuse to admit any disqualified proprietor to be a ward,

Power to court to refuse to admit ward.

or by like order, and with the sanction of the Board, discharge any estate from the court's further superintendence and jurisdiction, or

rescind any such last mentioned order, and make the disqualified proprietor again a ward of the court.

Provided that no estate, the sole property of a person under the age of twenty-one, or of two or more such persons, and descended to him or them by the regular course of inheritance, or by virtue of the will of, or some settlement made by, some deceased owner thereof, shall, until such person or some one or more of such persons shall have attained the age of twenty-one years, be sold for arrears of revenue accruing subsequently to his or their succession to the same;

and all arrears of revenue shall be the first charge upon the proceeds of such estate if it is sold while such proprietor is disqualified.

The revenue authorities may on an arrear so accruing, farm the estate for a period not exceeding ten years, nor exceeding the time when such person or one of such persons shall have attained the age of twenty-one years.

15. The exemption from sale for arrears of revenue given by section 14, shall only apply to cases where due notice has been given to the Collector, and acknowledged by him before the sale, of the fact that the estate is the sole property of a person under the age of twenty-one years, or the property of two or more such persons.

When exemption from sale for arrears of revenue applies.

16. When an estate has been farmed under the provisions of section 14, the proceeds of such farm shall be paid to the Collector, and the Collector, after the deduction of the amount of the claims of the Government for revenue, shall, with the sanction of the Board, either pay the same to the person authorized to receive it for the ward, or shall dispose of it for the ward's benefit in any of the modes mentioned n section 58.

Application of proceeds of farmed estate.

[*Government Gazette*, 21st May 1873.]

১৩ধারা। যে ভূম্যধিকারিদের সম্পত্তি কোর্টের তত্ত্বাধীন থাকে, তাঁহারা কোর্টের অনুমতি বিনা উক্ত সম্পত্তির কি তাহার কোন অংশের উপর কোন দায় বর্ত্তাইতে কি তন্মধ্যে কোন স্বার্থ সৃষ্টি করিতে পারিবেন না ইতি।

ভূম্যধিকারিদের অক্ষমতার কথা।

১৪ ধারা। কোর্ট বিহিত বোধ করিলে আপন মোহরাঙ্কিত আজ্ঞাপত্র দ্বারা অযোগ্য কোন ভূম্যধিকারিকে অনুপালিতস্বরূপ গ্রাহ্য করিতে অসম্মত হইতে পারিবেন।

অনুপালিতদিগকে গ্রাহ্য করিতে কোর্টের অস্বীকার করিবার ক্ষমতার কথা।

কিম্বা তদ্রূপ অনুজ্ঞাপত্র ও বোর্ডের অনুমতিক্রমে কোর্টের তত্ত্বাবধারণ ও এলাকাহইতে কোন মহাল মুক্ত করিতে পারিবেন।

কিম্বা শেষোক্ত আজ্ঞা অন্যথা করণ পূর্ব্বক ঐ অযোগ্য ভূম্যধিকারিকে পুনরায় কোর্টের অনুপালিত করিতে পারিবেন।

কিন্তু যদি মহাল একবিংশ বৎসরের ন্যূন বয়স্ক একি ব্যক্তি কিম্বা দুই কি তদধিক তদ্রূপ ব্যক্তি ভিন্ন অন্যের সম্পত্তি না হয়, ও উত্তরাধিকারিত্বের নিয়মিত ক্রমানুসারে কিম্বা কোন মৃত স্বামির উইলের বা নিরূপণ পত্রের বলে তাঁহার কি তাঁহাদের প্রতি বর্ত্তিয়া থাকে, তবে তাঁহার কি তাঁহাদের অধিকারগত হইবার পর যে রাজস্ব বাকী পড়ে ঐ ব্যক্তির কিম্বা ঐ ব্যক্তিদের এক কি অধিক জনের একবিংশ বৎসর বয়স প্রাপ্ত না হওনপর্য্যন্ত ঐ মহাল বাকীর নিমিত্তে বিক্রয় হইতে পারিবে না। আরো উক্ত ভূম্যধিকারী অযোগ্য থাকিতে যদি বিক্রয় করা যায় তবে বিক্রয়দ্বারা প্রাপ্ত টাকাহইতে প্রথমে ঐ বাকী রাজস্ব শোধ করিতে হইবে।

তদ্রূপে বাকী পড়িলে, রাজস্বের কর্ত্তৃপক্ষেরা ঐ মহালের ইজারা দিতে পারিবেন, কিন্তু দশ বৎসরের অধিক কালের কিম্বা ঐ ব্যক্তি কি ঐ ব্যক্তিদের মধ্যে এক জন যত দিন একবিংশ বৎসর বয়স প্রাপ্ত না হন তাহার অধিক মিয়াদের ইজারা দিবেন না ইতি।

১৫ ধারা। ১৪ ধারায় বাকী রাজস্বের নিমিত্তে বিক্রয় না হওয়ার যে মুক্তি দান হইয়াছে, ঐ মহাল একবিংশ বৎসরের ন্যূন বয়স্ক এক ব্যক্তি কি তদ্রূপ দুই কি অধিক ব্যক্তি ভিন্ন অন্যের সম্পত্তি নয় এই কথা বিক্রয়ের পূর্ব্বে কালেক্টর সাহেবকে উপযুক্তমতে জ্ঞাত করা না গেলে ও তিনি ঐ কথা স্বীকার না করিলে ঐ মুক্তি বর্ত্তিবে না ইতি।

বাকী রাজস্বের নিমিত্ত নীলামহইতে মুক্ত থাকার বিধান যে স্থলে বর্ত্তে তাহার কথা।

১৬ ধারা। মহাল ১৪ ধারার বিধানমতে ইজারা দেওয়া গেলে, ঐ ইজারার টাকা কালেক্টর সাহেবকে দেওয়া যাইবে। রাজস্বের নিমিত্তে গবর্ণমেণ্টের যত টাকা প্রাপ্য থাকে কালেক্টর সাহেব তাহা রাখিয়া বোর্ডের সাহেবদের অনুমতিক্রমে রাজানুপালিতের নিমিত্তে টাকা গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিকে অবশিষ্ট টাকা দিবেন কিম্বা ৫৮ ধারার লিখিত কোন এক প্রকারে রাজানুপালিতের হিতার্থে ঐ টাকা প্রয়োগ করিবেন ইতি।

মহাল ইজারা দেওয়া গেলে তাহার উপস্বত্ব প্রয়োগের কথা।

PART IV.

Powers and Duties of Collectors.

17. When the estate or other lands of a ward are situated within one district only, the Collector of such district shall have charge of the ward and his moveable and immoveable property.

Collectors to have charge of ward whose estate is in his district.

18. When the estate or other lands of a ward are situated within more than one district, but within the same division, the court in that division shall appoint some one of the Collectors within the division to have charge of the person of the ward.

If estate in more than one district, court to appoint Collector to have charge of ward.

19. When the estate or other lands of a ward are situated within more than one district, but within the same division, the Collector of each district shall have charge of the ward's property situated within his district;

Collector to have charge of estate in his district.

provided that the court may, with the sanction of the Board, entrust to any one Collector the charge of any portion of the ward's property not situated within his own district.

20. When the estate or other lands of a ward are situated within two or more divisions, the Board shall determine the court which shall have the charge of the person of the ward;

Where estates in several divisions, court to have charge of ward to be determined by Board.

and such court shall appoint some one of the Collectors within its own division to have charge of the person of the ward.

21. When the estate or other lands of a ward are situated within two or more divisions, the court of each division and the Collector of each district shall control and superintend the management of such portion of the property as is situated within their jurisdictions;

Superintendence of estates and property in different divisions.

provided that the court to whom the charge of the ward's person has been committed under section 20 shall exercise a general control over all disbursements and payments connected with the ward's property, wherever situated, and over the accounts of such property:

and the Board may direct that the court in charge of the ward shall have the entire control of all or of portions of the ward's property

৪ চতুর্থ খণ্ড।

কালেক্টর সাহেবদের ক্ষমতার ও কর্ত্তব্যকর্ম্মের কথা।

১৭ ধারা। রাজানুপালিত ব্যক্তির মহাল কি অন্য ভূমি কেবল একি জিলার মধ্যে থাকিলে ঐ জিলার কালেক্টর সাহেবের প্রতি তাঁহার ও তদীয় স্থাবরাস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণের ভার থাকিবে ইতি।

রাজানুপালিত যে ব্যক্তির মহাল যে কালেক্টরের জিলায় থাকে তাঁহার প্রতি রক্ষণাবেক্ষণের ভার থাকার কথা।

১৮ ধারা। রাজানুপালিতের মহাল কি অন্য ভূমি একি খণ্ডের অন্তর্গত দুই কি তদধিক জিলার মধ্যে থাকিলে ঐ খণ্ডের কোর্ট রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষণের ভার ঐ খণ্ডের কোন এক কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিবেন ইতি।

মহাল দুই কি অধিক জিলায় থাকিলে কোন্ কালেক্টর রাজানুপালিতের রক্ষণাবেক্ষণ করিবেন ইহা কোর্টের নিরূপণ করিবার কথা।

১৯ ধারা। রাজানুপালিতের মহাল কি অন্য ভূমি একি খণ্ডের অন্তর্গত দুই কি তদধিক জিলার মধ্য থাকিলে, যে জিলার মধ্যে ঐ ব্যক্তির যে সম্পত্তি থাকে সেই জিলার কালেক্টর সাহেবের প্রতি সেই সম্পত্তির কার্য্যের ভার থাকিবে।

কালেক্টর সাহেবদের আপন২ জিলার অন্তর্গত মহালের কার্য্যের ভার গ্রহণ করিবার কথা।

কিন্তু কোর্ট বোর্ডের সাহেবদের অনুমতি গ্রহণ পূর্ব্বক কোন এক জন কালেক্টর সাহেবের প্রতি রাজানুপালিত ব্যক্তির সম্পত্তির যে অংশ তাঁহার জিলায় না থাকে সেই অংশেরও কার্য্যাধ্যক্ষতার ভারার্পণ করিতে পারিবেন ইতি।

২০ ধারা। রাজানুপালিতের মহাল কি অন্য ভূমি দুই কি তদধিক খণ্ডের অন্তর্গত থাকিলে, কোন্ কোর্ট ঐ ব্যক্তির রক্ষক হইবেন ইহা বোর্ড নির্ণয় করিবেন।

মহাল ভিন্ন২ খণ্ডে থাকিলে, রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষণের ভার যে কোর্টের প্রতি বর্ত্তিবে বোর্ডকর্ত্তৃক ইহা নিরূপণ হওয়ার কথা।

ও রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষণের ভার ঐ কোর্ট আপনার খণ্ডের কোন এক কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিবেন ইতি।

২১ ধারা। রাজানুপালিত ব্যক্তির মহাল কি অন্য ভূমি দুই কি তদধিক খণ্ডের অন্তর্গত থাকিলে, যে খণ্ডে ও যে জিলায় সম্পত্তির যে অংশ থাকে সেই খণ্ডের কোর্ট ও সেই জিলার কালেক্টর সাহেব সেই অংশের অধ্যক্ষতা কার্য্যের কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধান করিবেন।

ভিন্ন২ খণ্ডগত মহালের ও সম্পত্তির তত্ত্বাবধারণের কথা।

পরন্তু ২০ ধারার বিধানমতে রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষণের ভার যে কোর্টের প্রতি অর্পিত হয়, রাজানুপালিতের সম্পত্তি যে স্থানে থাকুক ঐ কোর্ট তৎসম্পর্কীয় খরচের ও দত্ত টাকার উপর ও ঐ সম্পত্তির হিসাবের উপর সাধারণ কর্ত্তৃত্ব রাখিবেন।

আরো বোর্ডের সাহেবেরা কার্য্যাধ্যক্ষতার যে নিয়ম অত্যুপযুক্ত বোধ করেন, রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত কোর্ট সেই নিয়মানুসারে

wherever situated, under such form of management as may appear to the Board advisable,

or take any other action which may seem convenient for the due care of the ward's interests, and the efficient management of his property.

Collector to be subject to court

22. All orders and proceedings of a Collector under the provisions of this Act shall be subject to the revision of the court, and every person aggrieved by any such order or proceeding may, within a month from the date of such order or proceeding, prefer an appeal therefrom to the court in charge of the estate in respect of which such order has been made or proceeding taken; or in case such order has not been made in respect of an estate, then to the court in charge of the ward in respect of whom or of whose property such order has been made or proceeding taken.

Provided that the court may, if it thinks fit revise, modify, or reverse any such order or proceeding after the lapse of the said period of, one month, whether any appeal is preferred or not

PART V.

Mode of ascertaining the ground of disqualification.

Collector to report disqualification of proprietors.

23. Every Collector, immediately upon his receiving credible information that disqualification under this Act attaches to any proprietor of an estate in his district, shall report the same to the court of his division, and shall specify the nature of the disqualification.

Proceedings on death of a proprietor whose heirs are disqualified.

24. Whenever any Collector receives information that any proprietor of an estate within his district has died, and that the heirs of such proprietor are disqualified, such Collector may take order for the safety and preservation of any moveable property of such deceased proprietor, and of all deeds, documents, and papers relating to any portion of the property of such proprietor, and for that purpose cause the same or any part thereof to be removed to any public treasury, or to place such guards in charge thereof as to him shall seem fit.

Inquiry in case of females.

25. If the Collector reports to the court that any female proprietor is disqualified from incompetency to manage her estate, the court shall immediately proceed to ascertain whether such proprietor is competent from her capacity and habits of business to manage her own

রাজানুপালিতের যে সম্পত্তি যেখানে থাকুক সেই সমস্তের কি তাহার কোনং অংশের সম্পূর্ণ কর্ত্তৃত্ব তাঃ প্রাপ্ত হন, বোর্ড এমত আজ্ঞা করিতে পারিবেন,

কিম্বা রাজানুপালিত ব্যক্তির যথোপযুক্ত স্বার্থরক্ষা ও তদীয় সম্পত্তির যথাযোগ্য অধ্যক্ষতা হই বার জন্য যে কার্য্য সুবিধা জ্ঞান করেন করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেবের কোর্টের অধীন থাকার কথা।

২২ ধারা। এই আইনের বিধানমতে কালেক্টর সাহেব যে সকল আজ্ঞা ও কার্য্য করেন কোর্ট তাহা পুনঃদৃষ্টি করিতে পারিবেন। কোন ব্যক্তি তদ্রূপ আজ্ঞা কি কার্য্যদ্বারা ক্ষুব্ধ হইলে, যে মহালসম্পর্কে ঐ আজ্ঞা কি কার্য্য হয়, ঐ আজ্ঞার কি কার্য্যের তারিখ অবধি এক মাসের মধ্যে সেই মহালের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কোর্টে আপীল করিতে পারিবেন। সেই আজ্ঞা মহালসম্পর্কীয় না হইলে যে রাজানুপালিতের কিম্বা যাঁহার সম্পত্তি সম্পর্কে ঐ আজ্ঞা কি কার্য্য করা যায় সেই রাজানুপালিতের রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত কোর্টে আপীল করিতে পারিবেন।

পরন্তু আপীল করা গেলে বা না গেলেও ঐ কোর্ট বিহিত বিবেচনা করিলে উক্ত মাস গত হইলে পর পূর্ব্বোক্ত আজ্ঞা কি কার্য্য সংশোধন কি মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

৫ পঞ্চম খণ্ড।

অযোগ্যতার মূল নির্ণয় করিবার বিধি।

ভূম্যধিকারীরা অযোগ্য হইলে কালেক্টর সাহেবের রিপোর্ট করিবার কথা।

২৩ ধারা। কোন কালেক্টর সাহেবের জিলার অন্তর্গত কোন মহালের অধিকারী এই আইনমতে অযোগ্য, তিনি বিশ্বাসযোগ্য এমত সন্ধান প্রাপ্ত হইলেই আপন খণ্ডের কোর্টে সেই কথার রিপোর্ট করিয়া সেই অযোগ্যতার ভাবও নির্দ্দেশ করিবেন ইতি।

যাঁহার উত্তরাধিকারিরা অযোগ্য এমত ভূম্যধিকারির মৃত্যু হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

২৪ ধারা। কোন কালেক্টর সাহেবের জিলার মধ্যে মহালের কোন অধিকারী মরিয়াছেন ও তাঁহার উত্তরাধিকারিরা অযোগ্য আছেন কালেক্টর সাহেব এই মর্ম্মের সম্বাদ পাইলে ঐ মৃত ভূম্যধিকারির অস্থাবর সম্পত্তি এবং তদীয় সম্পত্তির কোন অংশসম্বন্ধীয় সকল দলীল ও লিপি ও কাগজপত্র নিরাপদে রক্ষা করিতে সযত্ন হইবেন। তদর্থে ঐ সম্পত্তি প্রভৃতি কিম্বা তাহার কোন অংশ রাজকীয় কোন খাজানাখানায় আনাইয়া রাখিতে পারিবেন, কিম্বা যে প্রকারের রক্ষককে নিযুক্ত করা বিহিত বোধ করেন নিযুক্ত করিতে পারিবেন ইতি।

স্ত্রীলোক হইলে অনুসন্ধানের কথা।

২৫ ধারা। কোন ভূম্যধিকারিণী আপন সম্পত্তির অধ্যক্ষতা করিতে অসমর্থা প্রযুক্ত অযোগ্যা কালেক্টর সাহেব কোর্টে এমত রিপোর্ট করিলে তিনি বিষয় কার্য্য করিবার শক্তি ও অনুশীলন দ্বারা আপন মহালের অধ্যক্ষতা কার্য্য নির্ব্বাহ করিতে সমর্থ কি না, কোর্ট অবিলম্বে ইহা নিশ্চয়মতে জানিতে চেষ্টা

estate, and shall, if satisfied that such proprietor is competent to manage her own estate, by an order under the seal of the court exempt her from the operation of this Act, and if not so satisfied, shall by a like order declare such proprietor to be a ward, and shall immediately take charge of her estate under the provisions of this Act.

Inquiry in case of minors.

26. If any proprietor who does not reside within the local limits of the jurisdiction of the High Court is reported to be under the age of twenty-one, the court shall direct the Collector to proceed to enquire into the age of such proprietor, and for that purpose the Collector shall have power to require the production in person of such proprietor, if a male, and of all documents from which the truth of such matter may appear, and to take evidence of witnesses.

The Collector shall record such evidence and report thereupon, and shall submit such report and all evidence taken by him to the court.

The court shall thereupon make an order declaring the age of such proprietor, and such order shall be final and conclusive for all the purposes of this Act.

The court shall retain all documentary evidence filed with such report until the proprietor attains the age of twenty-one years, unless, upon an application made in that behalf, it thinks fit to allow any such document to be restored to the owner thereof.

Production of ward under age of twenty-one and order for his temporary custody.

27. The Collector may direct that any person having the unlawful custody or being unlawfully in possession of the person of any ward under the age of twenty-one, shall produce him or her before the Collector on a day fixed by him, and may make such order for the temporary custody and protection of such ward as may appear proper.

The Collector may punish any person disobeying his orders under this section with a fine not exceeding five hundred rupees, and with a daily fine not exceeding two hundred rupees until the production of the person of such ward.

In the case of a female ward she shall not be brought into court.

Inquiry in case of lunatics, &c.

28. If a proprietor who does not reside within the local limits of the jurisdiction of the High Court is deemed disqualified on the

করিবেন, ও তিনি আপন মহালের অধ্যক্ষতা কার্য্য করিতে সমর্থা ঐ কোর্ট ইহা সন্তোষমতে জ্ঞাত হইলে আপনার মোহরাঙ্কিত আদেশপত্রদ্বারা তাঁহাকে এই আইনের বিধানহইতে মুক্ত করিতে পারিবেন। সন্তোষমতে জ্ঞাত না হইলে তদ্রূপ আজ্ঞাপত্রদ্বারা ঐ ভূম্যধিকারিণীকে রাজানুপালিতা বলিয়া প্রকাশ করিবেন ও এই আইনের বিধানমতে তৎক্ষণাৎ তাহার মহালের আধিপত্য গ্রহণ করিবেন ইতি

অপ্রাপ্ত বয়স্ক হইলে অনুসন্ধানের কথা।

২৬ ধারা। কোন ভূম্যধিকারী হাইকোর্টের বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানবাসি না হইয়া একবিংশ বৎসরের ন্যূনবয়স্ক বলিয়া রিপোর্ট হইলে, কোর্ট কালেক্টর সাহেবকে ঐ ভূম্যধিকারীর বয়সের সন্ধান লইতে আজ্ঞা করিবেন, পুরুষ হইলে কালেক্টর সাহেব তাঁহাকে তদর্থে নিকট আনাইতেও পারিবেন ও বাল্যাবস্থার প্রমাণার্থে সকল লিপি উপস্থিত করিবার আজ্ঞা করিতে এবং সাক্ষিদের সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন।

কালেক্টর সাহেব সেই সাক্ষ্য লিপিবদ্ধ করিয়া তদ্বিষয়ের রিপোর্ট লিখিবেন এবং সেই রিপোর্ট ও আপনার গৃহীত সকল সাক্ষ্য কোর্টে অর্পণ করিবেন।

তাহা হইলে ঐ কোর্ট উক্ত ভূম্যধিকারির বয়সের নির্দ্দেশসূচক আজ্ঞা করিবেন। ও সেই আজ্ঞা এই আইনের কার্য্যার্থে চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে।

উক্ত রিপোর্টের সহিত যে সকল লিখিত প্রমাণ অর্পণ করা যায় ভূম্যধিকারির একবিংশ বৎসর বয়স প্রাপ্ত না হওন পর্য্যন্ত ঐ কোর্ট তাহা নিকটে রাখিবেন। কিন্তু ঐ পত্রাদি পাইবার প্রার্থনা হইলে, ঐ কোর্ট উচিত বোধ করিলে স্বামিকে ঐ পত্রাদি ফিরাইয়া দিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

একবিংশ বৎসরের ন্যূন বয়স্ক রাজানুপালিতকে উপস্থিত করাইবার ও কিয়ৎকাল তাহার রক্ষণের আজ্ঞা করিবার কথা।

২৭ ধারা। একবিংশ বৎসরের ন্যূনবয়স্ক রাজানুপালিত পুরুষ কি স্ত্রী অবৈধমতে অন্য ব্যক্তির সংরক্ষণে কিম্বা অবৈধমতে তাঁহার অধিকারে থাকিলে কালেক্টর সাহেব আপনার নিরূপিত কোন দিনে আপনার নিকটে ঐ অনুপালিত ব্যক্তিকে উপস্থিত করিবার আদেশ করিতে পারিবেন, এবং তাঁহার কিয়ৎকাল রক্ষণাবেক্ষণের ও আশ্রয়ের যে আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন করিতে পারিবেন।

এই ধারামতে কালেক্টর সাহেব যে আজ্ঞা করেন তাহার অবমাননা হইলে তিনি পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড ও ঐ রাজানুপালিত ব্যক্তিকে যত দিন উপস্থিত না করা যায় তাহার দিনপ্রতি দুই শত টাকার অনধিক অর্থদণ্ড ধার্য্য করিতে পারিবেন।

স্ত্রীলোক হইলে তাহাকে আদালতে উপস্থিত করা যাইবে না ইতি।

ক্ষিপ্তমনা প্রভৃতি হইলে অনুসন্ধানের কথা।

২৮ ধারা। কোন ভূম্যধিকারী হাইকোর্টের এলাকার সীমার [illegible] স্থানবাসি না হইয়া [illegible] কি ক্ষিপ্তমনা প্রযুক্ত তাঁহাকে অযোগ্য

ground of idiocy or lunacy, the court shall order the Collector making such report to apply, in pursuance of the provisions of Act XXXV of 1858, to the civil court of the district within the jurisdiction of which such proprietor may reside.

Proceedings in case of proprietor found lunatic by High Court.

29. If a proprietor is found by any High Court of Judicature, under the provisions of Act XXXIV of 1858, to be of unsound mind and incapable of managing his affairs, the court may (subject to the powers of the High Court under the said Act XXXIV of 1858) take charge of the estate and lands of such proprietor situated beyond the local limits of the jurisdiction of such High Court, and deal with the same subject to the provisions of this Act.

Proceedings in case of proprietor found lunatic by civil court.

30. If a proprietor resident beyond the provinces for the time being subject to the Lieutenant-Governor of Bengal is declared, by a civil court of competent jurisdiction, under the provisions of Act XXXV of 1858, to be of unsound mind and incapable of managing his own affairs, the court may take charge of the estate and lands of such proprietor situated within the said provinces, and deal with the same subject to the provisions of this Act.

Procedure if cases mentioned in sections 28 and 29 occur.

31. In any such case as is mentioned in sections 29 and 30 no further proceedings shall be taken under section 28, nor shall the court appoint a guardian of the person of the said proprietor:

and the surplus income of the property so taken charge of by the court, after providing for the discharge of the Government revenue and the expenses of management, shall be disposed of from time to time in such manner as the said High Court or civil court shall direct, and not otherwise.

Civil court to make enquiry regarding disqualification on ground of natural or acquired defect or infirmity.

32. If a proprietor who does not reside within the local limits of the jurisdiction of the High Court is reported by the Collector to be disqualified on the ground of some natural or acquired defect or infirmity, other than unsoundness of mind, the court shall order the Collector making the report to apply to the civil court within whose jurisdiction such person may be residing, and upon such Collector applying, such civil court shall institute an enquiry for the purpose of ascertain-

বলিয়া জ্ঞান হইলে যে কালেক্টর সাহেব সেই রিপোর্ট করেন কোর্ট তাঁহাকে ১৮৫৮ সালের ৩৫ আইনের বিধানমতে দরখাস্ত লিখিয়া ভুম্যাধিকারী যে জিলার এলাকার মধ্যে বাস করেন, তথাকার দেওয়ানী আদালতে ঐ দরখাস্ত দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

হাই কোর্ট ভুম্যধিকারিকে ক্ষিপ্ত নির্ণয় করিলে ইতিকর্তব্যতার কথা।

২৯ ধারা। ১৮৫৮ সালের ৩৪ আইনের বিধানমতে কোন হাই কোর্ট কোন ভুম্যধিকারিকে বিকৃতমনা ও স্বীয় বিষয় ব্যাপারের অধ্যক্ষতা করিতে অক্ষম নির্ণয় করিলে ১৮৫৮ সালের উক্ত ৩৪ আইনমতে হাই কোর্টের যে শক্তি আছে কোর্ট তাহা প্রবল মানিয়া ঐ ভুম্যধিকারির যে মহাল ও ভুমি পুর্ব্বোক্ত হাইকোর্টের সীমার বহিভূত থাকে তাহার কর্তৃত্বভার গ্রহণ করিয়া তদ্বিষয়ে এই আইনের বিধানানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

দেওয়ানি আদালত ভুম্যধিকারিকে ক্ষিপ্ত নির্ণয় করিলে ইতি কর্তব্যতার কথা।

৩০ ধারা। যৎকালে যে দেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে ১৮৫৮ সালের ৩৫ আইনের বিধানমতে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন দেওয়ানী আদালত সেই দেশের বহিভূত স্থানবাসি ভুম্যধিকারিকে বিকৃতমনা ও স্বীয় বিষয়ব্যাপারের অধ্যক্ষতা করিতে অক্ষম নির্ণয় করিলে, কোর্ট উক্ত ভুম্যধিকারির ঐ প্রদেশের অন্তর্গত মহাল ও ভুমির কর্তৃত্বভার গ্রহণ করিয়া তদ্বিষয়ে এই আইনের বিধানমতে কার্য্য করিতে পারিবেন ইতি।

২৮ ও ২৯ ধারার উল্লিখিত স্থলের কার্য্য প্রণালীর কথা।

৩১ ধারা। ২৯ ও ৩০ ধারার উল্লিখিত কোন স্থলে ২৮ ধারার বিধানানুযায়ি আর কার্য্য করা যাইবে না এবং ঐ কোর্ট উক্ত ভুম্যধিকারির অভিভাবক নিযুক্ত করিবেন না।

আর উক্ত কোর্ট যে সম্পত্তির কর্তৃত্বভার গ্রহণ করেন তাহার আয় হইতে গবর্ণমেণ্টের রাজস্ব ও কার্য্যাধ্যক্ষতার খরচ দিলে পর যাহা উদ্বর্ত্ত থাকে উক্ত হাই কোর্ট তাহা লইয়া সময়ে২ যাহা করিবার আজ্ঞা করেন তদ্রূপে কার্য্য হইবে অন্য প্রকারে নয় ইতি।

স্বাভাবিক কি ঘটনাধীন দোষ কি দুর্ব্বলতাহেতুক অযোগ্যতা বিষয়ে দেওয়ানী আদালতের অনুসন্ধান লইবার কথা।

৩১ ধারা। হাই কোর্টের বিচারাধিপত্যের সীমার বহিভূত স্থানবাসি কোন ভুম্যধিকারী মনের বিকৃতি ভিন্ন স্বাভাবিক কি ঘটনাধীন কোন দোষ কিম্বা দুর্ব্বলতাহেতুক অযোগ্য কালেক্টর সাহেব এমত রিপোর্ট করিলে ঐ ব্যক্তি যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্যের মধ্যে বাস করেন, কোর্ট সেই রিপোর্টকারি কালেক্টর সাহেবকে সেই আদালতে দরখাস্ত লিখিয়া প্রার্থনা করিবার আজ্ঞা দিবেন। ও কালেক্টর সাহেব তদ্রূপ প্রার্থনা করিলে, সেই ব্যক্তি অযোগ্যতাজনক ঐ দোষ কি

ing whether such person is or is not subject to such disqualifying defect or infirmity.

Proceedings in case of defect or infirmity when proprietor in jurisdiction of High Court.

19. Whenever any person whose name has been included in any list of defaulters disputes his liability to pay the amount mentioned in such list, or any portion thereof, he may apply to the Deputy Commissioner either orally or in writing, stating the grounds of his objection, and the Deputy Commissioner shall examine his objection and pass such order thereon as to him shall seem proper.

Objection to levy how to be made.

20. No arrears of any assessment payable under this Act shall be levied by distress after the expiration of one year from the day on which the same shall have become due.

Distress not to be levied after a year.

21. No distress levied under this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in any list, assessment, notice, summons, power, writing, inventory, or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser from the commencement on account of any irregularity afterwards committed by him; but all persons aggrieved by such irregularities may recover full satisfaction for any special damage sustained by them in any court of competent jurisdiction, subject to the provisions of section thirty-four of this Act.

Irregularities not to avoid distress.

১৭ ধারা। উক্ত প্রকারের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ঐ বাকীদারদের অস্থাবর সম্পত্তির যে অংশ প্রচুর বোধ করেন তাহা ক্রোক করিয়া আপনার জিম্মায় রাখিয়া সেই ক্রোককরা সকল অস্থাবর সম্পত্তির ফর্দ্দ লিখিয়া সেই সময়ে ঢেড়রা দিয়া ঐ অস্থাবর সম্পত্তি নীলাম করিবার সময়ের ও স্থানের নোটিস দিবেন।

ক্রোক যে রূপে করা যাইবে তদ্বিষয়ের কথা।

নীলাম করিবার সময় ঐ ঘোষণা করণের সময়াবধি পাঁচ দিনের কম কি দশ দিনের অধিক হইবে না ইতি।

১৮ ধারা। বাকীদার ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপনার দেনা টাকা ও খরচার যে অংশ তাঁহার পক্ষে দেনা হয় তাহা না দিলে, তাঁহার ক্রোক করা ঐ অস্থাবর সম্পত্তি, কিম্বা তাহার যে অংশ নীলাম করা আবশ্যক তাহা, নির্দ্দিষ্ট স্থানে ও সময়ে নীলাম করিয়া বিক্রয় করা যাইবে, ও তদ্দারা যে টাকা পাওয়া যায় তাহা হইতে তাঁহার দেনা ও খরচা লওয়া যাইবে। উদ্বৃত্ত থাকিলে ঐ ক্রোক করা সম্পত্তির স্বামিকে ফিরিয়া দেওয়া যাইবে।

পরওয়ানা জারী করে নীলামের কথা।

ডেপুটী কমিশ্যনর সাহেব এই ধারা ও ইহার পূর্ব্ব দুই ধারামতে খরচাছাড়া যে টাকা আদায় করেন তাহা এই আইনের ১৫ ধারার উল্লিখিত জমীদারকে কি যোতদারকে দেওয়া যাইবে ইতি।

১৯ ধারা। বাকীদারদের কোন ফর্দ্দে যাঁহাদের নাম লেখা যায় এমত কোন ব্যক্তি ঐ ফর্দ্দে লিখিত টাকা কি তাহার কোন অংশ দিবারযোগ্য নই বলিয়া আপত্তি করিলে, তিনি ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট প্রার্থনা করিয়া কথার দ্বারা কিম্বা লিখিয়া আপনার আপত্তির হেতু জানাইবেন, ও ডেপুটী কমিশ্যনর সাহেব সেই আপত্তি বিবেচনা করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

কর আদায় করিবার আপত্তি যে রূপে করিতে হইবে তাহার কথা।

২০ ধারা। এই আইনমতে কোন কর বাকী পড়িলে, তাহা যে তারিখে দেনা ছিল সেই তারিখ অবধি এক বৎসর গত হইলে পর ক্রোক করণদ্বারা আদায় করা যাইবে না ইতি।

এক বৎসরের পর ক্রোক করিয়া না লইবার কথা।

২১ ধারা। এই আইনমত কোন দ্রব্য ক্রোক করণসম্পর্কীয় কোন ফর্দ্দ কি করপত্র কি নোটিস কি সমন কি ক্ষমতা কি লিপি কি নির্ঘণ্টপত্র কি অন্য আনুষ্ঠানিক কার্য্য সম্পর্কে দাঁড়ার ত্রুটি কি অভাব থাকিলেও সেই ক্রোক বেআইনী বলিয়া [illegible] হইবে না ও কোন ব্যক্তিকে অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান হইবে না ও উক্ত ব্যক্তি পশ্চাৎ কোন বেদাঁড়ার কার্য্য করিলেও তাহাকে প্রথমাবধি অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান করিতে হইবে না।

দাঁড়ামতে কার্য্য না হইলেও ক্রোক অসিদ্ধ না হওয়ার কথা।

কিন্তু সেই বেদাঁড়ার কর্ম্মহেতুক যে সকল ব্যক্তি হানিগ্রস্ত হন এই আইনের ৩৪ ধারার বিধান মান্য করিয়া তাঁহারা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে আপনাদের কোন বিশেষ হানির সম্পূর্ণ পরিশোধ পাইতে পারিবেন ইতি।

Duties of village policeman.

22. Every village policeman appointed under this Act shall perform the following duties:—

1st.—He shall give immediate information to the officer in charge of the police-station within the limits of which the village of which he is village policeman is situated of every unnatural, suspicious, or sudden death which may occur, and of every offence specified in Schedule B hereto annexed which may be committed within such village, and he shall further keep the police informed of all disputes which are likely to lead to any riot or serious affray.

2nd.—He shall arrest all proclaimed offenders and all persons whom he may find in the act of committing any offence specified in Schedule B hereto annexed.

3rd.—He shall observe, and from time to time report to the officer in charge of the police-station within the limits of which such village may be situated, the movements of all bad characters in such village.

4th.—He shall report to the officer in charge of such police-station the arrival of suspicious characters in the neighbourhood.

5th.—He shall present himself at such police station twice in each week if it be within two miles of such village, and if it be more remote, once in each week or once in each fortnight, as the Deputy Commissioner may direct.

6th.—He shall supply any local information which the Deputy Commissioner or any officer of police may require.

7th.—He shall obey the orders of the Deputy Commissioner in regard to keeping watch in the village and other matters connected with his duties as village policeman.

Procedure on arrest by village policeman.

23. Whenever a village policeman arrests any person, he shall forthwith take the person so arrested to the police-station within the jurisdiction of which the village of which he is village policeman is situated: provided that if the arrest is made at night, such person shall be so taken as soon as convenient on the following morning.

গ্রামীয় পোলীসের লোকের কর্ত্তব্য কর্ম্মের কথা।

২২ ধারা। এই আইনমতে গ্রামীয় পোলীসের যে প্রত্যেক লোক নিযুক্ত হন তাহাঁর নিম্নলিখিত সকল কর্ম্ম করিতে হইবে।

প্রথম।— যে গ্রামের পোলীসের লোক হন, সেই গ্রামের মধ্যে কোন ব্যক্তির অস্বাভাবিক কি সন্দেহযুক্ত কি হঠাৎ মৃত্যু হইলে, ও এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট কোন অপরাধ করা গেলে, ঐ গ্রাম যে পোলীস থানার সীমার মধ্যে থাকে সেই থানার প্রধান কর্ম্মকারককে সেই বিষয়ের সম্বাদ দিবেন, ও কোন বিবাদ হইয়া দাঙ্গা কি ভারীহঙ্গামা হওয়ার সম্ভাবনা হইলে, পোলীসকে সেই কথা জ্ঞাত করিয়া রাখিবেন।

২ দ্বিতীয়।—অপরাধী বলিয়া যাহাদের নাম ঘোষণা করা যায় তাহাকে, ও কোন ব্যক্তিকে এই আইনের B তফসীলের লিখিত কোন অপরাধ করিতে দেখিলে তাহাকে গ্রেপ্তার করিবেন.

৩তৃতীয়।—ঐ গ্রামের মধ্যে যে লকস দুশ্চরিত্র লোক থাকে তাহাদের উপর দৃষ্টি রাখিবেন, ও গ্রাম যে পোলীস থানার সীমার মধ্যে আছে সেই থানায় ঐ লোকদের কথা রিপোর্ট করিবেন।

৪ চতুর্থ।—যাহাদের চরিত্র বিষয়ে সন্দেহ থাকে এমত লোক গ্রামের নিকট আইলে পোলীস থানার প্রধান কর্ম্মকারকের নিকট তাহাদের আসিবার কথা রিপোর্ট করিবেন।

৫ পঞ্চম।—গ্রামহইতে ঐ থানা দুই মাইলের মধ্যে থাকিলে সপ্তাহে দুইবার থানায় যাইবেন, দুই মাইলের অধিক দুর হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব যেমত আজ্ঞা করেন তেমনি সপ্তাহ কি দুই সপ্তাহ অন্তর এক বার থানায় যাইবেন।

৬ ষষ্ঠ।—ডেপুটী কমিশ্যনর সাহেব কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক গ্রামের কোন সন্ধান জানিতে চাহিলে জানাইবেন।

৭।—গ্রামে চৌকী রাখার বিষয়ে ও গ্রামের পোলীসের লোক স্বরূপ তাঁহার অন্যং কর্ম্ম বিষয়ে তিনি ডেপুটী কমিশ্যনর সাহেবের আজ্ঞা মানিবেন ইতি।

গ্রামীয় পোলীসের লোক কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিলে কার্য্য প্রণালীর কথা

২৩ ধারা। গ্রামীয় পোলীসের লোক কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিলে, যে গ্রামের পোলীসের লোক হন সেই গ্রাম যে পোলীস থানার সীমারমধ্যে থাকে ঐ ব্যক্তিকে তৎক্ষণাৎ সেই থানায় লইয়া যাইবেন। কিন্তু রাত্রিতে গ্রেপ্তার করিয়া থাকিলে পর দিন সকালে সুবিধামতে শীঘ্র করিয়া তাহাকে লইয়া যাইবেন ইতি।

PART III.

Road Police.

24. As soon as may be after the commencement of this Act, the Deputy Commissioner shall prepare a list showing what zemindars or under-tenure holders within his district hold their tenures subject to a condition, either expressed or implied, of protecting lines of roads or passes, and shall fix the number of road patrols to be kept up for such roads or passes, and the salary to be paid monthly to each road patrol: provided that such salary shall in no case be less than three nor more than five rupees per mensem.

List of zemindars and under-tenure holders liable for maintenance of road patrols to be prepared.

25. A copy of the entry in such list affecting him shall be given to each such zemindar or under-tenure holder.

Copy of entry to be given to each zemindar or under-tenure holder.

If any zemindar or under-tenure holder is dissatisfied with such entry, he may appeal, within thirty days of the receipt of the copy of the entry, to the Commissioner, who shall pass such order as to him seems proper.

26. When any land is held under any zemindar or under-tenure holder by any road patrol in lieu of, or in addition to, his salary for the protection of any road or pass, the zemindar or under-tenure holder, who is responsible for the protection of such road or pass, shall, if assessed under section twenty-four of this Act, be entitled to receive rent for such land at the same rate as is paid for similar ryotwari land in the vicinity.

To zemindars and under-tenure holders entitled to receive rent for land held by road patrol in lieu of, or in addition to, his salary.

An order under the hand of the Deputy Commissioner in the form in Schedule C hereto annexed shall be furnished to such zemindar or under-tenure holder.

27. All zemindars and under-tenure holders specified in the list mentioned in section twenty-four of this Act shall pay the amount entered therein against their names to the District Superintendent of Police monthly, who shall pay the same to the road patrols to whom it may be due.

Payments to whom to be made.

28. If the amount due from any zemindar or under-tenure holder for any month is unpaid after the fifteenth day of the next succeeding month, the Deputy Commissioner shall issue a notice calling on the defaulting zemindar or under-tenure holder to pay the same, together with the costs of serving the notice, within fifteen days from the service of the notice.

Procedure on default of payment.

তৃতীয় খণ্ড।

পথের পোলীস বিষয়ক বিধি।

২৪ ধারা। ডেপুটী কমিশ্যনর সাহেবের জিলার মধ্যে যে জমীদারেরা বা যোতদারেরা স্পষ্টরূপে কি ভাবত রাস্তা কি দুই পর্ব্বতের মধ্য পথ রক্ষা করিবার নিয়মে আপনাদের ভূমি ভোগ করেন, এই আইন প্রচলিত হওনের পর যত শীঘ্র হইতে পারে তিনি তত শীঘ্র তাঁহাদের নামের ফর্দ্দ প্রস্তুত করিয়া ও সেই ২ পথের কি দুই পর্ব্বতের মধ্য পথের নিমিত্ত যত জন রোঁদগস্তকে রাখিবে ও প্রত্যেক জন রোঁদগস্তকে মাসে কত বেতন দিতে হইবে ইহা স্থির করিবেন। কিন্তু তাহাদের কোন জনের মাসে ৩ তিন টাকার কম কি ৫ পাঁচ টাকার অধিক বেতন হইবে না ইতি

যে জমীদারেরা ও যোতদারেরা রোঁদগস্তদের প্রতিপালন করিবার দায়ী তাঁহাদের ফর্দ্দ প্রস্তুত করিবার কথা।

২৫ ধারা। ঐ ফর্দ্দের যে কথা যে জমীদারের বা যে যোতদারের প্রতি খাটে তাঁহাকে ঐ কথার নকল দেওয়া যাইবে।

ফর্দ্দে যে কথা লেখা থাকে তাহার নকল প্রত্যেক জমীদারকে ও যোতদারকে দিতে হইবার কথা।

কোন জমীদার কি যোতদার সেই কথায় সন্তুষ্ট না হইলে তিনি ঐ নকল পাইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন ও কমিশ্যনর সাহেব যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

২৬ ধারা। রোঁদগস্ত কোন পথ বা দুই পর্ব্বতের মধ্য পথ রক্ষা করিবার জন্য বেতন স্বরূপ বা বেতনের অতিরিক্ত কোন জমীদারের বা যোতদারের অধীনে ভূমি ভোগ করিলে, যে জমিদার কি যোতদার ঐ পথ কি দুই পর্ব্বতের মধ্য পথ রক্ষা করিবার দায়ী হন যদি এই আইনের ২৪ ধারামতে তাঁহার কর ধার্য্য হয়, তবে নিকটস্থ রায়তওয়ারী সেই প্রকারের জমীর যত খাজানা হইয়া থাকে তিনি ঐ জমীর নিমিত্তও সেই হারে খাজানা লইতে পারিবেন।

রোঁদগস্ত বেতন স্বরূপ বা বেতনের অতিরিক্ত ভূমি ভোগ করিলে জমিদারদের ও যোতদারদের সেই জমীর খাজানা লইবার স্বত্ববান হওয়ার কথা।

এই আইনের C তফসীলের পাঠে ডেপুটী কমিশ্যনর সাহেবের স্বাক্ষরযুক্ত অনুজ্ঞাপত্র ঐ জমীদারকে কি যোতদারকে দেওয়া যাইবে ইতি।

২৭ ধারা। এই আইনের ২৪ ধারার উল্লিখিত ফর্দ্দের নির্দ্দিষ্ট যে জমীদারের ও যোতদারের নামে যত লেখা থাকে তিনি মাসে২ পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে তত দিবেন ও যে রোঁদগস্তের যত পাওনা থাকে ঐ সাহেব তাঁহাকে তত দিবেন ইতি।

যাঁহাকে টাকা দিতে হইবে তদ্বিষয়ক কথা।

২৮ ধারা। কোন মাসে কোন জমীদারের কি যোতদারের স্থানে যত পাওনা হয় তৎপর মাসের ১৫ পনের তারিখপর্য্যন্ত না দেওয়া গেলে, ডেপুটী কমিশ্যনর সাহেব ঐ বাকাদার জমীদারের বা যোতদারের নামে নোটিস জারি করিয়া ঐ নোটীস জারী হওয়ার তারিখ অবধি ১৫ পনের দিনের মধ্যে ঐ টাকা ও নোটিস জারি করিবার খরচা দিতে আদেশ করিবেন ইতি।

ঐ টাকা না দেওয়া গেলে কার্য্য প্রণালীর কথা।

Attachment of zemindari or tenure.

29. If the amount due is not paid within the time specified, the Deputy Commissioner may attach the holding of such zemindar or under-tenure holder, and retain possession of the same until the amount due has been recovered out of the income derivable therefrom.

Duties of road patrols.

30. Every road patrol appointed under this Act shall perform the following duties:—

1st.—He shall patrol the roads within his beat under instructions from the District Superintendent of Police, and shall protect all travellers passing along his beat.

2nd.—He shall arrest all proclaimed offenders and all persons whom he may find in the act of committing any offence specified in Schedule B hereto annexed.

3rd.—He shall report to the officer in charge of the police-station within which his beat is situated the movements of all bad or suspicious characters along his beat, as well as all unusual circumstances that come to his notice.

4th.—He shall supply any local information which the Deputy Commissioner or any officer of police may require.

PART IV.

MISCELLANEOUS.

Power to appoint and dismiss village policeman or road patrol.

31. Subject to the approval of the Deputy Commissioner, the District Superintendent of Police may appoint, and for any misconduct or neglect of duty may dismiss, any village policeman or road patrol.

Village policeman and road patrol not to withdraw from his duties or resign without permission.

32. No village policeman or road patrol shall withdraw himself from the duties of his office without the express permission of the District Superintendent of Police, or of some other officer authorized to grant such permission;

and no village policeman or road patrol shall resign his office without the permission of the said District Superintendent, unless he has given to his superior officer, at least two months previously, a written notice of his intention to resign.

Power to fine village policeman or road patrol.

33. Every village policeman or road patrol who is guilty of any wilful misconduct in his office or neglect of his duty, such

ভূমিক্রোক করিবার কথা।

২৯ ধারা। ঐ দেনা টাকা নির্দ্দিষ্ট সময়ের মধ্যে দেওয়া না গেলে ডেপুটী কমিশ্যনর সাহেব সেই জমীদারের কি যোতদারের জমী ক্রোক করিয়া তাহার উৎপন্ন আয় হইতে ঐ দেনা টাকা আদায় না করণ পর্য্যন্ত তাহা দখল করিয়া রাখিবেন ইতি।

রোঁদগস্তদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৩০ ধারা এই আইনমতে যে২ রোঁদগস্ত নিযুক্ত হন তাঁহাদের এই ২ কর্ম্ম করিতে হইবে।

প্রথম।—পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আদেশমতে আপন পাড়ার সকল রাস্তায় রোঁদগস্তা করিয়া সেই পাড়ার অন্তর্গত সকল যাত্রিদের রক্ষা করিবেন।

দ্বিতীয়।—যাহাদিগকে অপরাধী বলিয়া ঘোষণা করা গেল, ও যাহাদিগকে এই আইনের B তফসীলের কোন অপরাধ করিতে দেখিতে পান তাহাদিগকে গ্রেফ্তার করিবেন।

তৃতীয়।—তাঁহার পাড়ার মধ্যে কুচরিত্র কি সন্দেহযুক্ত ব্যক্তিরা যাহা ২ করিয়া থাকে, ও অসামান্য যে সকল ব্যাপারের সন্ধান জানিতে পান, আপনার পাড়া যে পোলীসথানার এলাকায় থাকে সেই থানার প্রধান কর্ম্মকারকের নিকট রিপোর্ট করিবেন।

চতুর্থ।—ডেপুটী কমিশ্যনর সাহেব কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক স্থানের যে সন্ধান জানিতে চাহেন তাহা জানাইবেন ইতি।

৪ চতুর্থ খণ্ড।

বিবিধ বিধি।

গ্রামীয় পোলীসের লোককে কি রোঁদগস্তকে নিযুক্ত ও বিদায় করিয়া দিবার ক্ষমতার কথা।

৩১ ধারা। ডেপুটী কমিশ্যনর সাহেবের মঞ্জুরীর অপেক্ষায় পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব গ্রামীয় পোলীসের কোন লোককে কিম্বা কোন রোঁদগস্তকে নিযুক্ত করিতে ও কোন অত্যাচারের কি কর্ম্মে শৈথিল্যের নিমিত্ত তাহাকে কর্ম্ম হইতে ছাড়াইয়া দিতে পারিবেন ইতি।

গ্রামীয় পোলীসের লোকের ও রোঁদগস্তের অনুমতি না লইয়া কর্ম্ম ছাড়িয়া যাইতে কি ত্যাগ করিতে না পাওয়ার কথা।

৩২ ধারা। গ্রামীয় কোন পোলীসের লোক কি রোঁদগস্ত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্পষ্ট অনুমতি না পাইলে কিম্বা ঐ অনুমতি দিবার ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের অনুমতি না পাইলে আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবে না।

উক্ত ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি না পাইলে দুই মাস থাকিতে আপনার উপরিস্থ কার্য্যকারককে স্বীয় পদ ত্যাগ করিবার মানসের কথা না জানাইলে গ্রামীয় পোলীসের লোক কি রোঁদগস্ত আপন পদ ত্যাগ করিতে পারিবেন না ইতি।

গ্রামীয় পোলীসের লোকের কি রোঁদগস্তের জরিমানা করিবার কথা।

৩৩। গ্রামীয় পোলীসের কোন লোক কি রোঁদগস্ত আপন পদে ইচ্ছা করিয়া কোন অত্যাচারের কি কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্যের

misconduct or neglect not being an offence within the meaning of the Indian Penal Code, and not being of so grave a character as in the opinion of the District Superintendent of Police to require his dismissal from his office, shall be liable, under the order of the District Superintendent, to a fine not exceeding one month's salary.

অপরাধী হইলে, ও সেই অহিতাচার ও শৈথিল্য ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের অর্থানুসারে অপরাধ না হইলে, ও যদ্ধেতুক তাঁহাকে পদচ্যুত করা প্রয়োজন পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিন্টেণ্ডেণ্টের বিবেচনায় এমত ভারী দোষ না হইলে, ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞাক্রমে সেই ব্যক্তির এক মাসের বেতনের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Suits to be brought within four months of accrual of cause of action.

34. Every suit brought against the Deputy Commissioner, or any of his officers, or against any person acting under his direction, for anything done, or purporting to be done, by them under this Act, shall be commenced within four months next after the accrual of the cause of action, and not afterwards.

নালিশের হেতুর পর চারি মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিতে হইবার কথা।

৩৪ ধারা। ডেপুটী কমিশ্যনর সাহেব কি তাঁহার কোন কর্ম্মচারী কিম্বা তাঁহার আজ্ঞাধীনে কোন কর্ম্মকারক এই আইনমতে কোন কার্য্য করিলে কিম্বা কোন কার্য্য তাঁহাদের দ্বারা করা গেল বলিয়া দেখান গেলে, যদি তজ্জন্যে মোকদ্দমা উপস্থিত করিবার কল্পনা থাকে তবে নালিশের হেতু ঘটিবার পর চারি মাসের মধ্যে উক্ত মোকদ্দমার আরম্ভ করিতে হইবে তাহার পর নয় ইতি।

Local Government may appoint officer to perform functions of Deputy Commissioner.

35. The local Government may, if it thinks fit, appoint any officer to perform the functions of a Deputy Commissioner under this Act.

ডেপুটি কমিশ্যনরের কর্ম্ম নির্ব্বাহ করণার্থ কর্ম্মকারককে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত করিবার কথা।

৩৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে এই আইন মত ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম নির্ব্বাহার্থে কোন কার্য্য কারককে নি যুক্ত করিতে পারিবেন ইতি।

Service of notices.

36. Every notice under this Act shall be served either personally on the person to whom the notice is directed, or by affixing a true copy thereof on some conspicuous part of his dwelling-house or principal cutcherry within the district.

নোটিস জারি করিবার কথা।

৩৬ ধারা। এই আইনমত প্রত্যেক নোটিস যাঁহার নামে বাহির হয় নিজ তাঁহাকেই দেওয়া যাইবে কিম্বা তাঁহার বাসস্থানের কোন প্রকাশ স্থানে কি জিলার অন্তর্গত প্রধান কাছারিতে নোটিসের যথার্থ নকল লাগাইয়া তাহা জারী করা যাইবে ইতি।

Saving of liability of zemindar to report crimes.

37. Nothing contained in this Act shall diminish or in any way affect any liability, duty, or obligation of any zemindar or other landholder under any law for the time being in force to report crimes or offences occurring within his estate or tenure.

অপরাধ বিষয়ে জমীদারদের রিপোর্ট করিবার দায় প্রবল রাখার কথা।

৩৭ ধারা। কোন জমীদারের কি অন্য ভূম্যধিকারির মহালের কি তালুকের মধ্যে দোষ কি অপরাধ করা গেলে যৎকালের প্রচলিত যে আইন অনুসারে তাঁহাদের প্রতি সেই অপরাধের রিপোর্ট করিবার দায় বর্ত্তে কি রিপোর্ট করা তাহাদের কর্ত্তব্য হয় কি তাঁহারা রিপোর্ট করিতে বদ্ধ হন এই আইনের কোন কথাক্রমে তাঁহাদের সেই দায় প্রভৃতির ন্যূনতা বা ব্যতিক্রম হইবে না ইতি।

SCHEDULE A (*See Section* 16).

Form of Distraining Warrant.

Act of 1878.

On behalf of of . Whereas the several persons named in the list at foot hereof have made default in payment of the sums in the said Act set opposite to their respective names, you are hereby authorized and required to levy, by distress and sale of a sufficient portion

A তফসীল। (১৬ ধারা দেখ।)

ক্রোকী পরওয়ানা লিখিবার পাঠ।

১৮৭৮ সালের অমুক আইন।

অমুক গ্রামবাসি শ্রী অমুকের পক্ষে। নিম্নলিখিত ফর্দ্দে যে ব্যক্তিদের নাম লেখা আছে তাঁহারা উক্ত আইনমতে আপনাদের নামের পার্শ্বলিখিত টাকা দিতে ত্রুটি করিয়াছেন। অতএব শ্রী অমুক তোমার প্রতি এই ক্ষমতা প্রদান ও এই আজ্ঞা করা গেল, তুমি উক্ত বাকীদারদের অস্থাবর সম্পত্তির উপযুক্ত অংশ ক্রোক ও নীলাম করিয়া

of the moveable property of the said defaulters, t[illegible] [illegible]id several sums set opposite to their respective names, together with additional sums by way of costs as set forth.

(Sd.)

Deputy Commissioner.

Name and description.	Amount.	When due.	Costs.	Total.

তাঁহাদের নামের পার্শ্বলিখিত উক্ত টাকা, ও খরচ বলিয়া নিম্নলিখিত টাকা আদায় কর।

শ্রী

ডিপুটি কমিশ্যনর।

নাম ও বর্ণনা	যত টাকা	যে সময় দেনা পড়িল	খরচা	মোট

SCHEDULE B (*See Sections 22 and 30*).

Offences to be reported, and for which village policeman or road patrol may arrest.

Murder, culpable homicide, rape, dacoity, robbery, theft, mischief by fire, house-breaking, counterfeiting coin, causing grievous hurt, riot, and all attempts and preparations to commit, and abetments of, the said offences.

B তফসীল। (২২ ও ৩০ ধারা দেখ।)

যেহ অপরাধের রিপোর্ট করিতে হইবে ও যে অপরাধ হেতুক গ্রামীয় পোলীসের লোক বা পথের রোঁদগস্ত গেরেফ্তার করিতে পারেন।—

বধ, অপরাধযুক্ত নরহত্যা, বলাৎকার, ডাকাইতী দস্যুতা, চৌর্য্য, অগ্নিদ্বারা অপকার, সিধকাটা, মুদ্রা কৃত্রিম করণ, ভারি পীড়া জন্মাওন, হঙ্গমা, ও উক্ত অপরাধ করণের সকল চেষ্টা ও উদ্যোগ ও সহায়তা করণ।

SCHEDULE C (*See Section 26*).

Form of Transferring Order.

District of .

I , Deputy Commissioner of , do by this order under my hand made in pursuance of Act of 1878 of the Lieutenant-Governor of Bengal in Council, declare that zemindar (or under-tenure holder as the case may be) of is entitled to receive rent, at the same rate as is paid for similar ryotwari land in the vicinity, for the lands specified below and lately held by in consideration of his performing the duties of a road patrol.

Specification of lands.

Village

Pergunnah

Boundaries

Area

(Sd.)

Deputy Commissioner.

day of 187 .

C তফসীল। (২৬ ধারা দেখ।)

হস্তান্তর করণের আজ্ঞাপত্রের পাঠ।

অমুক জিলা।

অমুক স্থানের ডেপুটী কমিশ্যনর শ্রীঅমুক আমি বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ১৮৭৮ সাল অমুক আইন অনুসারে আমার স্বাক্ষরিত এই আজ্ঞা পত্রক্রমে এই কথা জানাইলাম। শ্রীঅমুক রোঁদগস্তের কর্ম্ম করিবেন বলিয়া নিম্নলিখিত যে জমী সম্প্রতি ভোগ করিতেন অমুক স্থান বাসি জমীদার (বা বিষয় বিশেষে যোতদার) শ্রীঅমুক চারিদিগের রায়তওয়ারী ভুমির যে হারে খাজানা লওয়া গিয়া থাকে সেই হারে ঐ ভুমির খাজনা লইতে স্বত্ববান আছেন।

ভুমির বিশেষ বর্ণনা

গ্রাম

পরগনা

সীমা

আয়তন

শ্রী

সাল তাং

ডেপুটী কমিশ্যনর।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The unsatisfactory state of the patrol police in the districts of Hazaribagh and Lohardugga has long attracted the attention of the Government, and finally led to an experiment which was tried some time back in Hazaribagh. The police were transferred from the irresponsible direction of the zemindars and placed under the immediate control of the District Superintendent of Police. At the same time the zemindars and under-tenants were compelled to fulfil their engagements, and supply funds for the payment of the men so transferred. This reform has realised all the anticipations of its promoters, and robberies and dacoities, which were not unfrequent, have now ceased on the roads patrolled under the new organization. The present Bill simply legalises and extends that organization, which has been already found to work so well.

It has also been a matter for consideration whether the Village Chowkidari Act (Bengal Act VI of 1870) should not be introduced into those districts. But officers of great experience, intimately acquainted with the customs of that part of the country, are opposed to the introduction of the Act in its entirety. They fear that the provisions regarding the appointment of panchaits, and others of minor importance, are unsuited to the people, and would not work well. With these exceptions, and such slight modifications as the circumstances of the two districts appear to require, the present Bill follows that Act.

The 15th March 1878.

J. O'Kinealy.

Frederick Clarke,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

হাজারিবাগ ও লোহারডগা জিলার রোঁদগস্তি পোলীসের অসন্তোষজনক অবস্থার প্রতি গবর্ণমেণ্ট বহুকালাবধি মনোযোগ করিয়া২ শেষে হাজারিবাগে একটি প্রতিবিধানের পরীক্ষা করিলেন। বিশেষতঃ জমীদারেরা কাহারও নিকট দায়ী না হওয়াতে পোলীসের কর্ম্মকারকদিগকে তাঁহাদের অধ্যক্ষতাহইতে লইয়া পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিজ আজ্ঞাধীন করা গেল। ইতিমধ্যে জমিদারদের ও যোতদারদের করারমতে তাঁহারদিগকে বলপূর্ব্বক কর্ম্ম করাইয়া তাঁহাদের স্থানে পোলীসের ঐ কর্ম্মকারকদের বেতনের টাকা লওয়া যাইত। ঐ নূতন নিয়ম দ্বারা ঐ কার্য্যপ্রণেতাদের সকল অভিপ্রায় সফলও হইল। তৎপূর্ব্বে দস্যুতা ও ডাকাইতী বারম্বার হইত এইক্ষণে সেই নূতন নিয়মানুসারে যে সকল পথে চৌকী রাখা যাইতেছে সেই পথে ঐ অপরাধ একেবারে রহিত হইয়াছে। উক্ত যে নিয়মের এতদূর সুফলতা দেখা গেল এই পাণ্ডুলিপিতে তাহাই বিধিবদ্ধ করিয়া বিস্তৃত করা উদ্দেশ্য।

সেই২ জিলার মধ্যে গ্রামীয় চৌকীদারী আইন (১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইন) প্রচলিত করা বিধেয় কি না, ইহারও চিন্তা করা হইয়াছে। কিন্তু যে কর্ত্তৃপক্ষেরা বহুকাল কর্ম্ম করিয়া দেশের উক্ত অংশবাসি লোকদের আচার ব্যবহার ভাল রূপে জানিয়াছেন তাঁহারা তথায় সেই সম্পূর্ণ আইন প্রচলিত করিতে আপত্তি করেন। তাঁহারা কহেন যে, পঞ্চায়তের নিযোগ ও অন্য কএক ক্ষুদ্র ২ বিষয়ের বিধান ঐ লোকদের পক্ষে অনুপযুক্ত ও তাহাতে সুফল দর্শিবে না। ঐ২ বিষয় ছাড়িয়া ও উক্ত দুই জিলার অবস্থা বিবেচনায় অন্য কএক অংশ মতান্তর করিয়া এই পাণ্ডুলিপিটি প্রায়ই সেই আইনেরই মত।

১৮৭৮ সাল ১৫ মার্চ।

জে ওকিনীলি।

ফ্রেড্রিক ক্লার্ক,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।
John Robinson, *Bengali Translator.*

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

TUESDAY, JANUARY 8, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ৮ জানুয়ারি ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 20, dated the 10th December 1877.

By desire of the Government of India, the Court directs that the Sheristādar of the office of every Judicial Officer subordinate to the High Court shall be required to examine and report on every application for payment out of Court of money held in deposit, whether in cash or by an order payable at the Revenue Treasury, before it is submitted to the presiding officer of the Court for signature.

2. It is, however, to be understood that this rule does not modify rule 13 of the Account Rules of 1877, by which a Judicial Officer is required to examine his register of deposits before signing a repayment order, and to initial the note of repayment therein and in other registers, or in any way diminish the responsibility of the presiding officer.

No. 21, dated the 10th December 1877.

Copy forwarded to all District Judges and to the Judicial Commissioner of Chota Nagpore for information and guidance, and for communication to the Courts subordinate to them.

From the Officiating Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Judge of Tipperah, No. 3001, *dated the 10th December* 1877.

I am directed to acknowledge the receipt of your letter No. 888, dated the 13th ultimo, forwarding copy of the instructions you have given to the Courts subordinate to you, directing them, in the case of summonses to defendants, to be guided by the existing rule (Circular Order No. 13, dated 12th May 1874), which requires but one fee to be paid, whatever the number of defendants in a single case; and, as regards summonses to witnesses, ruling that one fee shall be held to cover three persons only, and requiring a separate fee to be charged for each witness in excess of three.

2. In reply I am to say that the question of amending the rules under the Court Fees Act, 1870, has for some time been under the consideration of the Court, and that a set of rules, revised so as to bring them into accordance with the new Code of Civil Procedure, has been submitted to the Government of India, which has also taken up the question in connection with the new bill to amend the Stamp Law. Until a decision has been come to by the Government in the matter, the Courts must continue to be guided by the existing rules quoted above, and charge but a single fee in each case for the issue of summonses to witnesses in the same manner as you have directed them to do in the case of defendants.

No. 22, dated 14th December 1877.

Attention is invited to the Court's Circular Memoranda No. 13 of 21st July and No. 16, dated 10th September 1873, and District Judges are again requested, when making temporary appointments to fill vacancies in the office of Moonsif under Section 9, Act VI of 1871, invariably to give intimation of such appointments with all necessary particulars to the Accountant-General, Bengal. It is further requested that they will also inform the officer in charge of the treasury where the Moonsif's pay will be disbursed.

[*Government Gazette, 8th January* 1878.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রচারিত দেওয়ানী সরকুলর অর্ডর।

দেওয়ানী।

২০ নম্বর।—১৮৭৭ সাল ১০ ডিসেম্বর।

আদালতে যে টাকা গচ্ছিত থাকে, তাহা নগদ কি রাজস্বের খাজানাখানার উপর আজ্ঞাপত্র দ্বারা পাইবার দরখাস্ত হইলেও হাই কোর্টের অধীন প্রত্যেক জুডিশ্যাল কর্ত্তৃপক্ষের আফিসের সিরিশ-তাদার আদালতের আধিপত্যকারি কর্ত্তৃপক্ষের স্বাক্ষরের নিমিত্তে উপস্থিত করিবার পূর্ব্বে তাহা পরীক্ষা করিয়া রিপোর্ট করিবেন, ভারতবর্ষের গবর্ণমেণ্টের আদেশমতে হাই কোর্ট এই আজ্ঞা করিলেন।

২। টাকা ফিরিয়া দিবার আজ্ঞাপত্রে স্বাক্ষর করিবার পূর্ব্বে জুডিশ্যাল কর্ত্তৃপক্ষের ঐ গচ্ছিত টাকার রেজিস্টরী বহী পরীক্ষা করিয়া সেই ও অন্যান্য রেজিস্টরে উক্ত টাকা ফিরিয়া দেওনবিষয়ক কথায় নামের আদ্যক্ষর লিখিবার বিষয়ে, হিসাবসম্পর্কীয় ১৮৭৭ সালের যে বিধি আছে এই বিধি-ক্রমে তাহার ১৩ ধারা যে মতান্তর করা গেল না কিম্বা আধিপত্যকারি কর্ত্তৃপক্ষের দায়ের কোন প্রকারে লাঘব হইল না ইহা জানিতে হইবে।

---

২১ নম্বর।—১৮৭৭ সাল ১০ ডিসেম্বর।

জিলার সকল জজ সাহেবের ও ছোট নাগপুরের জুডিশ্যাল কমিশ্যনর সাহেবের জ্ঞান ও উপদেশার্থে এবং তাঁহাদের অধীন সকল আদালতে জানাইবার নিমিত্তে এই পত্রের প্রতিলিপি পাঠান গেল।

ত্রিপুরার জজ সাহেবের নিকট বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার সাহেবের ১৮৭৭ সালের ১০ ডিসেম্বরের ৩০০১ নং পত্র।

আপনকার অধীন সকল আদালতের নিকট আপনি যে উপদেশপত্র পাঠাইলেন তাহার প্রতিলিপির সহিত আপনকার গত মাসের ১৩ তারিখের ৮৮৮ নং পত্রপ্রাপ্ত হইলাম। তন্মধ্যে এই আদেশ করিয়াছেন যে, প্রতিবাদিদের নামে সমন দিতে হইলে এইক্ষণকার প্রচলিত বিধি (১৮৭৪ সালের ১২ মের ১৩ নং সরকুলর অর্ডর) অনুসারে কার্য্য করিতে হইবে অর্থাৎ একি মোকদ্দমায় প্রতিবাদির সংখ্যা যতই হউক না কেন, একিমাত্র ফী লইতে হইবে, কিন্তু সাক্ষিদের নামে সমন দেওয়া গেলে, কেবল তিন জন সাক্ষির নিমিত্ত এক ফী, ও তিন জনের অতিরিক্ত প্রত্যেক সাক্ষির নিমিত্ত স্বতন্ত্র ফী লইতে হইবে।

২। তদুত্তরে জানাইতেছি যে, আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনমতে প্রণীত বিধি সংশোধনার্থক প্রশ্ন কতক দিনাবধি হাই কোর্টের বিবেচনাধীন আছে, ও দেওয়ানী মোকদ্দমার নূতন কার্য্যপ্রণালীবিষয়ক আইনঅনুযায়ি করণার্থে সংশোধিত বিধিগ্রন্থ ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মুখে অর্পিত হইয়াছে, তন্মধ্যে ইস্টাম্পের আইন সংশোধন করণার্থ নূতন আইনের পাণ্ডুলিপি সম্পর্কে ঐ কথাও বিবেচনা করা যাইবে। অতএব এই বিষয়ে গবর্ণমেণ্টের নিষ্পত্তি না হওন পর্য্যন্ত সকল আদালত উপরে লিখিত বর্ত্তমান বিধিমতে কার্য্য করিতে থাকিবেন, ও প্রতিবাদিদের বিষয়ে আপনি যেরূপ ফী লইবার আদেশ করিয়াছেন সাক্ষিদের নামে সমন দিবার প্রত্যেক স্থলেও তদ্রূপে একমাত্র ফী লইবেন।

---

২২ নম্বর।—১৮৭৭ সাল ১৪ ডিসেম্বর।

হাই কোর্টের ১৮৭৩ সালের জুলাই মাসের ২১ তারিখের ১৩ নং ও সেপ্টেম্বর মাসের ১০ তারিখের ১৬ নং স্মরণার্থ সরকুলরে মনোযোগ করান যাইতেছে। জিলার জজ সাহেবেরা মুনসেফের শূন্যপদে ১৮৭১ সালের ৬ আইনের ৯ ধারামতে কিয়ৎকালের নিমিত্তে কোন ব্যক্তিকে নিযুক্ত করিলে বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট সেই নিয়োগ বিষয়ক প্রয়োজনীয় সকল বৃত্তান্ত যেন সর্ব্বদাই জানান, তাঁহাদিগকে পুনর্ব্বার এই আদেশ করা গেল। আরো যে খাজানাখানায় মুনসেফের বেতন দেওয়া যাইবে তথাকার কর্ত্তৃপক্ষকেও সেই কথা জানাইবার আদেশ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৮ জানুয়ারি।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

DECEMBER 1877.

C. T. BUCKLAND, ESQ.

No. 1.

IT is hereby notified for general information that the fee for the retail sale of imported spirits or liquors to passengers on board steamers and other vessels employed in the inland traffic of India is fixed at Rs. 32 per annum, payable in advance, from 1st April 1878.

No. 2.

THE selling price of excise opium in the different districts of Bengal has been fixed by Government at the rates specified below.—Each district officer is requested to report direct to the Board the date from which the new rate came into effect in his district, if any change is made in the price previously in force in that district.

DIVISIONS.	Districts.	Selling price per seer.
		Rs.
Burdwan	All districts, except Midnapore	26
	Midnapore	27
Presidency	All districts including Calcutta	26
Rajshahye and Cooch Behar	All districts	26
Dacca	All districts	26
Chittagong	Chittagong and Noakholly	26
Patna	All districts	16
Bhagalpur	Monghyr	18
	Bhagalpur and Sonthal Pergunnahs	20
	Purneah	26
	Maldah	26
Orissa	All districts	29
Chota Nagpore	All districts	25

[*Government Gazette, 8th January* 1878.]

বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৭৭ সাল ডিসেম্বর মাস।

শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

১ নম্বর।

ভারতবর্ষের অন্তর্গত দেশে বাণিজ্যকার্য্যে নিযুক্ত ষ্টীমরের ও অন্য জাহাজের চড়নদারদের নিকট ভিন্নদেশহইতে আনীত শরাব ও মদিরা খুজরা বিক্রয় করিবার অনুমতিপত্রের নিমিত্ত ৩২৲ টাকা কী ধার্য্য হইল ১৮৭৮ সালের ১ আপ্রিল অবধি তাহা অগ্রিম দিতে হইবে সাধারণের জ্ঞানার্থে ইহা প্রকাশ করা গেল।

২ নম্বর।

বঙ্গদেশের নানা জিলায় এতদ্দেশে প্রস্তুত আফীম যে দরে বিক্রয় হইবে গবর্ণমেণ্ট তাহার নিম্নলিখিত হার ধার্য্য করিয়াছেন। কোন জিলায় পূর্ব্বে যে দর প্রচলিত ছিল এই বিধিমতে তাহার পরিবর্ত্তন হইয়া থাকিলে উক্ত জিলায় যে তারিখঅবধি নূতন হার প্রচলিত হয়, জিলার কর্ত্তৃপক্ষের তাহা একেবারে বোর্ডে রিপোর্ট করিতে হইবে।

খণ্ড।	জিলা।	একং সের যে দরে বিক্রয় হইবে।
		টাকা।
বর্দ্ধমান	মেদিনীপুর ভিন্ন, সকল জিলা	২৬৲
	মেদিনীপুর	২৭৲
রাজধানী	কলিকাতাসুদ্ধ সকল জিলা	২৬৲
রাজশাহী ও কুচবিহার	সকল জিলা	২৬৲
ঢাকা	সকল জিলা	২৬৲
চট্টগ্রাম	চট্টগ্রাম ও নওয়াখালী	২৬৲
পাটনা	সকল জিলা	১৬৲
ভাগলপুর	মুঙ্গের	১৮৲
	ভাগলপুর ও সাঁওতাল পরগনা ...	২০৲
	পুরণিয়া	২৬৲
	মালদহ	২৬৲
উড়িষ্যা	সকল জিলা	২৬৲
ছোট নাগপুর	সকল জিলা	২০৲

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ৫ ফেব্রুয়ারি ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL AND CRIMINAL.

No. 23, dated the 22nd December 1877.

THE Court directs that the annexed forms of daily registers of Court fees realized, which have been prescribed for adoption by the Government of India, may at once be introduced in all Civil and Criminal Courts subordinate to the High Court, and regularly maintained in future.

2. The entries in these registers are not to be made in detail, but only so as to show, in the case of the Civil Courts, the aggregate value of the stamps filed in the Court during each day under each of the four classes indicated; and in the case of the Criminal and Revenue Courts, the total daily receipts from Process fees and other fees. The entries should be initialled daily by the presiding officer.

3. The register prescribed by Circular Order (Civil) No. 30, dated 16th September 1867, if still in use in any Court, and the Memo. Book of Process Fees, prescribed by Circular Order (Civil) No. 37, dated 22nd December 1870, may now be discontinued.

(FOR CIVIL COURTS.)

I.

Daily Register of Court Fees realized in the Court of the

Date.	Process Fees.		Amount realized under Act VII of 1870, Schedule I, Articles 1 to 9 inclusive.		Amount realized under the same Schedule, Nos. 10 to 12.		Amount realized under Schedule II.		Total.		REMARKS.
	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	

(FOR REVENUE AND CRIMINAL COURTS.)

II.

Daily Register of Court Fees realized in the

Date.	Process Fees.		Other Fees.		Total.		REMARKS.
	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	

[*Government Gazette, 5th February* 1878.]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর।

দেওয়ানী ও ফৌজদারী।

১৮৭৭ সাল ২২ ডিসেম্বর। ২৩ নম্বর।

যে কোর্ট ফী আদায় হয় তাহার দৈনিক রেজিস্টরের নিম্নলিখিত পাঠ ব্যবহার হইবার জন্যে ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক নির্দ্ধারিত হওয়াতে, হাই কোর্টের সাহেবেরা হাই কোর্টের অধীন সকল দেওয়ানী ও ফৌজদারী আদালতে তাহার অগৌণেই প্রচলিত হইবার ও এই অবধি নিয়মিতরূপে রাখিবার আদেশ করিলেন।

২। এই২ রেজিস্টরে বিস্তারিত কথা লিখিতে হইবে না, কিন্তু দেওয়ানী আদালতে চারি শ্রেণীর প্রত্যেক শ্রেণীমতে প্রতিদিন মোটে যত ইষ্টাম্প অর্পণ করা যায়, ও ফৌজদারী ও রাজস্বের আদালতে পরওয়ানার ও অন্যা২ প্রকারের ফী বলিয়া দিন২ যত আদায় হয়, তাহাই যেন দেখিতে পাওয়া যায়, এমতে ঐ রেজিস্টর লিখিতে হইবে। ঐ লিখিত কথায় কর্ত্তৃপক্ষের প্রতিদিন স্বীয় নামের আদ্যাক্ষর লিখিতে হইবে।

৩। ১৮৬৭ সালের ১৬ ডিসেম্বরের ৩০ নং দেওয়ানী সরক্যুলর অর্ডরে যে রেজিস্টর রাখিবার আজ্ঞা ছিল তাহা কোন আদালতে ব্যবহার হইয়া থাকিলে উঠিয়া যাইবে, ও ১৮৭০ সালের ২২ ডিসেম্বরের ৩৭ নং দেওয়ানী সরক্যুলর অর্ডরে পরওয়ানার ফীর যে স্মরণার্থ বহী রাখিবার আদেশ ছিল তাহাও উঠিয়া যাইবে।

(দেওয়ানী আদালতের)

১।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিস্টর।

তারিখ।	পরওয়ানার ফী।	১৮৭০ সালের ৭ আইনের ১ তফসীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণমতে আদায় হইল	ঐ তফসীলের ১০, ১১, ১২ প্রকরণমতে আদায় হইল।	২ তফসীলমতে আদায় হইল।	মোট।	মন্তব্য।
	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	

(রাজস্বের ও ফৌজদারী আদালতের)

২।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিস্টর।

তারিখ।	পরওয়ানার ফী।	অন্যা২ ফী।	মোট।	মন্তব্য।
	টাকা	টাকা	টাকা	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৫ ফেব্রুয়ারি।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

DECEMBER 1877.

H. L. DAMPIER, Esq.

No. 3.

WITH reference to the Resolution of the Government of India, Financial Department, No. 3556, dated 19th October 1877, published in Part IA. of the *Calcutta Gazette* of 14th November 1877, page 204, the following should be added as questions 14A. and 14B. to the revised set of questions prescribed by the Board's Circular Order No. 4 of December 1875 for the inspection of treasuries:—

"14A.—Is silver freely given in exchange for legal tender copper coin in parcels of the nominal value of not less than two Rupees?"

"14B.—Is care taken not to receive any copper coin that is not a legal tender under the Indian Coinage Act, XXIII of 1870?"

2. The following should also be added as clause 1(*f*) at page 32 of the present edition of the Board's Rules and as clause 12(*a*), page 27, of the new edition of the Board's Rules which will shortly be issued:—

"Silver should be freely given in exchange for legal tender copper coin in parcels of the nominal value of not less than two Rupees at all Government treasuries and sub-treasuries. Care must be taken not to receive at any treasury, sub-treasury, or currency office, any copper coin that is not a legal tender under the Indian Coinage Act, 1870."

No. 4.

A QUESTION having arisen as to the manner in which the value of houses appertaining to estates under the management of the court of wards or of the revenue authorities should be calculated and shown in return No. XXXI, it has been determined that the estimated total value of such houses should in all cases be shown in Table V, the total value being calculated at 12 times the actual or (in the case of houses not let on hire) probable annual letting value.

2. The annual receipts from such houses should be shown in Table VI, under heading "V—Miscellaneous."

No. 5.

A SERIES of frauds having recently been committed in a certain sub-divisional treasury, the Board think it necessary to warn district and sub-divisional officers generally against the laxity in certain points which rendered it possible for these frauds to be committed and to pass for some time undetected. The circumstances will be understood from the following extracts from a letter from the Government on the subject:—

"*Embezzlement of a judicial deposit.*"

"The Moonsif remitted, on the 26th August 1876, a sum of Rs. 41-2 to the sub-divisional treasury, sending his pass-book with it. The head-clerk initialled the pass-book, returned it to the Moonsif, and himself kept the money. The proper procedure was that the pass-book should have been initialled by the sub-divisional officer himself, after checking the entry of the deposit in the accountant's book. The sub-divisional officer, however, instead of comparing and intialling each *item* in the pass-book, appears to have been in the habit of signing the *pages* only, and the advice list (which is sent daily to the Moonsif, shewing all transactions effected in connection with his court) was altered by the head-clerk apparently after the sub-divisional officer signed it. The Moonsif on his side was content to accept the head-clerk's initials in the pass-book, and took no notice of the alterations in the advice list. Both the sub-divisional officer and the Moonsif are open to censure for neglect of rule."

[*Government Gazette*, 5*th February* 1878.]

বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৭৭ সাল ডিসেম্বর মাস।

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

৩ নম্বর।

বোর্ডের ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ৪ নম্বরের সরকুলর অর্ডরে, খাজানাখানার পরিদর্শন-সম্পর্কে যেং প্রশ্ন নির্দ্দিষ্ট হইয়াছিল, ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ১৯ অক্‌টোবরের ৩১৫৬ নং যে নির্দ্ধারণপত্র ১৮৭৭ সালের ১৪ নবেম্বরের কলিকাতা গেজেটের ১ A খণ্ডের ২০৪ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা লক্ষ করিয়া, উক্ত প্রশ্নের সঙ্গে ১৪ ক ও ১৪খ নম্বরের এইং প্রশ্ন সংযোগ করিতে হইবে।

১৪ ক।—দুই টাকার অন্যূন মূল্যের বলিয়া আইনমত প্রচলিত তামার মুদ্রা পুঁটলি বাঁধিয়া আনা গেলে তৎপরিবর্ত্তে রূপার মুদ্রা স্বচ্ছন্দে দেওয়া গিয়া থাকে কি না।

১৪ খ। ভারতবর্ষীয় মুদ্রা বিষয়ক ১৮৭০ সালের ২৩ আইনঅনুসারে যে তামার মুদ্রা আইনমতে প্রচলিত নয়, তাহা গ্রহণ না করণ বিষয়ে মনোযোগ হইয়া থাকে কি না।

২। বোর্ডের এইক্ষণকার প্রচলিত বিধিপুস্তকের ৭২ পৃষ্ঠায়, ১ চ প্রকরণ বলিয়া, ও ঐ বিধি পুস্তকের যে নূতন সংস্ক ণ অল্পকালের মধ্যে প্রকাশ হইবে তাহার ১২ পৃষ্ঠার ১২ ক প্রকরণ বলিয়া, এই বিধি দিতে হইবে।—

গবর্ণমেণ্টের সকল খাজানাখানায় ও অধীন খাজানাখানায় দুই টাকার অন্যূন মূল্যের বলিয়া আইনমত প্রচলিত তাম্র মুদ্রা পুঁটলি বাঁধিয়া আনা গেলে, তাহার পরিবর্ত্তে রূপার মুদ্রা স্বচ্ছন্দে দিতে হইবে। ভারতবর্ষীয় মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের আইনঅনুসারে যে তামার মুদ্রা আইনমত প্রচলিত নয়, তাহা কোন খাজানাখানায় কি অধীন খাজানাখানায় কি করেন্সি আফিসে যেন লওয়া না যায়, এই বিষয়ে সতর্ক থাকিতে হইবে।

৪ নম্বর।

কোর্ট ওয়ার্ডের কিম্বা রাজস্বের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন মহালের অন্তর্গত গৃহাদির মূল্য কি প্রকারে নিরূপিত হইয়া ৩১ নং রিটর্ণে লেখা যাইবে, এই প্রশ্ন হওয়াতে, ইহা স্থির করা গেল, কোন ঘরের বৎসর যত টাকা ভাড়া পাওয়া গিয়া থাকে, কিম্বা ভাড়া না হইলে তাহার বৎসর যত টাকা ভাড়া হইতে পারে, ইহার ১২ দ্বাদশগুণ ঐ ঘরের মোট মূল্য ধরিয়া ৫ নং টেবিলে ঐ মূল্য লিখিতে হইবে।

২। ঐং ঘরহইতে বৎসরং যত টাকা পাওয়া যায় তাহা ৬ নং টেবিলের, "৫, বিবিধ বিষয়" এই শীর্ষকের নীচে লিখিতে হইবে।

৫ নম্বর।

সম্প্রতি কোন মহকুমার খাজানাখানায় প্রতারণার কার্য্য শ্রেণীমতে হইয়া আসিতেছে ও কোনং অংশে শৈথিল্য না হইলে সেই প্রকারের প্রতারণা কতক কাল ধৃত না হইয়া কখনও চলিতে পারিত না, বিবেচনায় বোর্ডের সাহেবেরা জিলার ও মহকুমার কর্ত্তৃপক্ষদিগকে সতর্ক করা আবশ্যক জ্ঞান করিলেন। গবর্ণমেণ্ট এতদ্বিষয়ের যে পত্র লিখিলেন তাহাহইতে উদ্ধৃত নিম্নলিখিত কথা পাঠ করিলে উক্ত ব্যাপার বুঝা যাইতে পারিবে।

আদালতে আমানৎ করা টাকা অপহরণের কথা।

১৮৭৬ সালের আগষ্ট মাসের ২৬ তারিখে মুনসেফ মহকুমার খাজানাখানায় ৪১৴ টাকা চালান করিয়া আপনার পাসবুক সঙ্গে পাঠাইলেন। প্রধান কেরাণী ঐ পাসবুকে আপন নামের আদ্যক্ষর লিখিয়া মুনসেফের নিকট ফিরিয়া পাঠাইয়া, আপনি ঐ টাকা রাখিলেন। এমন স্থলে মহকুমার কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য ছিল যে ঐ আমানতের টাকা হিসাবনবীসের খাতায় জমা করিয়া লওয়া গেলে পর আপনি তাহা দেখিয়া ঐ পাসবুকে আপন নামের আদ্যক্ষর লিখিয়া দেন। কিন্তু পাসবুকের একং দফা মিলাইয়া দেখিয়া প্রত্যেকের নিকট আপন নামের আদ্যক্ষর না লিখিয়া, কেবল পৃষ্ঠায়ং তাঁহার স্বাক্ষর করিবার রীতি দেখা যাইতেছে। ও মুনসেফের আদালতের সঙ্গে যত টাকার লেনা দেনা চলে তাহা জানাইবার যে আডবাইস কর্দ্দ প্রতিদিন মুনসেফের নিকট পাঠান গিয়া থাকে, তাহাতে বোধ হয় মহকুমার কর্ত্তৃপক্ষের স্বাক্ষর করিবার পর, প্রধান কেরাণী সেই কর্দ্দের কোন কথা পরিবর্ত্তন করিতেন। পরপক্ষে মুনসেফও পাসবুকে প্রধান কেরাণীর নামের আদ্যক্ষর দেখিয়া তাহাই যথেষ্ট জ্ঞান করিতেন ও আডবাইস কর্দ্দে যাহা পরিবর্ত্তন করা গেল তাহার কিছুই সন্ধান লইতেন না। বিধি মানিতে তাচ্ছল্য করাতে মহকুমার কর্ত্তৃপক্ষ ও মুনসেফ উভয়ই অনুযোগের ভাগী হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৫ ফেব্রুয়ারি।]

"*Embezzlement of pound collections.*"

"This money, remitted to the sub-divisional treasury by the police, was never credited by the head-clerk. Inquiry proves that the head-clerk was in the habit of keeping back such moneys in his own hands, neglecting to credit them sometimes till long after receipt, while sometimes he never paid them in at all. The money misappropriated has been recovered, but the Accountant-General points out that this fraud was rendered possible only by the neglect of two positive rules—the first requiring that in each sub-divisional office the treasurer and the accountant shall be two distinct persons, and the other that the sub-divisional officer shall compare chalans and cash registers item by item, initialling each item separately and receipting the chalans. In ——— the head-clerk was allowed to be both treasurer and accountant—an arrangement which the Collector should certainly have found out and disallowed any time he inspected the sub-divisional office, while the sub-divisional officer failed either to check the items or sign the receipts. The police accepted the head-clerk's initials on the chalans, while the second-clerk, who had special charge of pound collections, and should have seen that they were duly credited, never brought the omission to notice. The Collector recommends that the second-clerk should be suspended for a month only, but the Lieutenant-Governor feels that an example should be made of him. But for the Collector's recommendation he would have directed his dismissal; as it is, he must certainly be suspended for a year. It is most important that subordinate officials in such offices should be made to understand that Government will insist on their performing their duties intelligently and actively. If they are responsible for money and accounts they must not be content with taking things for granted, but must personally satisfy themselves that rules are properly observed, and that remittances are brought to credit in due course. These pound frauds reflect seriously on the management of the officers in charge of the sub-division between April and December 1876."

"Besides the frauds described above, there has been a series of embezzlements extending from 5th October 1872 to 27th August 1875. It is gathered that, as in the cases already noted, the head-clerk used to retain moneys paid into the treasury, and that he kept up one set of accounts for the sub-division, and a different set for transmission to the district treasury. The extracts sent daily to head-quarters were tampered with and altered after the sub-divisional officer had signed them, and frequently were sent without being signed by him at all, being nevertheless accepted by the district treasury. The sub-divisional officer, moreover, never took any notice of the constant alterations apparent in the extracts of accounts sent in by the head-clerk."

"These embezzlements have only been rendered possible by continued neglect of rules on the part of successive sub-divisional officers, by the carelessness of successive treasury officers in the discharge of their duty in respect of the scrutiny of sub-divisional accounts, and by the general failure of the sudder accountant to detect irregularities in the sub-divisional statements; and by the evident failure of the Collector himself to inspect thoroughly his sudder and sub-divisional treasuries, and to satisfy himself that the rules and system were properly understood and observed by all concerned."

"It is manifest, from the facts of the present case, that civil courts and officers of the police are frequently careless in accepting irregular receipts in their pass-books and chalans for moneys paid by them into sub-divisional and other treasuries. The Lieutenant-Governor considers it necessary that such officers should be warned that, if loss is caused to Government, any officer who has failed to detect and expose an obvious irregularity of the kind will be held equally responsible with the officer committing it."

2. In connection with these frauds, Government has ordered that "all Collectors be directed in their coming cold-weather tours to examine carefully into the state of their sub-divisional offices."

3. Commissioners of divisions are, therefore, requested to give effect to the above orders.

C. T. BUCKLAND, ESQ.

No. 6.

OWING to the changes which have been made in the details of Excise administration in the Lower Provinces of Bengal since the Board's Rules on Excise were published in 1866, many of those rules have become wholly or partly obsolete, others have been materially altered, and many new rules have been added. A fresh series of rules is therefore now issued, in supersession of the existing rules.

[*Government Gazette, 5th February* 1878.]

খোঁয়াড়ে আদায় করা টাকা অপহরণের কথা।

এই টাকা পোলীসের দ্বারা মহকুমার খাজনাখানায় চালান করা গেলেও প্রধান কেরাণী তাহা জমা করিয়া লইতেন না। ইহার অনুসন্ধানে এই প্রমাণ হইল যে, প্রধান কেরাণী সেই প্রকারের সকল টাকা আপন হাতে রাখিয়া অনেক দিন পরে তাহা খাতায় জমা করিয়া লইতেন, কখনং দিতেনও না। এই প্রকারে যত টাকা অবৈধমতে লওয়া গিয়াছিল তাহা ফিরিয়া পাওয়া গিয়াছে, কিন্তু আকৌণ্টেণ্ট জেনরল সাহেব কহিলেন যে নিম্ন লিখিত দুইটি বিধিতে তাচ্ছল্য না করিলে, ঐ বঞ্চনা কার্য্য কখনই হইতে পারিত না। প্রথম বিধি এই যে, মহকুমার আফিসে খাজাঞ্চী ও হিসাবনবীসের কর্ম্ম দুই স্বতন্ত্র ব্যক্তির করিতে হইবে, দ্বিতীয় বিধি এই, মহকুমার কর্তৃপক্ষ চালানের ও নগদের রেজিষ্টরী বহীর প্রত্যেক দফা মিলাইয়া দেখিয়া দফাযং আপন নামের আদ্যক্ষর লিখিয়া চালানে রসীদ লিখিবেন। অমুক স্থানে প্রধান কেরাণী খাজাঞ্চী ও হিসাবনবীসও ছিলেন। কালেক্টর সাহেব কোন সময়ে মহকুমার আফিস দেখিতে গেলে তাঁহার সেই বিষয়ের সন্ধান জানিয়া তাহা নিবারণ করা কর্ত্তব্য ছিল। মহকুমার কর্তৃপক্ষও প্রত্যেক দফা মিলাইয়া দেখিয়া রসীদে স্বাক্ষর করিতেন না। চালানে প্রধান কেরাণীর নামের আদ্যক্ষর দেখিয়া পোলীস তাহা গ্রাহ্য করিতেন। আরও খোঁয়াড়ে যত টাকা আদায় হইত তাহার দায় বিশেষমতে দ্বিতীয় কেরাণীর প্রতি ছিল ও তাহা যেন নিয়মমতে জমা করিয়া লওয়া যায় এই বিষয়ে তাঁহারই দেখা উচিত ছিল, কিন্তু জমা করিয়া না লওয়া গেলে তিনি কাহাকেও সেই কথা জানাইতেন না। কালেক্টর সাহেব ঐ দ্বিতীয় কেরাণীর এক মাস সসপেণ্ড হওয়ার পরামর্শ দিলেন, কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে, অন্যেরা যাহাতে সতর্ক হইতে পারে তাঁহার এমত দণ্ড দেওয়া উচিত। কালেক্টর সাহেব অনুরোধ না করিলে, তিনি একেবারে তাঁহার কর্ম্মচ্যুতির আজ্ঞা করিতেন, তদ্রূপ অনুরোধ হওয়াতে তাঁহাকে ন্যূনকল্পে এক বৎসর সসপেণ্ড করা যাইবে। গবর্ণমেণ্ট সেই প্রকারের আফিসের কর্ম্মকারকদিগকে জ্ঞানপূর্ব্বক ও চতুর হইয়া কর্ম্ম করাইতে দৃঢ় প্রতিজ্ঞ আছেন, এই কথা তাঁহাদের বুঝিয়া লওয়া অত্যাবশ্যক। টাকা ও হিসাব রাখিবার দায় তাঁহাদের প্রতি বর্ত্তিলে, কার্য্য সকল ঠিক হইয়া চলিতেছে বলিয়া তাঁহাদের নিশ্চিন্ত থাকিতে হইবে না, কিন্তু বিধিমতে উপযুক্তরূপে কার্য্য করা যাইতেছে কি না, ও যত টাকা চালান হয় তাহা যেন নিয়মমতে জমা করিয়া লওয়া যায়, এইং বিষয় তাঁহাদের স্বয়ং দেখিয়া ভালোমতে জানিতে হইবে। ১৮৭৬ সালের আপ্রিল মাস অবধি ডিসেম্বর মাসপর্য্যন্ত খোঁয়াড় হইতে প্রাপ্ত টাকা লইয়া ঐ প্রকারের প্রতারণা হওয়াতে মহকুমার কর্তৃপক্ষদের কার্য্যাধ্যক্ষতার প্রতি ভারী দোষ বর্ত্তিয়াছে।

পূর্ব্বোক্ত প্রতারণার ব্যাপারভিন্ন ১৮৭২ সালের অক্টোবর মাসের ৫ তারিখঅবধি ১৮৭৫ সালের আগষ্ট মাসের ২৭ তারিখপর্য্যন্ত ক্রমশই তহবীল ভাঙ্গন হইয়া আসিতেছে। তদ্দৃষ্টে পূর্ব্বোক্ত বিষয়ে যাহা কথিত হইয়াছে এইং বিষয়েরও তদ্রূপ অনুভব হয়, খাজানাখানায় টাকা চালান হইলে প্রধান কেরাণী তাহা রাখিয়া মহকুমার নিমিত্ত এক প্রকারের খাতা ও জিলার খাজানাখানায় পাঠাইবার নিমিত্ত অন্যপ্রকারের খাতা রাখিতেন। দিনং যে চুম্বক সদর আফিসে পাঠান যাইত মহকুমার কর্তৃপক্ষ তাহাতে স্বাক্ষর করিলে পর তাহার কোনং কথা প্রভৃতি পরিবর্তন করা যাইত, কএকবার তাঁহার স্বাক্ষর না হইলেও চালান হইত ও জিলার খাজানাখানাতেও অমনি গ্রাহ্য হইত। ও প্রধান কেরাণী হিসাবের যে চুম্বক পাঠাইতেন তাহাতে পরিবর্ত্তিত কথা সর্ব্বদা দেখা যাইতে পারিলেও মহকুমার কর্তৃপক্ষ তাহার কিছুই সন্ধান লইতেন না।

মহকুমার একের পর এক কর্তৃপক্ষ ক্রমশই বিধি তাচ্ছল্য না করিলে, ও মহকুমার হিসাব সূক্ষ্মরূপে দেখিয়া লওনসম্পর্কে খাজানাখানার কর্তৃপক্ষদের যাহা কর্ত্তব্য সেই কর্তৃপক্ষেরা একের পর এক ঐ কর্ত্তব্য কর্ম্মে অমনোযোগ না করিলে, ও সদর হিসাবনবীস মহকুমার কৈফিয়তের অনিয়মিত নানা দোষ সাধারণমতে ধরিতে ত্রুটি না করিলে, ও কালেক্টর সাহেবের সদর ও মহকুমার খাজানাখানা সম্পূর্ণরূপে পরিদর্শন করিবার ও তথাকার সকল কর্ম্মকারক সকল বিধি ও কার্য্য করণের নিয়ম উপযুক্তমতে বুঝিয়া মানিয়া থাকেন ইহা ভালোমতে জানিবার স্পষ্ট ত্রুটি না হইলে, ঐ প্রকারের তহবীল ভাঙ্গন কখনও হইতে পারিত না।

এই সকল ব্যাপারের বৃত্তান্ত দৃষ্টে জানা গেল যে, নানা দেওয়ানী আদালত ও পোলীসের কর্ম্মকারকেরা মহকুমার ও অন্যান্য খাজানাখানায় টাকা দিলে তাঁহাদের পাসবুকেও চালানে অনিয়মিতরূপে রসীদ লেখা গেলেও তাঁহারা অমনোযোগে তাহা গ্রাহ্য করিয়া থাকেন। ইহার পর গবর্ণমেণ্টের কোন হানি হইলে, যে ব্যক্তি অনিয়মিত কার্য্য করেন তিনি যে প্রকারে দায়ী হইবেন, উক্ত যে কর্তৃপক্ষেরা স্পষ্ট নিয়ম বিরুদ্ধ ঐ কার্য্য প্রকাশ করিতে ত্রুটি করেন তিনিও সেই প্রকারে দায়ী হইবেন, এই কথা তাঁহাদিগকে সতর্ক করিয়া জ্ঞাত করা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আবশ্যক জ্ঞান করিলেন।

২। উক্ত সকল প্রতারণাব্যাপার সম্পর্কে গবর্ণমেণ্ট এই আজ্ঞা করিয়াছেন, "এই শীতকালে কালেক্টর সাহেবেরা দাওরায় গেলে, অত্যন্ত মনোযোগে আপনাদের নানা মহকুমার অবস্থার পরীক্ষা করেন।"

৩। অতএব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবদের প্রতি উক্ত সকল আজ্ঞা সফল করিবার আদেশ থাকিল।

শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

---

৬ নম্বর।

বোর্ডের সাহেবদের আবকারী বিধি ১৮৬৬ সালে প্রকাশ করা গেলে পর, বঙ্গপ্রভৃতি দেশে আবকারী কার্য্য নিরূপণ সম্পর্কে অনেক বিষয়ের পরিবর্ত্তন হওয়াতে, তৎকালের প্রচলিত কোনং বিধি সম্পূর্ণরূপে, আর কোনং বিধি আংশিক ভাবে অকর্ম্মণ্য হইয়াছে, অন্যান্য বিধিও পরিবর্ত্তন, ও নূতন কএক বিধি প্রণীত হইয়াছে। এইং কারণে এইক্ষণকার প্রচলিত বিধির পরিবর্ত্তে নূতন বিধিশ্রেণী প্রচার করা যাইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৫ ফেব্রুয়ারি।]

2. The rules have been carefully revised in order to bring them into conformity with the avowed principles and practice by which, under Government instructions, the Excise administration is to be conducted. The former arrangement of sections has been retained as far as possible. The first two sections have been recast. They relate to the present sources and methods of taxation, and the rules generally applicable to all the systems of management. Particular attention should be given to the instructions regarding the annual settlement of excise shops contained in clauses 7 to 10 of Section II.

3. Section III contains the rules applicable to the auction system, and is almost entirely new.

4. Sections XII, XIII, and XIV, relate to the different methods of taxing country spirit, viz. the outstill system, the system of taxing the materials used in the manufacture, and the fixed duty system.

5. The rules in Section XVII, relating to the cultivation, storage, transport, and sale of ganja, &c., have received considerable modifications and additions, and require close attention.

6. Sections XIV and XV and part of Section XVIII of the former rules, concerning opium and preparations therefrom, have been omitted, as a separate series of rules on the subject has been drawn up, and will be issued as soon as the rules have received the sanction of the Government of India under section 8 of Act XXIII of 1876. The rules, however, contained in Sections I, II, and III, apply to opium in common with other exciseable articles.

7. Appendix A contains specimen forms of notices, licenses, passes, and accounts, &c., in which many changes have been introduced.

8. The rules are interleaved with blank pages for the purpose of showing any alterations or additions to them made subsequently to the 1st January 1878.

No. 7.

It has been brought to notice by an inspection of the accounts of some of the District Road Fund Committees that the provisions of the General Stamp Act regarding the necessity for affixing stamps to receipts for sums of money above Rs. 20 are frequently disregarded. The Board therefore desire to call the attention of District Road Fund Committees to the requirements of the law in such respect.

2. District Officers should take every opportunity of reminding Municipalities, Road Cess Committees, Railway Companies, and Managers of courts of wards that the law requires every receipt for a sum of money exceeding Rs. 20, unless it is granted by, or on behalf of, Government, to be stamped with a one-anna adhesive stamp.

[*Government Gazette, 5th February* 1878.]

২। গবর্ণমেণ্টের আদেশানুসারে আবকারী কার্য্য নিরূপণ হওয়ার যে নিয়ম ও রীতি ব্যক্ত হইল তাহার অনুযায়ি করিবার নিমিত্তে উক্ত সকল বিধি মনোযোগে সংশোধন করা গিয়াছে। পূর্ব্বের যে২ পরিচ্ছেদ ছিল সাধ্যপর্য্যন্ত তাহা পূর্ব্ববৎ রহিল, কিন্তু প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদ নূতন করিয়া লেখা গেল। এইরূপে যে২ দ্রব্যের উপর ও যে নিয়মমতে টাক্স ধার্য্য হইয়াছে, ও কার্য্য নির্ব্বাহ করিবার সকল নিয়মের প্রতি সাধারণমতে যে২ বিধি খাটে, ঐ দুই পরিচ্ছেদে তাহাই লেখা গেল। দ্বিতীয় পরিচ্ছেদের ৭ অবধি ১০ পর্য্যন্ত ধারায় আবকারী দোকানের সালিয়ানা বন্দোবস্ত সম্পর্কীয় যে উপদেশ আছে তৎপ্রতি বিশেষ মনোযোগ করা কর্ত্তব্য।

৩। নীলাম করণের নিয়মের প্রতি যে সকল বিধি খাটে তাহা তৃতীয় পরিচ্ছেদে আছে, প্রায় সমুদয়ই নূতন।

৪। দেশীয় মদিরার উপর টাক্স আদায়ের যে২ নিয়ম আছে, অর্থাৎ বাহিরের ভাটিখানার নিয়ম ও মদিরা প্রস্তুত করিতে যে২ সরঞ্জামের ব্যবহার হয় তাহার উপর টাক্স ধার্য্য ও অবধারিত মাসুল ধার্য্য করণের নিয়ম বিষয়ক বিধি, ১২ ও ১৩ ও ১৪ পরিচ্ছেদে আছে।

৫। ১৭ সপ্তদশ পরিচ্ছেদে গাঁজা প্রভৃতির চাষ ও গুদামজাত ও চালান ও বিক্রয় করণ বিষয়ক বিধির অনেকাংশ পরিবর্ত্তন হইয়াছে ও নূতন২ বিধি সংযোগ করা গিয়াছে, তাহাতে অত্যন্ত মনোযোগের প্রয়োজন।

৬। আফীন ও তদ্দ্বারা প্রস্তুত নানা বিষয়ের নূতন বিধিশ্রেণী প্রণীত হওয়াতে পূর্ব্ব বিধির ১৪ ও ১৫ পরিচ্ছেদ ও ১৮ পরিচ্ছেদের একাংশ ত্যাগ করা গিয়াছে। ১৮৭৬ সালের ২৩ আইনের ৮ ধারামতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতি পাওয়া গেলে সেই নূতন বিধিশ্রেণী প্রকাশ করা যাইবে। পরন্তু ১ ও ২ ও ৩ পরিচ্ছেদের বিধি, যেমন আবকারী মাসুলের যোগ্য অন্য২ দ্রব্যের প্রতি খাটে, তেমনি আফীনেরও প্রতি খাটে।

৭। A ক্রোড়পত্রে নোটিস, পাট্টা, ছাড়পত্র, হিসাব প্রভৃতি লিখিবার পাঠ আছে, তাহারও অনেকাংশ পরিবর্ত্তন করা গেল।

৮। ঐ বিধিপুস্তকের সকল পেজের মধ্যে২ শাদা কাগজ দেওয়া গিয়াছে। ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ১ তারিখের পর ঐ বিধির পরিবর্ত্তন হইলে কি নূতন বিধি করা গেলে ঐ কাগজে লেখা যাইতে পারিবে।

---

৭ নম্বর।

ডিষ্ট্রিকট রোড ফণ্ডের কোন২ কমিটীর হিসাব দেখিয়া জানা গেল যে ২০ বিশ টাকার অধিকের রসীদে টিকিট বসাওনের বিষয়ে সাধারণ ইষ্টাম্প বিষয়ক আইনের বিধান অনেকবার তুচ্ছ হইয়া থাকে। অতএব বোর্ডের সাহেবেরা তৎসম্পর্কে আইনের আদেশের প্রতি ডিষ্ট্রিকট রোড ফণ্ডের সকল কমিটীকে মনোযোগ করিতে বলিয়াছেন।

২। গবর্ণমেণ্টের দ্বারা বা গবর্ণমেণ্টের পক্ষে না দেওয়া গেলে, ২০ বিশ টাকার অধিকের প্রত্যেক রসীদে ৵০ এক আনার আটাল টিকিট দিবার আজ্ঞা আছে, এই কথা নানা মুনিসিপালিটির ও পথকর কমিটীর ও রেলওয়ে কোম্পানির ও কোর্টওয়ার্ডসের অধীন কার্য্যাধ্যক্ষদের স্মরণ করাইয়া দেওয়া জিলার কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য।

JANUARY 1878.

C. T. BUCKLAND, ESQ.

No. 1.

IN supersession of the Board's Circular Order No. 1 of March 1876, the following table showing the rates of discount to be allowed from 1st February 1878 on the sale of General and Court Fees Stamps respectively is published for the information and guidance of all Revenue Officers:—

1	2	3	4	5	6	7	8
	GENERAL OR NON-JUDICIAL STAMPS.					Judicial or Court Fees Stamps.*	
	Class I. (Adhesive stamps and stamps under schedule I, articles 1 and 2, and schedule II, articles 1 to 9.)			Class II.* (All other stamps prescribed by the General Stamp Act of 1869.)			
	Stamps not exceeding in value 8 annas each.	Stamps exceeding in value 8 annas each, but not exceeding in value Rs. 5 each.	Stamps exceeding in value Rs. 5 each, but not exceeding in value Rs. 50 each.		Per cent.		Per cent.
	Per cent.	Per cent.	Per cent.				
Calcutta, Howrah (Sudder Station), 24-Pergunnahs (Sudder Station)	3⅛ – two pice in the rupee.	1 9/16 one pice in the rupee.	1 9/16 – one pice in the rupee.	At all places	3⅛ – two pice in the rupee.	Moorshedabad, Dinagepore, Maldah, Rungpore, Mymensingh (Licensed vendors at places more than five miles distant from either a sudder or sub-divisional treasury), Sundeep Island	2 2¼
All other places	4 11/16 – three pice in the rupee.	3⅛ – two pice in the rupee.	1 9/16 – one pice in the rupee.			All other places except Calcutta, where salaried vendors are employed	1 9/16 one pice in the rupee.

N. B.—Stamps coming under this class (1) may be sold by any person, and discount at the above rates is allowed on purchase of the total value of Rs. 5 and upwards at one time.

* Only *licensed* vendors purchasing stamps of the total value of Rs. 25 or upwards at one time are allowed discount on these kinds of stamps.

Note.—(1)—No discount is allowed on the purchase of any general or court fees stamps of which the value is more than Rs. 50 and Rs. 75 respectively, or in the purchase of any stamp applied on material furnished by the purchaser himself.

(2)—Discount is allowed at 6¼ per cent. (one anna in the rupee) on the sale of the special description of paper to be used for documents under the Court Fees Act VII of 1870.

১৮৭৮ সাল জানুয়ারি মাস।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব।

১ নম্বর।

বোর্ডের ১৮৭৬ সালের মার্চ মাসের ১ নং সরকুলার রহিত হইল। ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখ অবধি সাধারণ ও কোর্ট ফী ইষ্টাম্প বিক্রয় করিলে যে হারে ডিসকৌন্ট দেওয়া যাইবে তাহার নিম্নলিখিত ফর্দ্দ সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে।

১	২	৩	৪	৫	৬	৭		৮
	আদালতের ইষ্টাম্প ভিন্ন সাধারণ ইষ্টাম্প							
	প্রথম শ্রেণী। আ'ঠাল ইষ্টাম্প এবং ১ তফসীলের ১ ও ২ প্রকরণমত ও ২ তফসীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণমত ইষ্টাম্প।			দ্বিতীয় শ্রেণী * সাধারণ ইষ্টাম্প বিষয়ক ১৮৬৯ সালের আইনের নির্দ্ধারিত অন্য সকল ইষ্টাম্প।		কোর্ট ফী ইষ্টাম্প।*		
	একং ইষ্টাম্প ৷০ আট আনা মূল্যের অধিক না হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ৷০ আট আনার অধিক কিন্তু ৫৲ টাকার অনধিক হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ৫৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হইলে।		শতকরা			শতকরা।
	শতকরা	শতকরা	শতকরা					
কলিকাতা। হাবড়া সদর স্থান। চব্বিশ পরগনা (সদর স্থান)	৩ ১/৮ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা	১ ৯/১৬ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা	১ ৯/১৬ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা	সকল স্থানে	৩ ১/৮ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা	মুর্শিদাবাদ দিনাজপুর মালদহ রঙ্গপুর ময়মনসিংহ সন্দীপ	সদর কিম্বা মহকুমার থাকানাথা-নাহইতে পাঁচ মাইলের অধিক দূর লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা থাকিলে	২৲
						কলিকাতা ছাড়া অন্য যে সকল স্থানে বেতনভোগি বিক্রেতারা থাকেন		২৷০ ১ ৯/১৬ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা।
অন্য সকল স্থানে	৪ ১১/১৬ অর্থাৎ টাকা-প্রতি তিন পয়সা।	৩ ১/৮ অর্থাৎ টাকাপ্রতি দুই পয়সা	১ ৯/১৬ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা					

মন্তব্য।—এই প্রথম শ্রেণীর মধ্যে যে সকল ইষ্টাম্প আইসে তাহা কোন ব্যক্তি বিক্রয় করিতে পারিবেন। একিকালে মোটে ৫৲ পাঁচ টাকার কি অধিক মূল্যের ইষ্টাম্প ক্রয় করা গেলে, উক্ত হারে ডিসকৌন্ট পাওয়া যাইবে।

* কেবল লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা একিকালে ২৫৲ টাকার কি অধিক মূল্যের এই প্রকারের ইষ্টাম্প ক্রয় করিলে ডিসকৌন্ট পাইতে পারিবেন।

মন্তব্য।—(১) ৫০৲ টাকার অধিক মূল্যের সাধারণ ইষ্টাম্প কিম্বা ৭৫৲ টাকার অধিক মূল্যের কোর্ট ফী ইষ্টাম্প ক্রয় করা গেলে, কিম্বা ক্রেতা আপনি কাগজ দিয়া তাহাতে ইষ্টাম্প বসাইবার নিমিত্ত ইষ্টাম্প ক্রয় করিলে তাহার উপর ডিসকৌন্ট দেওয়া যাইবে না।

(২) আদালতের হুকুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনমতে নকল লিখিবার বিশেষ প্রকারের কাগজ ক্রয় করা গেলে তাহার উপর শতকরা ৬।০ টাকা অর্থাৎ টাকা প্রতি ৴০ এক আনা ডিসকৌন্ট দেওয়া যাইবে।

No. 2.

DISTRICT OFFICERS are informed that a revised form of Half-yearly Return No. XXI(c) is now passing through the press, and that the submission of the separate reports in stamp prosecution cases, required by Board's Circular Order No. 6 of December 1875, is no longer necessary. The form will be issued for use as soon as the supply of the old form of Return No. XXI(c) is exhausted.

[*Government Gazette, 5th February* 1878.]

২ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদিগকে এই কথা জ্ঞাত করা যাইতেছে। ষাণ্মাসিক ২১০ নং রিটর্ণের সংশোধিত পাঠ এইক্ষণে ছাপা হইতেছে। বোর্ডের ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ৬ নং সরক্যুলর অর্ডরমতে ইষ্টাম্প সম্পর্কীয় নালিশের মোকদ্দমায় যে স্বতন্ত্র রিপোর্ট দেওয়া যায় তাহার আর প্রয়োজন নাই। ২১০ নং রিটর্ণের পূর্ব্বকার পাঠ ফুরাইলে নূতন পাঠ ব্যবহার হইবার নিমিত্ত দেওয়া যাইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৮। ৫ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 19, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ১৯ ফেব্রুয়ারি।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(CIVIL.)

No. 1, *dated the* 1*st February* 1878.

The following instructions are issued in continuation of those contained in Circular Orders Nos. 13 and 14, dated 18th and 19th July last.

HIGH COURT, CIVIL SIDE *Present:* The Full Court.

2. In addition to the documents specified in the former Circular, vakalutnamahs will in all original suits form a part of the "Trial Nuthee" and shall be entered in order as No. 1A.

3. Cases decided *ex-parte* shall be excluded from the rule in the latter Circular requiring the process records to be entirely destroyed on the expiry of one year from the final order in the suits or cases to which they belong. In such cases the process nuthee shall be preserved until such time as the decree shall have been wholly satisfied out of Court or until execution shall have been had against the defendant.

No. 2, *dated the* 11*th February* 1878.

By desire of the Government of Bengal, the Court is pleased to direct that the Presiding Officer of every Civil Court subordinate to the High Court, under whose orders any civil prisoner is detained in jail, shall, if the prescribed instalment of the monthly allowance has not been deposited on the last day of each month, forthwith transmit to the officer in charge of the jail an order for the release of such prisoner.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রচারিত দেওয়ানী সরকুলর অর্ডর।

দেওয়ানী।

১৮৭৮ সাল ১ ফেব্রুয়ারি ১ নম্বর।

গত জুলাই মাসের ১৮ ও ১৯ তারিখের ১৩ ও ১৪ নং সরকুলার অর্ডর অবলম্বনে নিম্নলিখিত উপদেশ দেওয়া যাইতেছে।

২। প্রথমোক্ত সরকুলরে যে সকল দলীল উল্লিখিত হইয়াছে তদতিরিক্ত, প্রথমত উপস্থিত করা সকল মোকদ্দমায়, ওকালত্‌নামাও বিচারের নথীর একাংশ হইবে, ও তাহা ক্রমান্বয়ে ১ A নং বলিয়া গাঁথা যাইবে।

৩। দ্বিতীয়োক্ত সরকুলর অর্ডরে এই আজ্ঞা হইয়াছিল যে, পরওয়ানার কাগজপত্র যে মোকদ্দমা সম্পর্কীয় হয় তাহার চূড়ান্ত হুকুম হওয়ার পর এক বৎসর গত হইলে ঐ কাগজপত্র নষ্ট করিতে হইবে। কিন্তু এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে যে মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহা এই বিধির মধ্যে আসিবে না। তদ্রূপ মোকদ্দমার ডিক্রী যত দিন আদালতের বাহিরে সম্পূর্ণমতে সাধন না করা যায়, কিম্বা প্রতিবাদির বিপক্ষে যত দিন ডিক্রীজারী করা না যায়, তত দিন পরওয়ানার নথী রাখিতে হইবে।

১৮৭৮ সাল ১১ ফেব্রুয়ারি ২ নম্বর।

হাই কোর্টের অধীন প্রত্যেক দেওয়ানী আদালতের যে কর্ত্তৃপক্ষের আজ্ঞাক্রমে দেওয়ানী কোন বন্দীকে জেলে বদ্ধ রাখা যায় তাহার খোরাকীর নির্দ্দিষ্ট টাকা প্রতি মাসের শেষ তারিখে দাখিল করিয়া দেওয়া না গেলে, দেওয়ানী আদালতের সেই কর্ত্তৃপক্ষ উক্ত বন্দীকে অবিলম্বে ছাড়িয়া দিবার নিমিত্তে জেলের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের নামে আজ্ঞাপত্র দিবেন বঙ্গদেশের গবর্ণমেণ্টের ইচ্ছাক্রমে হাই কোর্ট এই আজ্ঞা করিলেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 12, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ১২ মার্চ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাইকোর্টের ও রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 3, dated the 16th February 1878.

From a report recently submitted by a District Judge, it appears that, in the time of his predecessors, the record-room attached to this Court has been allowed to fall into a state of great confusion. No register of the contents of the record-room had been prepared; no system in arranging the records had been followed. The provisions of Circular Order No. 7, dated 4th March 1874, requiring lists of the records sent in by the Lower Courts to be prepared on printed forms of a uniform size and bound into volumes, had been overlooked. The papers, the periodical destruction of which was prescribed by Circular Order No. 26, dated 16th November 1865, and previous Circular Orders of the Sudder Court, had not been touched, though year after year the annual reports contained certificates to the effect that the rules had been complied with. The record-keeper and his deputy had been permitted to delegate their duties to copyists, who were allowed unrestricted access to the record-room, and permitted to do their copying work there, away from the control of the Serishtadar. Irregularities, such as might have been expected in regard to the granting of copies, are said to have resulted.

2. To remedy the irregularities noted above as soon as they were discovered, advantage was taken by the Judge of the Dusserah vacation to employ all the clerks of the Court, who had not taken leave, in making a list of the contents of the racks, and examining, as far as possible, the contents of the bundles. A complete index to the papers, which are now being arranged, is in process of preparation, and something like order is gradually being introduced.

3. It is to be feared that a somewhat similar state of things may prevail elsewhere, and consequently the Judges consider it necessary to direct that steps be taken to ascertain in every Court that the record-keeper is performing his duties thoroughly, and not only so far as is sufficient to prevent the immediate detection of neglect.

4. The Court have to remind the District Judges that the native holidays afford opportunities which may be usefully employed in carrying out inquiries for the neglect of which pressure of business is frequently pleaded, and that it must always be possible to make arrangements for the performance of this duty without interfering with the religious observances of their ministerial officers.

5. The object to be attained is of such importance, that the Court trust that all District Judges will co-operate heartily in securing it. Officers who may hereafter neglect this duty must bear in mind that they will be held personally responsible.

No. 4, dated the 16th February 1878.

In lieu of the monthly return, shewing the number of pauper suits decided in the Civil Courts, prescribed by the Circular Order of the late Sudder Court, No. 22, dated 2nd October 1846, the Court is pleased to prescribe for use the annexed form of quarterly statement to be prepared by the District Judge on account of his own and the Subordinate Civil Courts, and by him forwarded to the Collector of the District concerned.

2. Instead of communicating directly with the Collector immediately on passing a decision in favour of a person suing *in formâ pauperis*, as directed in Circular Order No. 34, dated 30th November 1864, the officer deciding will, in future, within seven days from the day on which the decree is signed, deliver to the Government Pleader a copy of the decree in the case.

[*Government Gazette*, 12*th March* 1878.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

---

৩ নম্বর। ১৮৭৮ সাল ১৬ ফেব্রুয়ারি।

কোন জিলার জজ সম্প্রতি যে রিপোর্ট করিলেন তদ্দ্বারা দৃষ্ট হইল যে, তাঁহার পূর্ব্ব ঐ পদধারিদের সময়ে তাঁহার আদালতের মহাফেজখানায় কাগজপত্রের অত্যন্ত গোল হইয়া পড়িয়াছিল। মহাফেজখানায় কাগজপত্রের কোন রেজিষ্টর প্রস্তুত করা যায় নাই। ও কাগজপত্র সাজাইয়া রাখিবার কোন নিয়ম ধার্য্য হয় নাই। নিম্ন সকল আদালত হইতে যে কাগজপত্র পাঠান যায় তাহার নির্ঘণ্টপত্র এক পরিমাণের ছাপা ফারমে লিখিত হইয়া বহী বাঁধা যাইবে, ১৮৭৪ সালের ৪ মার্চের ৭ নং সরকুলরের এই বিধানের প্রতি মনোযোগ হয় নাই। ১৮৬৫ সালের ১৬ নবেম্বরের ২৬ নং ও সদর আদালতের তৎপূর্ব্বকার অন্য২ সরকুলর অর্ডরমতে যে২ কাগজপত্র নিরূপিত সময়ান্তরে নষ্ট করিবার আজ্ঞা ছিল, বৎসরং বার্ষিক রিপোর্টে সেই আজ্ঞামতে কর্ম্ম করা গিয়াছে বলিয়া সার্টিফিকট লেখা থাকিলেও সেই কাগজপত্র স্পর্শও করা যায় নাই। নকলনবীসদের প্রতি মহাফেজের ও তাঁহার নায়েবের কর্ম্ম অর্পণ করিবার অনুমতি হইয়াছিল। ঐ নকলনবীসেরা অবাধিতরূপে মহাফেজখানায় যাওয়া আসা করিতেন, ও তথায় সেরিশতাদারের তত্ত্বাবধানে না থাকিয়া আপনাদের নকল করণ কার্য্য চালাইতেন, সুতরাং নকল দেওন বিষয়ে অনেক অনিয়মিত কর্ম্ম হইবার অপেক্ষা হইতে পারিত, তাহাও হইল এমত কথিত হইয়াছে।

২। পূর্ব্বোক্ত অনিয়মিত কার্য্য জানিতে পাওয়া গেলেই জজ সাহেব তাহার প্রতিকারের এই২ উপায় করিলেন। ছুটীর সময়ের বন্দে যে২ কেরাণিরা ছুটী লন নাই, তাঁহাদের দ্বারা প্রত্যেক মাচার সকল কাগজপত্রের নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইয়া, প্রত্যেক বাণ্ডলে যে২ পত্র ছিল সাধ্যমতে তাহাও দেখিয়া লইলেন। ঐ কাগজপত্র এইক্ষণে সাজাইয়া রাখা যাইতেছে ও কাগজপত্রের সম্পূর্ণ নির্ঘণ্টপত্র প্রস্তুত হইতেছে, ক্রমে২ সকলেরই পুনরায় সুধারা হইবে।

৩। অন্য২ স্থানেও সেই প্রকারের গোল হওয়ার সম্ভাবনা বিবেচনায় হাই কোর্টের জজ সাহেবেরা এই আদেশ করা আবশ্যক জ্ঞান করিলেন, মহাফেজের শৈথিল্য যাহাতে হঠাৎ ধরিতে না পারা যায় তিনি কেবল এমতে যে আপন কর্ম্ম করিতেছেন তাহা নয় কিন্তু আপনার কর্ত্তব্য কর্ম্ম যে সম্পূর্ণরূপে সম্পাদন করিতেছেন ইহা নিশ্চয়মতে জানিবার উপায় করা প্রত্যেক আদালতের কর্ত্তব্য।

৪। সন্ধান লওয়া গেলে যাহাতে বিস্তর কর্ম্ম আছে বলিয়া যে২ কার্য্যের শৈথিল্য দোষের ওজর হইয়া থাকে, এদেশীয় লোকদের পরবের সময়ে সেই২ কর্ম্ম সম্পাদন করিবার অনেক সুযোগ হইতে পারে ও আমলাদের ধর্ম্মক্রিয়ার প্রতি হস্তক্ষেপ না করিয়া ঐ কর্ম্ম সম্পাদনের নিয়ম করা সর্ব্বদাই সাধ্য, হাই কোর্টের সাহেবেরা এই কথা জিলার জজ সাহেবদের স্মরণ করাইতেছেন।

৫। ইহাতে যে অভিপ্রায় সিদ্ধকরা উদ্দেশ্য তাহা অত্যন্ত গুরুতর হওয়াতে সকল জিলার জজ সাহেব এইবিষয়ে সম্বন্ধে সহযোগী হইবেন হাই কোর্টের এই আশা আছে। ইহার পর কোন কার্য্যকারকেরা আপনাদের কর্ত্তব্য এই কর্ম্ম শিথিল হইলে তাঁহাদের নিজের দায়ী হইতে হইবে, এই কথা মনে রাখিবেন।

---

৪ নম্বর। ১৮৭৮ সাল ১৬ ফেব্রুয়ারি।

দেওয়ানী আদালতে পাপারের যত মোকদ্দমা নিষ্পত্তি হয়, ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৬৬ সালের ২ অকটোবরের ২২ নং সরকুলর অর্ডরে ইহার মাসিক রিটর্ণ দিবার বিধান হইয়াছিল। তৎপরিবর্ত্তে হাই কোর্টের সাহেবেরা নিম্নলিখিত পাঠে ত্রৈমাসিক কৈফিয়তের আজ্ঞা দিয়াছেন। জিলার জজ সাহেব আপনার ও আপন অধীন সকল দেওয়ানী আদালতের নিমিত্ত তাহা প্রস্তুত করিয়া তাহাতে যে২ জিলার সম্পর্ক থাকে সেই২ জিলার কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন।

১। পাপরস্বরূপ মোকদ্দমা করিয়া কোন ব্যক্তির সপক্ষে নিষ্পত্তি হইলে বিচারপতি একেবারে কালেক্টর সাহেবকে সেই কথা জানাইবেন, ১৮৬৪ সালের ৩০ নবেম্বরের ৩৪ নং সরকুলর অর্ডরে এই আজ্ঞা হইয়াছিল, কিন্তু এই অবধি বিচারপতি তাহা না করিয়া যে দিনে ডিক্রীতে স্বাক্ষর করেন তাহার পর সাত দিনের মধ্যে গবর্ণমেণ্টের উকীলকে ঐ মোকদ্দমার ডিক্রীর নকল দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

Statement shewing the number of Pauper Suits decided in the Civil Courts of the District of during the Quarter of the year 18 *, and the amount of Stamp Duty leviable on behalf of Government (Circular Order No.* 4, *dated* 16*th February* 1878.

In what Court decided	Date of institution of suit	Register number of suit	Names of suitors, with their places of residence	Nature of the suit	Substance of the order passed	Date on which copy of the decree was made over to the Government Pleader	Amount or value in dispute	Amount of stamp duty leviable	REMARKS.

No. 5, *dated* 20*th February* 1878.

HIGH COURT CIVIL SIDE
Present
The Full Court.

The Court are pleased to direct that the following be substituted for the penultimate paragraph of Circular Order No. 13, dated the 18th July 1877 :—

"13. Order sheet.

"In proceedings after decree for the execution thereof, the trial nuthee shall be constituted of the undermentioned papers and documents :—

"14. The decree-holder's application under Section 212, Act VIII of 1859 [Section 230, Act X of 1877].

"15. Applications for substitution in place of decree-holder under Section 208, Act VIII of 1859 [Section 232, Act X of 1877].

"16. Applications to execute against the estate of a deceased debtor under Section 210, Act VIII of 1859 [Section 234, Act X of 1877].

"17. Notices issued under Section 216, Act VIII of 1859 [Section 248, Act X of 1877].

"18. Applications by the defendant objecting to the execution proceeding.

"19. Writs of attachment or possession, and returns of service.

"20. Proclamations of sale and returns of service.

"21. Proceedings of the Court holding a sale.

"22. Applications by the decree holder granting time to the debtor.

"23. Statements of accounts.

"24. Receipts and acknowledgments of satisfaction in whole or in part.

"25. Vakalutnamahs.

"26. The final order."

No 6, *dated the* 20*th February* 1878.

HIGH COURT CIVIL SIDE.
Present
The Full Court

The Court are pleased to direct that the following additions be made in Circular Order No. 14, dated the 19th July 1877 :—

In the list of "papers to be preserved," and before the words "the periods for which the trial nuthee shall be preserved entire," &c., the following shal be inserted :—

"In execution of decree cases—

14. The decree-holder's application.

19. Writs of attachment or possession and returns of service.

21. Proceedings of the court holding a sale of immovable property.

24. Receipts, &c.

25. Vakalutnamahs by which a decree-holder authorises a pleader to receive money from the court.

26. The final order."

[*Government Gazette,* 12*th March* 1878.]

অমুক সালের অমুক তিন মাসে অমুক জিলার দেওয়ানী আদালতে পার্পারের যত মোকদ্দমা নিষ্পত্তি হয় এবং গবর্ণমেণ্টের পক্ষে যত ইষ্টাম্পের মাসুল আদায় হইতে পারে তাহার বর্ণনাপত্র। (১৮৭৮ সালের ১৬ ফেব্রুয়ারির ৪ নং সরকুলর অর্ডর।)

যে আদালতে নিষ্পত্তি হইল।	মোকদ্দমা উপস্থিত করণের তারিখ।	মোকদ্দমার রেজিষ্টরী নম্বর।	বাদিদের নাম ও বাসস্থান।	যে প্রকারের মোকদ্দমা।	যে আজ্ঞা করা গেল তাহার মর্ম্ম।	ডিক্রীর নকল যে তারিখে গবর্ণমেণ্টের উকীলকে দেওয়া গেল।	যত টাকার বা যত টাকা মূল্যের বিবাদ হয়।	যত টাকা ইষ্টাম্পের মাসুল আদায় হইতে পারে।	মন্তব্য কথা।

৫ নম্বর। ১৮৭৮ সাল ২০ ফেব্রুয়ারি।

হাই কোর্টের সাহেবেরা ১৮৭৭ সালের ১৮ জুলাইর ১৩ নং সরকুলর অর্ডরের শেষ দফার পূর্ব্ব দফার পরিবর্ত্তে নিম্নলিখিত কথা প্রয়োগ করিতে আদেশ করিলেন।

১৩। রোয়দাদ।

ডিক্রীর পর ডিক্রীজারীর নিমিত্ত রুবকারীতে নিম্নলিখিত কাগজপত্র ও দলীল লইয়া বিচারের নথী হইবে।

১৪। ১৮৫৯ সালের ৮ আইনের ২১২ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৩০ ধারা] মতে ডিক্রীদারের প্রার্থনাপত্র।

১৫। ১৮৫৯ সালের ৮ আইনের ২০৮ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৩২ ধারা] মতে ডিক্রীদারের স্থলে অন্য ব্যক্তির প্রার্থনাপত্র।

১৬। ১৮৫৯ সালের ৮ আইনের ২১০ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৩৪ ধারা] মতে মৃত ব্যক্তির সম্পত্তির উপর ডিক্রী জারী করিবার প্রার্থনাপত্র।

১৭। ১৮৫৯ সালের ৮ আইনের ২১৬ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৪৮ ধারা] মতে জারী কর নোটিস।

১৮। ডিক্রীজারী করণ সম্পর্কীয় কার্য্যানুষ্ঠানে প্রতিবাদির আপত্তিসূচক প্রার্থনা পত্র।

১৯। ক্রোক করণের বা অধিকার লওনের পরওয়ানা ও পরওয়ানা জারীর রিটর্ণ।

২০। নীলামের ঘোষণা পত্র ও ঐ পত্র জারীর রিটর্ণ।

২১। যে আদালত নীলাম করেন তাঁহার রুবকারী।

২২। ডিক্রীদার খাতককে অবকাশ দিলে তাহার প্রার্থনা পত্র।

২৩। হিসাবের কৈফিয়ৎ।

২৪। সম্পূর্ণরূপে বা একাংশের ঋণশোধ হওয়া রসীদ ও স্বীকারপত্র।

২৫। ওকালৎ নামা।

২৬। শেষ আজ্ঞা।

---

৬ নম্বর।—১৮৭৮ সাল ২০ ফেব্রুয়ারি।

হাই কোর্টের সাহেবেরা ১৮৭৭ সালের ১৯ জুলাইর ১৪ নং সরকুলর অর্ডরে নিম্নলিখিত কথা সংযোগ করিতে আদেশ করিলেন।

"যেং কাগজপত্র রাখিতে হইবে" তাহার নির্ঘণ্টপত্রের মধ্যে "বিচারের নথী যত দিন পূরা রাখিতে হইবে" প্রভৃতি কথার পূর্ব্বে এই ২ কথা সংযোগ করিয়া দিতে হইবে।

"ডিক্রীজারীর মোকদ্দমার"—

১৪। ডিক্রীদারের প্রার্থনাপত্র।

১৯। ক্রোক করণের বা অধিকার লওনের পরওয়ানা ও পরওয়ানা জারীর রিটর্ণ।

২১। যে আদালত স্থাবর সম্পত্তি নীলাম করেন তাহার রুবকারী।

২৪। রসীদ প্রভৃতি।

২৫। যে ওকালৎনামাদ্বারা ডিক্রীদার উকীলের প্রতি আদালত হইতে টাকা গ্রহণ করিবার ক্ষমতা দেন তাহা।

২৬। শেষ আজ্ঞা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

In page 2, the following shall be inserted after the words "or in executions, not proceeded with when three years have elapsed since the last application":—

The word 'application' must be here read in connection with clause 4, Article 179, Schedule II, Act XV of 1877.

No. 7, dated the 23rd February 1878.

Circular Order No. 186, dated 24th October 1861, issued by the late Sudder Court, prescribing a form of fly leaf for use with pending suits, is hereby cancelled. In future it will be sufficient if, on the termination of a trial, the fly leaf or index of the contents of the Trial Nuthee is prepared as directed in Circular Order No. 13, dated 18th July last.

2. The orders contained in the latter circular order for the preparation of supplementary indexes, shewing separately for each party to the suit the documents used by them, supersede the orders contained in Circular Order No. 12, dated 3rd December 1869, in so far that a list of rejected documents is not now required. All that is now necessary is to make up a list of all the documents admitted in evidence in the case in as many parts as there are parties.

No. 8, dated 23rd February 1878.

The Court are pleased to direct that the quarterly returns submitted to it by the Judges of Courts of Small Causes through the District Judge, under the provisions of Circular Order No. 10A, dated 26th April 1864, and Circular Memo. No. 6, dated 8th April 1875, be discontinued. As the Courts of Small Causes are now, under Act X of 1877, subordinate to the District Courts, it will be the duty of the District Judges to exercise the same control over them in the matter of their process establishments as they do over the other Subordinate Civil Courts.

No. 9, dated the 23rd February 1878.

As the High Court has ceased, under the provisions of Act VI of 1871, to exercise any control over the establishments attached to the Subordinate Civil Courts, it is no longer necessary that the annual reports on the validity of the security filed by ministerial officers, which some District Judges continue to forward under the provisions of Circular Order No. 34, dated 23rd September 1831, issued by the late Sudder Court, should be submitted for the information of the Judges.

2. District Judges must in future be guided in the matter of taking security from members of the establishments subordinate to them, and of periodically satisfying themselves as to its validity by any instructions which they may receive on the subject from the Government.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE, L. P.

JANUARY 1878.

H. L. DAMPIER, ESQ.

Erratum.

For the words "53 *of the Court of Wards Act,* 1877," *in lines* 1 *and* 2 *of the Board's Circular Order No.* 1 *of May* 1877, *substitute the words* "49 *of Act IV (B.C.) of* 1870."

No. 3.

WITH the approval of the Government, the Board direct that Collectors shall make no representations to the civil courts under section 326 of the Civil Procedure Code of 1877 without the sanction of the Board previously obtained.

2. Should any sale be immediately impending of property in respect of which a Collector considers that a representation under section 326 should be made, he can, at the same time as he applies to the Commissioner for permission to act under section 326, represent to the civil court that he has made such an application; and it will be in the discretion of the court to stay the sale.

[*Government Gazette,* 12*th March* 1878.]

তৎপর পৃষ্ঠার (বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের সপ্তম খণ্ডের ১৫৩ পৃষ্ঠায়)., কিম্বা ডিক্রী জারীর কার্য্যানুষ্ঠান না হইলে শেষ প্রার্থনাপত্র উপস্থিত করণাবধি তিনবৎসর গত হইলে, শেষআজ্ঞা করা গেল বলিয়া জ্ঞান হইবে, এই কথার পরে।

ঐ "এইস্থলে ১৮৭৭ সালের ১৫ আইনের ২ দ্বিতীয় তফসীলের ১৭৯ প্রকরণের ৪ দফা সম্পর্কে, প্রার্থনা পত্র শব্দ পাঠ করা যাইবে,' এই কথা প্রয়োগ করিতে হইবে।

---

৭ নম্বর। ১৮৭৮ সালের ২৩ ফেব্রুয়ারি।

বিচারাধীন মোকদ্দমার কাগজপত্রের উপর বিশেষ পাঠের একখানি শাদাপাত রাখিবার আদেশ বিষয়ে ভূতপূর্ব্ব সদর আদালত ১৮৬১ সালের অকটোবর মাসের ২৪ তারিখের ১৮৬ নম্বরের যে সরক্যুলর অর্ডর প্রকাশ করেন তাহা রহিত করা গেল। এক্ষণ অবধি বিচার শেষ হইলে গত জুলাই মাসের ১৮ তারিখের ১৩ নং সরক্যুলরের আদেশমতে বিচারের নথীর অন্তর্গত কাগজপত্রের উক্ত শাদাপাত কি সূচীপত্র লিখিলেই যথেষ্ট হইবে।

২। মোকদ্দমার প্রত্যেক পক্ষ যে২ দলীলের ব্যবহার করেন তাহা স্বতন্ত্র২ রূপে দেখাইবার নিমিত্তে পরিশিষ্ট সূচীপত্র প্রস্তুত করণ বিষয়ক শেষোক্ত সরক্যুলরের আজ্ঞা দ্বারা ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখের ১২ নং সরক্যুলর অর্ডর এতদূর রহিত করা গেল যে, অগ্রাহ্য কর দলিলের নির্ঘণ্টপত্রের আর প্রয়োজন নাই। এইরূপে মোকদ্দমার প্রমাণ স্বরূপ যে২ দলিল গ্রাহ্য হয়, মোকদ্দমার যত পক্ষ থাকিবেন তত ভাগে বিভক্ত করিয়া ঐ দলীলের নির্ঘণ্টপত্র প্রস্তুত করা আবশ্যক।

---

৮ নম্বর। ১৮৭৮ সালের ২৩ ফেব্রুয়ারি।

১৮৬৪ সালের আপ্রিল মাসের ২৬ তারিখের ১০A নং সরক্যুলর অর্ডরের ও ১৮৭৫ সালের আপ্রিল মাসের ৮ তারিখের ৬ নং স্মারকলিপির বিধানমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজেরা জিলার জজ সাহেবদের দ্বারা হাইকোর্টে ত্রৈমাসিক যে রিটর্ণ প্রেরণ করেন উক্ত কোর্টের সাহেবেরা তাহা আর পাঠাইতে বারণ করিলেন। ১৮৭৭ সালের ১০ আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালত জিলার আদালতের অধীন হওয়াতে, জিলার জজ সাহেবেরা আপনাদের অধীন অন্যান্য দেওয়ানী আদালতের যেরূপ তত্ত্বাবধারণ করিয়া থাকেন, পরওয়ানা বিষয়ক শিরিস্তা সম্পর্কে সেই আদালতেরও তাঁহাদের তদ্রূপ তত্ত্বাবধারণ করা কর্ত্তব্য।

---

৯ নম্বর। ১৮৭৮ সালের ২৩ ফেব্রুয়ারি।

কোন২ জিলার জজ সাহেবেরা ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৩১ সালের সেপ্টেম্বর মাসের ২৩ তারিখের ৩৪ নং সরক্যুলরের বিধানমতে আপনাদের আমলা প্রভৃতির জামীনের মাতবরী বিষয়ে হাই কোর্টে বৎসর২ রিপোর্ট প্রেরণ করিয়া থাকেন। পরন্তু ১৮৭১ সালের ৬ আইনের বিধানমতে অধীনস্থ দেওয়ানী আদালতে নিযুক্ত আমলা হাই কোর্টের জজ সাহেবদের তত্ত্বাবধানে আর না থাকাতে তাঁহাদের জ্ঞানার্থে উক্ত রিপোর্ট প্রেরণ করিবার আর আবশ্যক নাই।

২। জিলার জজ সাহেবেরা অধীনস্থ শিরিস্তার আমলাগণের স্থানে জামীন লওন ও সময়ে২ ঐ জামীনের মাতবরীর কথা স্ববোধমতে জানিয়া লওন বিষয়ে, গবর্ণমেণ্টহইতে যে২ আদেশ পাইবেন তাঁহাদের তদনুসারেই কার্য্য করিতে হইবে।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৮ সাল জানুয়ারি মাস।

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

অশুদ্ধশোধন।

বোর্ডের ১৮৭৭ সালের মে মাসের ১ নম্বরের ১ ও ২ পঁক্তিতে "কোর্ট ওয়ার্ডসবিষয়ক ১৮৭৭ সালের ৫৩" এই কথার পরিবর্ত্তে ১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইনের ৪৯" এই কথা পাঠ করিতে হইবে।

---

৩ নম্বর।

গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে বোর্ডের সাহেবেরা এই আদেশ করেন যে, তাঁহাদের অনুমতি না পাইলে কালেক্টর সাহেবেরা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৩২৬ ধারামত কথা দেওয়ানী আদালতে জ্ঞাত না করেন।

২। অল্পকালের মধ্যে কোন সম্পত্তি নীলাম হইবার সম্ভাবনা থাকিলে, ও কালেক্টর সাহেব ৩২৬ ধারামত কথা জ্ঞাত করা উচিত বোধ করিলে, তিনি যে সময়ে কমিশ্যনর সাহেবের নিকট ৩২৬ ধারামতে কার্য্য করিবার অনুমতি প্রার্থনা করেন সেই সময়েও আপনার সেই প্রার্থনা করিবার কথা দেওয়ানী আদা তে জ্ঞাত করিতে পারিবেন। ও আদালত উচিত বোধ করিলে নীলাম স্থগিত রাখিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

No. 4.

THE Accountant-General has explained that under the note attached to paragraph 7 of the Comptroller-General's circular No. 215, dated 23rd August 1875, circulated with his No. 346, dated 21st September following, the omission of the columns for the entry of currency notes of the value of Rs. 20 and under from the note register No. 79 was intended to be optional, and that such omission has given rise to practical difficulties in the preparation of returns by treasury officers required for his office. The following alterations are accordingly made—

(a) Paragraph 1 of the Board's circular No. 2 of July 1876 is cancelled.

(b) In clause 1 of paragraph 2 of the above circular, for the words "Rs. 50 and upwards," substitute the words "all denominations."

2. The following clause should also be added after clause 7 in section VI, chapter II page 25, of the Board's Rules—

"(7a) In column 3 of the register for notes of other circles, the name of the circle to which a note belongs shall be entered."

3. The above alterations should be noted in the new edition of the Board's Rules when received.

C. T. BUCKLAND, ESQ.

No. 5.

THE following resolution of the Government of India, No. 3335, dated 21st September 1877, regarding the maintenance of a register of court fees, is published for the information and guidance of all revenue officers in the Lower Provinces:—

No. 3335, dated Simla, the 21st September 1877.

RESOLUTION—By the Government of India, Financial Department (Separate Revenue—Stamps).

READ—

The following papers having reference to the question of the expediency of maintaining for all courts the register of court fees prescribed in paragraph 11 of Financial Circular No. 1817, dated 16th March 1870:—

(For the second time.)

Letter from Chief Commissioner of Central Provinces, No. 656-29, dated 23rd February 1875, and enclosure.

Letter to Chief Commissioner of Central Provinces, No. 2071, dated 10th April 1875.

Letter from Chief Commissioner of Central Provinces, No. 1427-65, dated 23rd April 1875, and enclosures.

Circular to Local Governments, No. 1643, dated 29th June 1875.

(For the first time.)

Letter from Chief Commissioner of British Burmah, No. 1091-228, dated 3rd October 1875.

Letter from Government of Bombay, No. 6496, dated 28th October 1875.

Letter from Chief Commissioner of Oudh, No. 4080, dated 11th November 1875.

Letter from Chief Commissioner of Ajmere, No. 770, dated 11th November 1875.

Letter from Government of Bengal, No. 9801, dated 27th November 1875.

Letter from Chief Commissioner of Assam, No. 4381, dated 22nd December 1875.

Letter from Chief Commissioner of Central Provinces, No. 15-3, dated 13th January 1876.

Letter from Resident at Hyderabad, No. 1265, dated 13th January 1876.

Letter from Government of Madras, No. 403, dated 2nd March 1876.

Letter from Government of North-Western Provinces, No. 40A., dated 27th March 1876.

Letter from Government of Punjab, No. 801, dated 28th March 1876.

RESOLUTION.

BY paragraph 11 of Financial Resolution No. 1817, dated 3rd March 1870, the Governor General in Council resolved that there should be maintained for each court a register of the fees levied under Chapter IV, and of those levied under the different articles of schedules I and II of the Court Fees Act. Subsequently it was indicated in Financial Notification No. 2923, dated 5th August 1870, that these registers need not be kept in great detail.

2. In 1875 a question was raised as to the expediency of continuing the registers, and the opinions of the several local Governments were invited on the subject.

3. From the replies received to that reference, it appears that the maintenance of the registers is generally considered desirable.

[*Government Gazette*, 12*th March* 1878.]

৪ নম্বর।

১৮৭২ সালের ২১ সেপ্টেম্বরের ৩৪৬ নং সরকুলরের সঙ্গে কন্‌ট্রোলর জেনরল সাহেবের ঐ সালের ২৩ আগস্টের ২১২ নম্বরের যে সরকুলর প্রচারিত ছিল, তাহার ৭ দফায় সংযুক্ত মন্তব্য কথামতে, ৭৯ নং নোটের রেজিস্টরের মধ্যে ২০ টাকার ও তাহার কমমূল্যের করেন্সী নোট লিখিবার ঘর না থাকা কেবল স্বেচ্ছাধীন, ও আকৌণ্টেন্ট জেনরল সাহেবের আফিসের নিমিত্ত খাজানাখানার কর্তৃপক্ষদের যে রিটর্ন প্রস্তুত করা উচিত, ঐ ঘর ত্যাগ করাতে সেই রিটর্ন প্রস্তুত করণের কার্য্যপক্ষে কষ্ট হইয়াছে, আকৌণ্টেন্ট জেনরল সাহেব এই কথা ব্যাখ্যা করাতে, নিম্নলিখিতমতে সংশোধন করা প্রয়োজন।

(ক) বোর্ডের ১৮৭৬ সালের জুলাই মাসের ২ নং সংকুলর অর্ডরের ১ দফা রহিত করা গেল।

(খ) ঐ সংকুলরের ২ দফার ১ প্রকরণে "৫০ টাকার ও তদূর্দ্ধ" এই কথার পরিবর্ত্তে "সকল" শব্দ পাঠ করিতে হইবে।

২। বোর্ডের বিধি পুস্তকের ৪২ পৃষ্ঠায় দ্বিতীয় অধ্যায়ের ৭ সপ্তম পরিচ্ছেদের ৭ ধারার পর এই ধারা সংযোগ করিতে হইবে,—

"৭ ক। অন্য ২ চক্রের নোটের রেজিষ্টরের ৩ ঘরে, নোট যে চক্রের হয় তাহার নামও লিখিতে হইবে।"

৩। বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণ পাওয়া গেলে, তন্মধ্যে ঐ পরিবর্ত্তিত কথা লিখিতে হইবে।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব।

---

৫ নম্বর।

কোর্ট ফীর রেজিষ্টর রাখণ বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ২১ সেপ্টেম্বরের ৩৩৩৫ নং নিম্নলিখিত নির্দ্ধারণপত্র বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বের সকল কর্তৃপক্ষদের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে

৩৩৩৫ নং। সিমলা, ১৮৭৭ সাল ২১ সেপ্টেম্বর।

ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্বতন্ত্র রাজস্ব ঘটিত ইষ্টাম্প বিষয়ক নির্দ্ধারণ।

১৮৭০ সালের ১১ মার্চে ১৮১৭ নং ফিনানশ্যাল সরকুলরের ১১ দফায় কোর্ট ফীর যে রেজিষ্টর রাখিবার বিধান হইয়াছিল, সকল আদালতে সেই প্রকারের রেজিষ্টর রাখিবার ঔচিত্য বিষয়ক নিম্নলিখিত পত্রাদি পাঠ করা গেল

এই২ পত্রাদি দ্বিতীয়বার পাঠ করা গেল।

মধ্যপ্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ২৩ ফেব্রুয়ারির ৬০৬। ২৯ নং পত্র ও তৎসহিত অন্য পত্র
মধ্যপ্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের নামে ১৮৭৫ সালের ১০ আপ্রিলের ২০৭১ নং পত্র।
মধ্যপ্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ২০ আপ্রিলের ১৪২৭। ৬৫ নং পত্র ও তৎসহিত অন্য পত্রাদি।
স্থানীয় গবর্ণমেণ্টের নামে ১৮৭৫ সালের ২৯ জুনের ১৯৪৩ নং সরকুলর।

এই২ পত্র প্রথমবার পাঠ করা গেল।

ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ৩ অকটোবরের ১০৯১। ২২৮ নং পত্র।
বোম্বাইয়ের গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের ২৮ অকটোবরের ৬৪৯৬ নং পত্র।
অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ১১ নবেম্বরের ৪০৮০ নং পত্র।
আজমেরের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ১১ নবেম্বরের ৭৭০ নং পত্র।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের ২৭ নবেম্বরের ৯৮০১ নং পত্র।
আসামের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ২২ ডিসেম্বরের ৪৯৮১ নং পত্র।
মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৬ সালের ১৩ জানুআরির ১৭১৩ নং পত্র।
হয়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের ১৮৭৬ সালের ১৩ জানুয়ারির ১২৬৫ নং পত্র।
মান্দ্রাজের গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের ২ মার্চের ৪০৩ নং পত্র।
উত্তর পশ্চিমদেশের গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের ২৭ মার্চের ৪০A নং পত্র।
পাঞ্জাবের গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের ২৮মার্চের ৮০১ নং পত্র।

নির্দ্ধারণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭০ সালের ৩ মার্চের ১৮১৭নং ফিনানশ্যাল নির্দ্ধারণপত্রের ১১ দফায় ইহা স্থির করিলেন যে, আদালতের রসুম বিষয়ক আইনের ৪ চতুর্থ অধ্যায়মতে যে ফী আদায় হয় ও ১ ও ২ তফসালের নানা প্রকরণমতে যে ফী আদায় হয় প্রত্যেক আদালতে তাহার রেজিষ্টর রাখিতে হইবে। পরে ঐ সকল রেজিষ্টর অতি বিস্তারিতরূপে রাখা না যায়, ফিনানশ্যাল ডিপার্টমেণ্টের ১৮৭০ সালের ৫ আগষ্টের ২৯২৩ নম্বরের এই মর্ম্মের জ্ঞাপনপত্র হইয়াছিল।

২। ঐ রেজিষ্টর রাখাই বিহিত কি না, ১৮৭৫ সালে এই প্রশ্ন উত্থিত হইলে তদ্বিষয়ে স্থানীয় নানা গবর্ণমেণ্টের অভিমত জানাইবার আদেশ হইয়াছিল।

৩। তদুত্তরে যাহা অবগত হওয়া গেল তাহাতে ঐ রেজিষ্টর রাখাই সকলের বিহিত বলিয়া জ্ঞান হইল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

4. The Hon'ble the President in Council is accordingly pleased to order the continuance of this register, and, to secure uniformity, is further pleased to direct that it be kept in the following form:—

I.—FOR CIVIL COURTS.

Daily register of court fees realized in the court of the

Date.	Process fees.		Amount realized under Act VII of 1870, schedule I, articles 1 to 9 inclusive.		Amount realized under the same schedule, Nos. 10 to 12.		Amount realized under schedule II.		Total.		REMARKS.
	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	

II.—FOR REVENUE AND CRIMINAL COURTS.

Daily register of court fees realized in the

Date.	Process fees.		Other fees.		Total.		REMARKS.
	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	

5. It is to be observed that the entries are not to be made in detail, but only so as to show, in the case of the civil courts, the aggregate value of the stamps filed in the court during each day under each of the four classes indicated, and in the case of the criminal and revenue courts the total daily receipts from process fees and other fees. The entries should be initialled daily by the presiding officer.

No. 6.

IT is notified for general information that, under the orders of Government, the duty on ganja will be levied as follows on and from 1st April 1878:—

	Rs.	A.	
On flat ganja	3	8	per seer.
" round "	4	0	"
" choor "	4	0	"

No. 7.

THE attention of Government having been drawn to the falling off in the fines and penalties levied under the General Stamp Act, XVIII of 1869, during the first quarter of 1877-78, as shown in the statement given in the margin, district officers are requested not to relax their efforts in seeking for cases of insufficiently stamped documents. It is contrary to the doctrine of probabilities that such offences against the law will not occur, and it is necessary that they should be diligently sought for in order that the revenue derived from stamps may not be impaired.

FINES AND PENALTIES.

	Rs.	A.	P.
April 1877.			
Total current month	819	5	0
Total same month last year ...	2,079	2	0
May 1877.			
Total current month	1,355	8	6
Total same month last year	1,431	7	0
1st April to date, two months	2,[illegible]04	13	6
Same period last year	3,510	9	0
June 1877.			
Total current month	1,424	3	6
Total same month last year	1,291	7	0
1st April to date, three months	3,[illegible]29	1	0
Total same period last year	4,802	0	0

[*Government Gazette*, 12*th March* 1878.]

৪। অতএব মন্ত্রিসভাধিষ্ঠিত মান্যবর সভাপতি সাহেব ঐ রেজিষ্টর রাখিবার আজ্ঞা করিলেন ও সকল স্থানে একিরূপে রাখাযায় এই কারণে নিম্নলিখিত পাঠে ঐ রেজিষ্টর রাখিবার আজ্ঞা করিলেন।

১।—দেওয়ানী আদালতে।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিষ্টর।

তারিখ।	পরওয়ানার ফী।	১৮৭০ সালের ৭ আইনের ১ তফসীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণমতে যত টাকা আদায় হইল।	ঐ তফসীলের ১০, ১১, ১২ নং প্রকরণ মতে যত টাকা আদায় হইল।	২ তফসীল মতে যত টাকা আদায় হইল।	মোটে।	মন্তব্য।
	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	

২।—রাজস্বের ও ফৌজদারী আদালতে।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিষ্টর।

তারিখ।	পরওয়ানার ফী।	অন্যান্য ফী।	মোটে।	মন্তব্য।
	টাকা।	টাকা।	টাকা।	

৫। বিস্তারিত কথা লিখিতে হইবে না। কিন্তু দেওয়ানী আদালতে প্রতিদিন উল্লিখিত চারি শ্রেণীর প্রত্যেক শ্রেণীমতে মোটে যত মূল্যের ইষ্টাম্প দেওয়া যায় এবং ফৌজদারী ও রাজস্বের আদালতে পরওয়ানা ও অন্যান্য প্রকারের ফী বলিয়া প্রতিদিন মোটে যত টাকা পাওয়া যায় কেবল ইহাই দেখান এই রেজিষ্টরের অভিপ্রায় জানিতে হইবে। আদালতের কর্ত্তৃপক্ষ প্রতিদিন ঐ রেজিষ্টরের লিখিত অঙ্কে আপন নামের আদ্যাক্ষর লিখিবেন।

---

৬ নম্বর।

সাধারণের জ্ঞানার্থে এই নোটিস দেওয়া গেল। গবর্ণমেণ্টের আজ্ঞামতে ১৮৭৮ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি গাঁজার উপর এইং মাসুল আদায় হইবে।—

চেপ্টা গাঁজা ... সেরপ্রতি ৩৷৷০ টাকা
গোল গাঁজা ... ঐ ৪৲
চুর গাঁজা ... ঐ ৪৲

৭ নম্বর।

সাধারণ ইষ্টাম্প বিষয়ক ১৮৬৯ সালের ১৮ আইনমতে ১৮৭৭। ৭৮ সালের প্রথম তিন মাসে অর্থদণ্ডের ও দণ্ডের যত টাকা আদায় হইল, পার্শ্বলিখিত অঙ্ক দ্বারা তাহা পূর্ব্ববৎসর অপেক্ষা কম দেখাযাইতেছে। এই বিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ হওয়াতে জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইল যে, অল্প মূল্যের ইষ্টাম্প যে দলিলে বসান গেল তাহা চেষ্টা করিবার যত্ন করণে তাঁহারা শিথিল না হন। আইনের বিপরীত সেই প্রকারের দোষ যে না হইবে ইহা অনুমানের বিদ্ধিসম্মত নহে। এবং ইষ্টাম্প দ্বারা যে রাজস্ব উৎপন্ন হয় তাহার হানি না হওয়ার জন্যে, উক্ত প্রকারের দোষের যত্ন পূর্ব্বক সন্ধান হওয়া আবশ্যক।

অর্থদণ্ডের ও দণ্ডের টাকা।

১৮৭৭ সাল আপ্রিল মাস

চলিত মাসে মোট ... . ৮৪৯।/
গত বৎসরের সেই মাসে মোট ২০৭৯৶

১৮৭৭ সাল মে মাস।

চলিত মাসে মোট ১৩২৫৷৷১০
গত বৎসরের সেই মাসে মোট ... ... ১৪৩১।৶
১ আপ্রিল অবধি মে মাসের শেষ পর্য্যন্ত দুই মাস ২২০৪৮৵১০
গত বৎসরের সেই কালে ... ... ৩৫১০।/

১৮৭৭ সাল জুন মাস।

চলিত মাসে মোট ১৪২৪৶১০
গত বৎসরের সেই মাসে ... ... ১২৯১।৶
১আপ্রিল অবধি জুনের শেষ পর্য্যন্ত তিন মাস ৩৬২৯/
গত বৎসরের সেই কালে ... ... ৪৮০২৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

FEBRUARY 1878.

C. T. BUCKLAND, ESQ.

No. 1.

THE following revised register will supersede the existing registers Nos. 81 and 82, given at page 226 of the Board's Rules:—

Register (No. 81) of Excise Licenses.

1. Serial number of license; 2. Date of license and period to which it extends; 3. Locality of shop; 4. Name of vendor or licensee; 5. Amount of license fee; 6. Amount of fee paid in advance; 7. Quantity of exciseable article purchased by each vendor in each month of the year (a column to each month); 8. Remarks.

Note.—There should be a separate register for each article. This register is to be kept by a Sub-divisional officer when he is authorized to issue excise licenses.

2. District officers should indent upon the Superintendent of Stationery for a supply of form of the revised register, which should be used from the beginning of the coming official year.

No. 2.

UNDER Government instructions the rates of duty to be levied from the 1st April 1878 on Mowah, Choon, Goor, Dates and other fruits used in the distillation of country spirits, in the districts in which the system of taxing material obtains, are the following:—

	Rs.
Mowah	5
Choon	6
Goor	7
Dates and other fruits	5

These rates should be noted in Section XIII of the Board's Excise Rules in modification of the rates there mentioned.

[*Government Gazette*, 12*th March* 1878.]

১৮৭৮ সাল ফেব্রুয়ারি মাস।

শ্রীযুক্ত সি, টি, বকল্যাণ্ড সাহেব।

১ নম্বর

বোর্ডের বিধিপুস্তকের ৩৫০ পৃষ্ঠায় ৮১ ও ৮২ নম্বরের এইক্ষণকার রেজিষ্টরের পরিবর্ত্তে নিম্ন-লিখিত সংশোধিত রেজিষ্টর পাঠ করিতে হইবে।

